ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 24 June, 2024 ■ আগরতলা ২৪ জুন ২০২৪ ইং ■ ৯ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা










# হাসিনাকে শুভেচ্ছা উপহার হিসাবে আনারস পাঠালেন মুখ্যমন্ত্রী ডা: সাহা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা উপহার হিসেবে ত্রিপুরার সুস্বাদু কুইন আনারস পাঠালেন রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা। এদিন ৫০০ কেজি কুইন আনারস বাংলাদেশের প্রধানমন্ত্রীকে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন ত্রিপুরার হর্টিকালচারের অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর ড় দীপক বৈদ্য।



এদিন তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে ভারতের একটা সুসম্পর্ক রয়েছে। সব সময় চেষ্টা করা হয় যেন প্রতীক হিসেবে কিছু মাধ্যমে বিনিময়ের দ্বারা এই সুসম্পর্ক বজায় থাকে। রাজ্যের কুইন জাতীয় আনারস এমনই একটা মাধ্যম। জিআই ট্যাগ প্রাপ্ত এই আনারস বিশ্ব বিখ্যাত। রাজ্যের এই সুস্বাদু ফল শুভেচ্ছা হিসেবে প্রেরণের মাধ্যমেই দুই দেশের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় থাকবে বলে আশা প্রকাশ করেছেন তিনি।

এদিন তিনি আরো জানান , বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা উপহার হিসেবে ১০০ বাক্স কুইন আনারস বাংলাদেশে পাঠানো হয়েছে। প্রতিটি বাক্সে ৬ টি করে আনারস রয়েছে।

মোট ৫০০ কেজি আনারস পাঠানো হয়েছে। প্রতি আনারসের ওজন প্রায় ৭৫০ গ্রাম।

# পুনরায় নিট (ইউজি) পরীক্ষায় বসল ৮১৩জন, দেয়নি ৭৫০

**নয়াদিল্লি, ২৩ জুন (হি. স.)।।** রবিবার ফের হল সর্বভারতীয় মেডিকেল এন্ট্রান্স পরীক্ষা নিট-ইউজি। পরীক্ষায় বসেছেন ১৫৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৮১৩ জন। রবিবার পরীক্ষা শেষে এমনটাই জানিয়েছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)। এই তালিকায় রয়েছেন প্রথম দশে থাকা টপাররাও। দুপুর ২ টো থেকে শুরু হয়ে পরীক্ষা শেষ হয় বিকেল ৫.২০ পর্যন্ত। জানা গেছে, ফলপ্রকাশের সম্ভাব্য তারিখ ৩০ জুন।

উল্লেখ্য, প্রথম নিট পরীক্ষায় যাঁরা গ্রেস মার্কস পেয়েছেন তাঁরাই এই পরীক্ষায় বসার সুযোগ পেয়েছেন। প্রথম পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগে বিস্তর জলঘোলা হয় দেশজুড়ে। বিষয়টি গড়ায় সুপ্রিম কোর্ট পর্যন্ত। প্রশ্ন ফাঁস বা অন্যান্য ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে পরীক্ষা কেন্দ্রগুলিতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয় এদিন।

এদিকে আজ নিট ইউ জি পরীক্ষায় বসেনি ৭৫০ জন পরীক্ষার্থী। চন্ডিগড় থেকে দুইজন ছত্রিশগড় থেকে ৩১১ হরিয়ানা থেকে ২০৭ এবং মেঘালয় থেকে ২৩০ জন পরীক্ষা দেয়নি।

## কেউরেহাই পাবেনা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী

# নিট ইউজির তদন্ত শুরু করল সিবিআই

**নয়াদিল্লি, ২৩ জুন (হি.স.) ।।** নিট ইউজি-২০২৪ এন্ট্রান্স পরীক্ষায় পেপার ফাঁসের ঘটনায় এফআইআর দায়ের করল সিবিআই। রবিবার সিবিআই সূত্রে এমনটাই জানা গিয়েছে। সিবিআই রবিবার নিট-ইউজি পরীক্ষায় অনিয়মের অভিযোগের বিষয়ে একটি এফআইআর দায়ের করেছে। পরীক্ষায় অনিয়মের অভিযোগের তদন্ত এজেন্সির কাছে হস্তান্তর করার পরবর্তী দিনই এফআইআর দায়ের করা হল। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের একটি রেফারেন্সে সিবিআই অজ্ঞাত ☞ ৬ এর পাতায় দেখুন

# মনু নদী থেকে ময়নাতদন্ত করা মৃতহেব উদ্ধার ঘিরে চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৩ জুন।।** ঊনকোটি জেলার কৈলাসহরের মনু নদীতে অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির ভাসমান মৃতদেহ উদ্ধার হয়েছে। মৃতদেহটি ময়নাতদন্ত করা অবস্থায় নদী থেকে উদ্ধার হওয়ায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে পুনরায় ময়নাতদন্তের জন্য জেলা হাসপাতাল মর্গে পাঠিয়েছে। চন্ডিপুর ব্লকের কাউলিখুড়া ৫ নং ওয়ার্ড এলাকায় মনু নদীর জলের মধ্যে এক ব্যক্তির ভাসমান মৃতদেহ উদ্ধারকে ঘিরে তীব্র চাঞ্চল্য দেখা দিয়েছে গোটা এলাকায়।

ঘটনার বিবরণে জানা যায় রবিবার সকাল বেলা স্থানীয়রা ওই এলাকায় মনু নদীর জলের মধ্যে এক ব্যক্তির ভাসমান মৃতদেহ দেখতে পায় এলাকার জনগন। ঘটনার খবর পেয়ে ভিড় জমায় শত শত লোক। খবর পাঠানো হয় কৈলাসহর থানায়। ঘটনাস্থলে ছুটে যায় কৈলাসহর থানার ওসি শ্যামল কান্তি মজুমদার, সেকেন্ড অফিসার মিকেলা ডারলং এর নেতৃত্বে বিশাল পুলিশ ও টিএসআর বাহিনী। পাশাপাশি ঘটনাস্থলে ছুটে যায় উনকোটি জেলার অতিরিক্ত পুলিশ সুপার ভি ডারলং, মহকুমা পুলিশ আধিকারিক কমল দেববর্মা, কৈলাসহরের অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জামাতিয়া।

উনারা গিয়ে ঘটনার তদন্ত শুরু করেন। তবে এই মৃতদেহটি কোথা থেকে আসলো সেই বিষয়ে কিছু জানা যায়নি। পাশাপাশি মৃত ব্যক্তির পরিচয়ও পাওয়া যায়নি। এমনকি ওই এলাকায় কেউ নিখোঁজ নেই বলেও জানা যায়। পরবর্তী সময় সেই মৃতদেহটি ময়নাতদন্ত করার জন্য কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে পাঠানো ☞ ৬ এর পাতায় দেখুন

# মেয়র পদে থেকেও বিধায়ক হিসাবে দীপকের শপথ নিয়ে আইনি পথে হাঁটছে বামেরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** নবনির্বাচিত বিধায়ক দীপক মজুমদারের বিধায়ক পথ নিয়ে আইনি পথে হাঁটার হুঁশিয়ারি দিলেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। রবিবার এক সাংবাদিক সম্মেলনে এমনই জানিয়েছেন তিনি। এদিন সাংবাদিক সম্মেলনে জিতেন্দ্র চৌধুরী বলেন একটি সংবিধানিক পদ থেকে ইস্তফা না দিয়ে অন্য পদে দায়িত্বভার গ্রহণ করা যায় না। বিধায়ক দীপক মজুমদার একটি পথ থেকে ইস্তফা না দিয়েই বিধায়ক পদে শপথ নিয়েছেন। এই বিষয়ে আইনি দিক বিচার করা হবে বলে জানিয়েছেন তিনি।



এছাড়াও ঐদিনের সাংবাদিক সম্মেলনে সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে শাসকদলের বিরুদ্ধে দিয়েছেন বিরোধী দলনেতা। রাজ্যে কাজ এবং খাদ্যের চরম অভাব রয়েছে বলে দাবি করেছেন তিনি। পঞ্চায়েত নির্বাচনের আগেই তিনি বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন। গ্রাম পাহাড়ের মানুষের খুবই খারাপ অবস্থা। তাদের রুজি রুটিতে টান পড়েছে বলে জানান তিনি।

বিরোধী দলনেতা আরো বলেন, গ্রামে রেগার কাজ বন্ধ হয়ে আছে। আগের কাজের টাকাও বকেয়া রয়ে গেছে।

বিভিন্ন স্কুল বন্ধ করে দিয়ে অন্য স্কুলের সঙ্গে একত্রীকরণ করা হচ্ছে। যার ফলে ছাত্রছাত্রী থেকে শুরু করে সাধারণ মানুষ প্রত্যেকেই বিপাকে। এর বিরুদ্ধে সিপিআইএম দল প্রতিরোধ গড়ে তুলবে বলে হুঁশিয়ারি দেন তিনি এদিন।

এদিন বিদ্যাজ্যোতি বিদ্যালয়গুলির করুন অবস্থার কথাও তুলে ধরেন তিনি।

উনার কথায়, বিদ্যাজ্যোতি বিদ্যালয়গুলির ফলাফল থেকে এটা স্পষ্ট হয়েছে এই এই প্রকল্প ছাত্রছাত্রীদের স্বার্থে নয়। মাস পেরোলে মোটা অংকের টাকা ছাত্র-ছাত্রীদের কাছ থেকে আদায় করলেও বিদ্যালয় গুলিতে পরিষেবা নেই বললেই চলে। এমনই অভিযোগ করেন তিনি। এছাড়াও বেকার সমস্যা সহ বিভিন্ন সমসাময়িক সমস্যা নিয়ে এদিন অভিযোগ তোলেন বিরোধী দলনেতা।

পাশাপাশি পঞ্চায়েত নির্বাচনে শান্তিপূর্ণভাবে যেন সম্পন্ন হয় সেই বিষয়টি সুনিশ্চিত করার জন্য নির্বাচন দপ্তরের কাছে দাবি জানিয়েছেন তিনি।

# কল্যাণপুরে আন্ত্রিকের থাবা, ময়দানে বিধায়ক

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২৩ জুন।।** হঠাৎ করে জ্বর, বমি সহ পেটের অসুখ সংক্রান্ত সমস্যার প্রাদুর্ভাব হয় এলাকা জুড়ে। মুহূর্তের মধ্যে ১০ থেকে ১২ টা পরিবারের প্রায় ২৫ থেকে ৩০ জন অসুস্থ হয়ে পড়ে। এরপর তড়িঘড়ি হাসপাতাল মুখো হলে পরে আপাতত পরিস্থিতি সার্বিক নিয়ন্ত্রণে থাকলেও গোটা বিষয় যথেষ্ট আতঙ্ক তৈরি করেছে।



ঘটনাটি সংঘটিত হয়েছে কল্যাণপুরের শান্তিনগর গ্রামের আশ্রমপাড়ায়। জানা গেছে গতকাল রাত থেকেই সংশ্লিষ্ট এলাকায় প্রায় প্রতিটা বাড়িতেই উপরে উল্লেখিত সমস্যাগুলোর প্রাদুর্ভাব হতে শুরু হয়। এরপর একে একে হাসপাতালে ভর্তি হতে হতে শেষ সংবাদ পর্যন্ত প্রায় ২৫ থেকে ৩০ জন রোগী কল্যাণপুর কমিউনিটি হেলথ সেন্টারে চিকিৎসাধীন।

গোটা ঘটনার খবর পেয়ে হাসপাতালে ছুটে যান বিধায়ক পিনাকী দাস চৌধুরী। হাসপাতালে অবস্থানকালে বিধায়ক শ্রী দাস চৌধুরী হাসপাতালে যারা ভর্তি রয়েছে তাদের সাথে কথা বলেন পরিজনদের আশ্বস্ত করেন এবং সর্বোপরি চিকিৎসকসহ চিকিৎসা কর্মীদের কাছ থেকে গোটা বিষয়ে সম্পর্কে তথ্য সংগ্রহ করেন।

সংবাদমাধ্যমের সাথে কথা বলার সময় ☞ ৬ এর পাতায় দেখুন

# মহিলা সহ ৯ জন অনুপ্রবেশকারী বাংলাদেশি নাগরিক আটক



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** ফের আগরতলা বাধারঘাট রেলস্টেশনে ধরা পড়লো ৬ মহিলা সহ ৯ বাংলাদেশি। তারা বেআইনিভাবে আন্তর্জাতিক সীমান্ত অতিক্রম করে রাজ্যে প্রবেশ করে। শনিবার রাতে ওই অবৈধ বাংলাদেশী নাগরিকদের গ্রেফতার করা হয়।

আগরতলা রেল থানার ওসি তাপস দাস রবিবার সংবাদ মাধ্যমকে জানান, ধৃতরা হলো নিলুপা বেগম , জন্নতি আকতার, মিরাজ খান, আকাশ হাওলাদার, লিটন হাওলাদার, সালমা বেগম, রিপন প্রামাণিক, ইব্রাহিম আকুন্দ, এবং সুরভী আলী।

এই ৯ জন দিল্লি, বেঙ্গালুরু এবং গুজরাট যাওয়ার জন্য রেলস্টেশনে এসেছিল। রবিবার তাদের আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানিয়েছেন ওসি।

# জঙ্গল থেকে বৃদ্ধের মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** শহরের বুকে এক ব্যক্তির মধ্যে উদ্ধারের ঘটনায় চাঞ্চলও ছড়িয়েছে। রবিবার রাজধানীর ধলেশ্বর প্রান্তিক ক্লাব সংলগ্ন এলাকার স্কুল ঘরের পেছনের জঙ্গল থেকে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়। মৃত ব্যক্তির নাম চিত্তরঞ্জন দাস (৭০)। জানা গেছে ওনার দুই ছেলে চন্দ্রপুর এলাকায় ভাড়া থাকেন। কিন্তু তিনি তাদের সঙ্গে থাকতেন না। তিনি একাই থাকতেন, জঙ্গলের শাকসবজি বিক্রি করে সেই টাকায় নিজের খরচা চালাতেন। তবে প্রায় সময় ☞ ৬ এর পাতায় দেখুন

## মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপের দাবি জনতার

# জম্পুই পাহাড়ে ভূমিধসে জনজীবন বিপর্যস্ত

**নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ২৩ জুন।।** জম্পুই পাহাড়ে বসবাসকারী জনগণ জটিল সমস্যার সম্মুখীন হয়েছেন। বসতবাড়ি কৃষি জমি রাস্তাঘাট স্কুল ইত্যাদি ধ্বসে পড়তে শুরু করেছে। এক বছরেরও বেশি সময় ধরে এক ধরনের ঘটনা ঘটে চললেও প্রশাসনের তরফ থেকে কার্যকরী কোন পদক্ষেপ কিংবা ক্ষতিপূরণ দেওয়ার তেমন কোন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না বলে গুরুতর অভিযোগ উঠেছে। তাতে ক্ষোভে ফুসছেন বিস্তীর্ণ এলাকার জনগণ।

টানা বর্ষণে ভূমি ধসে তলিয়ে যাচ্ছে জম্পুই পাহাড়ের শতাব্দী প্রাচীন ত্যালক্সী গ্রাম। সড়ক নির্মাণে প্রযুক্তিগত ত্রুটির খেশারদ দিচ্ছে সাধারণ মানুষ।বসতবাড়ি হারিয়ে গ্রামবাসীদের জীবন এখন দুর্বিসহ অবস্থা। চলতি মরশুমে বর্ষার জলে ইতিমধ্যেই চোদ্দটি পরিবার সর্বশান্ত হয়েছেন।গ্রামের যোগাযোগের ব্যবস্থা এখন বিচ্ছিন্ন। নেই পানীয় জল। ভিলেজের ছাত্রছাত্রীদের জন্য একমাত্র শিক্ষা প্রতিষ্ঠানে পাকা বাড়িতে দেখা দিয়েছে ফাটল। কৃষি প্রধান ভিলেজের ব্যাপকভাবে ফসলের ক্ষতি হয়েছে। ধসে তলিয়ে গেছে বহু কৃষি জমি।গ্রামবসীদের এই করুন পরিনতিতে দেখা নেই প্রশাসনের। তাই অসহায় বাস্তহারাদের এই দুর্দিনে দীর্ঘ তালবাহনায় পর এবার দাবি আদায়ে মাঠে নামছে জম্পুই পাহাড়ের মিজো কনভেনশন।

রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে ত্যালাক্সী গ্রামের জন্য সাহায্য চেয়ে আবেদন করছেন জম্পুই পাহাড়ের মিজো সংগঠনের নেতৃবৃন্দ।

কিন্তু সমস্যা সমাধান না হলে এবার আদালতে যাওয়ার প্রস্তুতি নিচ্ছেন সংগঠনের সদস্যরা। উল্লেখ্য ,এনএইচআইডিসিএল কাঞ্চনপুর থেকে মনপুই পর্যন্ত এনএইচ ৪৪(বর্তমানে ১০৮)প্যাকেজ ত্রি সড়ক নির্মাণের ফলে জম্পুই পাহাড়ের ত্যালক্সী গ্রামে ভুমি ধস শুরু হয়।গত বছর থেকে প্রবল বর্ষণে ভুমি ধসে তলিয়ে যাচ্ছে জম্পুই পাহাড়ের এক সময়ে কমলা উৎপাদনে প্রসিদ্ধ শতাব্দী প্রাচীন ত্যালক্সী গ্রাম। ইতিমধ্যে ভূমি ধসের ফলে গ্রামের চৌদ্দটি ☞ ৬ এর পাতায় দেখুন




জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৫১ ▫ ২৪ জুন ২০২৪ ইং ▫ ৯ আষাঢ় ▫ সোমবার ▫ ১৪৩১ বঙ্গাব্দ

# ব্রাত্য যাত্রীসুরক্ষা !

গোটা দেশে ২ কোটি ৪০ লক্ষ মানুষ প্রতিদিন ট্রেনে চড়েন। এরমধ্যে ৬০ শতাংশই লোকাল কিংবা প্যাসেঞ্জার ট্রেনের যাত্রী। বন্দে ভারত, রাজধানী, শতাব্দী কিংবা দুরন্তর মতো ট্রেনে যাত্রার হার কত তাহা স্পষ্টভাবে কোথাও বলা না থাকিলেও তাহা যে ৫-৭ শতাংশের বেশি নয়, বলিয়াছেন রেলকর্তারাই। ফলে এত বিপুল সংখ্যক যাত্রীর সুরক্ষার কথা মাথায় রাখিয়া রেল কী ব্যবস্থা নিয়াছে, তাহা নিয়া প্রশ্ন উঠিয়িছে।রাঙ্গাপানির কাছে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনা দুটি বিষয় চোখে আঙুল দিয়ি দেখাইয়া দিয়াছে। এক, আধুনিক প্রযুক্তি থাকা সত্ত্বেও সিগন্যালিং ব্যবস্থায় বড়সড়ো ত্রুটি। দুই, দুর্ঘটনা রোধে কবচ নিয়া রেলমন্ত্রীর কচকচানিই সার। বাস্তবে যে সেসব কিছুই হয়নি, তাহা প্রমাণিত। সেইজন্যই তো ঘটনাস্থলে আসিয়া প্রশ্নবাণে জর্জরিত হইয়া মিনিট পাঁচেকের মধ্যে ফিরিয়া যাইতে হইয়াছে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবকে। আর এই সমস্ত কিছুকে ধামাচাপা দিতে গিয়া কার্যত তালগোল পাঠাইয়া ফেলিয়াছে রেল। প্রথম থেকেই মৃত চালকের ওপর 'দোষ' চাপাইয়া দিয়া অন্য সব তত্ত্ব থেকে মুখ ঘুরাইয়া দেওয়ার চেষ্টা করিয়াছেন রেলবোর্ডের চেয়ারপার্সন জয়া ভার্মা সিনহা। কিন্তু সাংবাদিকদের সামনে কার্যত অসহায় রেলমন্ত্রী আবার 'সবটাই তদন্তসাপেক্ষ' বলিয়া এড়াইয়া যাইতে চাহিয়াছেন। আশ্চর্যের বিষয় হইল, মন্ত্রী ফিরিয়া যাওয়ার পর রেল অবশ্য চেয়ারপার্সনের দাবিকেই অকাট্য করিয়া অভিযোগ সাজানোর চেষ্টা করিয়াছে। অথচ যাঁহার নাম করিয়া অভিযোগ করা হইয়াছে, সেই তরুণী চৈতালি মজুমদার এমন অভিযোগ করেননি বলে বয়ান দিয়া ফেলিয়াছেন। ফলে রেলের দায় লুকোনোর 'নাটক' এখন খুল্লমখুল্লা হইয়া উঠিয়াছে জনসাধারণের কাছে।রাষ্ট্রীয় রেল সুরক্ষা কোষাগার থেকে ২০২৩-'২৪ অর্থবর্ষে উত্তর-পূর্ব সীমান্ত রেলকে ৩৩৬ কোটি টাকা সুরক্ষা খাতে বরাদ্দ হইয়াছিল। কিন্তু সেই টাকা কাজে লাগেনি। দেড় বছর আগে অর্থ বরাদ্দ

হইলেও অজানা কোনও কারণে এই জোনের কোনও ট্রেনেই বসানো যায়নি কবচ বা অ্যান্টি কলিশন ডিভাইস। রেলের ইঞ্জিনিয়াররা বলিয়াছেন, অ্যান্টি কলিশন ডিভাইস থাকিলে এধরনের দুর্ঘটনা এড়ানো যাইত। বন্দে ভারতের পেছনে শুধু টাকা খরচ না করিয়া রেল বোর্ড কেন এদিকে নজর দিতেছে না, সেই প্রশ্ন তাঁহাদেরও।অমৃত ভারত প্রকল্পে ছোট স্টেশনগুলোর মানোন্নয়নে নজর দেওয়ার কথা বলিয়াছে রেলমন্ত্রক। শুরু হইয়াছে উন্নয়নের কর্মযজ্ঞ। কিন্তু যাত্রীসুরক্ষার স্বার্থে ন্যূনতম কোচ বদলের ভাবনাটুকুও আসেনি রেলকর্তাদের মাথায়। তাহা উপেক্ষিতই থাকিয়া গিয়াছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলে প্রতিদিন গড়ে আড়াইশোরও বেশি ট্রেন চলাচল করে। এরমধ্যে মাত্র এখানে ৬০টি ট্রেনে রহিয়াছে এলএইচবি কোচ। বাকিগুলি হয় বাতিল আইসিএফ কোচ ,নয়তো ধ্যাড়ধেড়ে পুরোনো এলএইচবি কোচ দিয়া জোড়াতালি দিয়া চলিয়াছে। ২০২২ সালের দোমোহনি হোক বা হালের রাঙ্গাপানি- দুটি ক্ষেত্রেই দুর্ঘটনার কবলে পড়িয়াছিল মান্ধাতা আমলের আইসিএফ কোচগুলি।যেখানে একটি বন্দে ভারত তৈরি করিতে সরকারের খরচ হইতেছে ১০৫ কোটি, সেখানে আইসিএফ কোচ বদলে অপেক্ষকৃত উন্নতমানের এলএইচবি কোচ দিতে কত টাকা খরচ হইত, সেই প্রশ্ন তুলিতে শুরু করিয়াছে আমজনতা।

২০১৬-'১৭ সালে কেন্দ্রীয় সরকার ট্রেন দুর্ঘটনা কমাইয়া শূন্যে আনিবার সংকল্প নিয়াছিল, যাহার পোশাকি নাম দেওয়া হইয়াছিল 'জিরো অ্যাক্সিডেন্ট মিশন'। তাৎপর্যপূর্ণভাবে ২০১৭ সাল থেকে ২০২৪ সালের চলতি মাস পর্যন্ত দেশে বড় ও মাঝারি মিলাইয়া ৪৭টি ট্রেন দুর্ঘটনা ঘটিয়াছে। অধিকাংশ ক্ষেত্রেই প্রাণহানি হইয়াছে। এত মৃত্যু, এত লাশ, এত রক্ত। প্রাণগুলো হয়তো খুব তুচ্ছ নেতা-মন্ত্রী কিংবা রেলকর্তাদের কাছে। তাই তো শুধু এক পলকের একটু দেখায় কিংবা ক্ষতিপূরণে 'জান' কিনিতে চান তাঁহারা। আর তাহাতেই ম্লান হইয়া পড়ে যাত্রীসুরক্ষা।

## মোদীজির নেতৃত্বে বিশ্বের প্রতিটি কোণে পৌঁছেছে যোগ : জে পি নাড্ডা

নয়াদিল্লি, ২৩ জুন (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিশ্বের প্রতিটি কোণে পৌঁছেছে যোগ। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা। তিনি বলেছেন, 'আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে আমি যমুনা স্পোর্টস কমপ্লেক্সে যোগ অনুরাগীদের সঙ্গে যোগব্যায়াম করার সুযোগ পেয়েছি। এতে আনন্দিত।'

শুক্রবার সমগ্র দেশ তথা বিশ্বে অত্যন্ত উৎসাহের সঙ্গে পালিত হয়েছেন আন্তর্জাতিক যোগ দিবস। এদিন সকালে দিল্লির যমুনা স্পোর্টস কমপ্লেক্সে যোগাভ্যাস করেন কেন্দ্রীয় ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা। নিজে যোগাভ্যাস করেন এবং অন্যদেরও তিনি উৎসাহিত করেন।

## বিশ্বে সুস্থতা ও সুখ নিয়ে এসেছে যোগ : এস জয়শঙ্কর

নয়াদিল্লি, ২৩ জুন (হি.স.): বিশ্বে সুস্থতা ও সুখ নিয়ে এসেছে যোগ। জোর দিয়ে বললেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। তাঁর কথায়, যোগ বিশ্বজুড়ে একটি অনুপ্রেরণা, যোগের প্রতি উৎসাহ ও সচেতনতা তৈরি হয়েছে। শুক্রবার সকালে দিল্লিতে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এবং অন্যান্য কূটনীতিকরা আন্তর্জাতিক যোগ দিবসে যোগব্যায়াম করেছেন। নানা ধরনের যোগ অনুশীলন করেন জয়শঙ্কর।

পরে তিনি বলেছেন, যোগ বিশ্বজুড়ে একটি অনুপ্রেরণা, যোগের প্রতি উৎসাহ ও সচেতনতা তৈরি হয়েছে। অনেক রাষ্ট্রদূত এবং বিদেশ মন্ত্রকের সহকর্মীরা যোগ অনুশীলনে আমাদের সঙ্গে যোগ দিয়েছেন, তাতে আমি খুব খুশি হয়েছি...গত ১০ বছরে আমরা অনেক দূর এগিয়েছি। আমরা দেখতে পাচ্ছি, যোগব্যায়াম বিশ্বে কতটা সুস্থতা এবং সুখ নিয়ে এসেছে।'

## শিমলায় বাস দুর্ঘটনায় চালক-সহ মৃত ৪, গুরুতর আহত ৭ জন

শিমলা, ২৩ জুন (হি.স.): হিমাচল প্রদেশের শিমলা জেলায় ভয়াবহ এক বাস দুর্ঘটনায় প্রাণ হারালেন ৪ জন। নিহতদের মধ্যে দুর্ঘটনাগ্রস্ত বাসের চালক ও কন্ডাক্টরও রয়েছেন, এই দুর্ঘটনায় আহত হয়েছেন আরও ৭ জন। শুক্রবার সকাল ৬.৪৫ মিনিট নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে শিমলা জেলার জুব্বালের চোরি কেঞ্চি এলাকায়। পুলিশ জানিয়েছে, হিমাচল রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনের একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে গভীর খাদে পড়ে যায়। দুর্ঘটনায় বাসের চালক ও কন্ডাক্টর-সহ ৪ জনের মৃত্যু হয়েছে ও ৭ জন আহত হয়েছেন।

পুলিশ জানিয়েছে, কুড্ডু-দিলতারি রুটের বাসটি গন্তব্যে যাচ্ছিল, চালক নিয়ন্ত্রণ হারানোর ফলে পাহাড়ি রাস্তা থেকে গভীর খাদে পড়ে যায় বাসটি। খাদে পড়ে যাওয়ার পর বাসটি উল্টে যায়। দুর্ঘটনস্থলেই মৃত্যু হয় দু""জনের। হাসপাতালে নিয়ে যাওয়ার পর চালক ও কন্ডাক্টরের মৃত্যু হয়। নিহতরা হলেন - করম দাস (চালক), রাকেশ কুমার (কন্ডাক্টর), বিরমা দেবী ও ধ্যন সিং, এই দু""জন নেপালের নাগরিক।

# অণুজীবের বিশ্ব

অণুজীবকে পৃথিবীর সব জীবনের ভিত্তি বলা যেতে পারে। আমরা যে বাতাসে শ্বাস নিই, যে মাটির ওপর নির্ভর করি কৃষি কাজের জন্য, যে পানীয় পান করি, যে প্রক্রিয়ায় খাদ্য পরিপাক করিমোট কথা মানুষের বেঁচে থাকার জন্য যা যা প্রয়োজন, তার সবই অণুজীবের কার্যকলাপের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত। পৃথিবীর সব জায়গায় রয়েছে অণুজীব। এই অণুজীবরা মানুষের ত্বকের পৃষ্ঠ থেকে বায়ুমণ্ডলের ট্রপোস্ফিয়ার এবং গভীর সমুদ্রপৃষ্ঠের হাইড্রোথার্মাল ভেন্ট পর্যন্ত বিস্তৃত।

সৃষ্টির শুরু থেকেই মানুষ জেনে বা না জেনে এই ক্ষুদ্রাতিক্ষুদ্র জীব থেকে নানা ধরনের উপকার পেয়ে আসছে। অতীতে মানুষ এ উপকারকে জাদু বলে মনে করত। আঙ্গুর থেকে কীভাবে ওয়াইন হয়, গম থেকে কীভাবে বিয়ার হয়, কিংবা দুধ থেকে কীভাবে পনির হয়এই তিনটি গুরুত্বপূর্ণ অণুজীবঘটিত প্রক্রিয়া সম্পর্কে আঠারো শতকের মানুষ ছিল অজ্ঞাত। এ নিয়ে তাদের মনে কোনো প্রশ্ন তৈরি হয়নি।

১৬৬৫ সালে ইতালিয়ান বিজ্ঞানী জিরোলামো ফ্রাকাস্টোর 'থিওরি অব কন্টেজিয়াস ডিজিজ'তত্ত্ব প্রস্তাব করেন। এতে অণুজীব গঠিত প্রক্রিয়া বুঝতে সুবিধা হয়। সেই ধারাবাহিকতায় ডাচ বিজ্ঞানী অ্যান্টনি ভন লিউয়েনহুক এবং ইংরেজ বিজ্ঞানী রবার্ট হুককে তাঁদের যুগান্তকারী কাজের জন্য অণুজীববিজ্ঞানের স্থপতি বলা হয়। ১৬৬৫ থেকে ১৬৭৮ সালের মধ্যে রবার্ট হুক প্রথম অণুজীবের চিত্র উপস্থাপন করেন। এতে অনুপ্রাণিত হয়ে লিউয়েনহুক প্রথম অণুবীক্ষণ যন্ত্রের নিচে জীবন্ত অণুজীব পর্যবেক্ষণ করতে শুরু করেন। যদিও এই আশ্চর্যজনক সাফল্য তাৎক্ষণিক সমসাময়িক মানুষজন সহজভাবে গ্রহণ করতে পারেনি। কারণ তখন অনেকেই স্পন্টেনিয়াস জেনারেশন তত্ত্বে বিশ্বাসী ছিল। এ ধারণা বলে, অজৈব বস্তু থেকে স্বতঃস্ফূর্তভাবে জীব তৈরি হয়।

মানুষের ৯০ শতাংশ রোগব্যাধি কোনো না কোনোভাবে অন্ত্রস্থ অণুজীবের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত।

অনেক চড়াই- উৎরাই পেরিয়ে সত্যিকার অর্থে অণুজীববিজ্ঞানের যাত্রা শুরু হতে প্রায় ১৫০ বছর লেগেছে। আর অণুজীববিজ্ঞানের এই অগ্রযাত্রার জন্য লুই পাস্তুর, এডওয়ার্ড জেনার, আলেকজান্ডার ফ্লেমিংসহ অনান্যদের আন্তরিক সাধুবাদ জানানো প্রয়োজন। কারণ তাঁরা অণুজীবকে আমাদের প্রাত্যহিক জীবনের অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে প্রতিষ্ঠিত করে গেছেন।

গত ১০০ বছরে অণুজীববিজ্ঞানের অভাবণীয় অগ্রগতি হয়েছে। বিজ্ঞানীরা এখন ক্রিসপার- ক্যাস ৯-এর মতো পদ্ধতি সম্পর্কে জেনেছেন। নিপুণভাবে অণুজীবকে পরিবর্তন করে দুরারোগ্য রোগব্যাধি,যেমন ক্যান্সার নিরাময়ে কীভাবে ব্যবহার করতে হয়, কীভাবে স্বল্প সময়ে অধিক নিত্য ব্যবহার্য শিল্পসামগ্রী উৎপাদন করতে হয় এবং কীভাবে শিল্পবর্জ্য দূষণ নিরাময় করতে হয়,এগুলো তাঁরা এখন জানেন। মানব ইতিহাসের অন্যতম একটি মাইলফলক হলো ২০০৭ সালে যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইনস্টিটিউট অব হেলথের শুরু করা দ্য হিউম্যান মাইক্রোবায়োম প্রজেক্ট। মানবদেহের ভেতরে ও বাইরে বিভিন্ন অণুজীব সম্পর্কে জানা এবং সে সব অণুজীবের মানবস্বাস্থ্য ও রোগে প্রত্যক্ষ বা পরোক্ষ ভূমিকা দেখাই এই প্রকল্পের উদ্দেশ্য। অবাক করা বিষয় হলো, মানবদেহের নিজস্ব কোষের তুলনায় অণুজীবের সংখ্যা অনেক বেশি। এর অনুপাত ১০: ১। আরও অবাক করার বিষয়, এই অণুজীবের ৯৫ শতাংশের আবাস্থল মানুষের অন্ত্র। এ থেকেই অনুমেয়, মানুষের স্বাস্থ্য ও রোগে অণুজীবের ভূমিকা কতটা গুরুত্বপূর্ণ।

মানুষের ৯০ শতাংশ রোগব্যাধি কোনো না কোনোভাবে অন্ত্রস্থ অণুজীবের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত। নিউ ইয়র্ক টাইমস-এর কলামিস্ট ও লেখক কার্ল জিমারের আ প্লানেট অব ভাইরাস পড়লে অনুধাবন করা যায়, এইচআইভি, মার্স ও ইবোলার মতো আণুবীক্ষণিক ক্ষুদ্রাতিক্ষুদ্র অণুজীবের রয়েছে পৃথিবী পাল্টে দেওয়ার ক্ষমতা। কোভিড ১৯ মহামারি তার উৎকৃষ্ট প্রমাণ। যদিও অণুজীব মানেই জীবাণু নয়, যা সবসময় রোগব্যাধি সৃষ্টি করে। ১৯ শতকে গুটিবসন্তের টিকা আবিষ্কার এবং বিশ শতকের শুরুতে পেনিসিলিন অ্যান্টিবায়োটিক আবিষ্কার ওষুধ শিল্পে অণুজীব ব্যবহারের প্রাথমিক অগ্রগতি বলা যেতে পারে।

বর্তমানে বিজ্ঞানীরা বিভিন্ন ধরণের অতি সহনশীল অণুজীব ব্যবহার করে পরবর্তী প্রজন্মের শিল্প-জীব প্রযুক্তি উদ্ভাবন করে চলেছেন।

বর্তমানে সহস্র অণুজীবঘটিত যৌগ আবিষ্কৃত হয়েছে, যা বহুলভাবে অ্যান্টিভাইরাল, অ্যান্টিবায়োটিক এবং অ্যান্টিফাংগাল ড্রাগ হিসেবে বিশ্বব্যাপী ব্যবহৃত হচ্ছে। এ ছাড়াও অণুজীবভিত্তিক সাপ্লিমেন্ট অ্যান্টিবায়োটিক ব্যবহারের ফলে রোগ নিরাময়ে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। ফলে যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন ২০২৩ সালের শুরুর দিকে প্রথম সেবনযোগ্য অণুজীবভিত্তিক সাপ্লিমেন্ট '-১৯' অনুমোদন দিয়েছে। এটি ক্লোস্টিডায়োডেস ডিফসাইল ব্যাকটেরিয়া-সৃষ্ট ডায়রিয়া নিরাময়ে কাজ করে।

চিকিৎসাবিজ্ঞান ছাড়াও প্রকৃতিতে অণুজীবের অস্তিত্ব ও ভূমিকা অতুলনীয়। অণুজীবরা প্রাকৃতিক বাস্তুসংস্থান ও জৈবরাসায়নিক চক্রের অবিচ্ছেদ্য অংশ। এগুলো বায়ুমণ্ডলে অক্সিজেন ত্যাগ করে ও ক্ষতিকর গ্রিন হাউস গ্যাস শোষণ করে, উদ্ভিদের বৃদ্ধি ও বেড়ে ওঠার জন্য প্রয়োজনীয় উপাদান নাইট্রোজেন সরবরাহ করে এবং মৃত জৈব-সামগ্রী প্রক্রিয়াজাত করে নতুন জীবন বিকাশে পুষ্টি সরবরাহের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ ছাড়াও বর্তমানে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় টেকসই পরবর্তী প্রজন্মের জীবাশ্ম জ্বালানি উৎপাদনে সালোকসংশ্লেষী অণুজীবযেমন ক্ষুদ্র শৈবাল ও সায়ানোব্যাকটেরিয়াব্যবহৃত হচ্ছে।

শিল্পক্ষেত্রেও অণুজীবের ব্যবহার উল্লেখযোগ্য। বিভিন্ন খাদ্যদ্রব্য, যেমন পাউরুটি, দই, পনির, প্রক্রিয়াজাত মাংস, এনজাইম ও পানীয় ইত্যাদি উৎপাদনে অণুজীব ও তাদের বিভিন্ন জৈব রাসায়নিক বিক্রিয়া প্রভাবক হিসেবে কাজ করে।

বর্তমানে বিজ্ঞানীরা বিভিন্ন ধরণের অতি সহনশীল অণুজীব ব্যবহার করে পরবর্তী প্রজন্মের শিল্প-জীব প্রযুক্তি উদ্ভাবন করে চলেছেন। আর অতি সহনশীল অণুজীবের একটি উল্লেখযোগ্য প্রয়োগক্ষেত্র হচ্ছে, আকরিক থেকে বিভিন্ন অণুজীবঘটিত জৈবরাসায়নিক প্রক্রিয়ায় মূল্যবান ধাতু, যেমন কপার, সোনা ও ইউরেনিয়াম আহরণ করা। এটি বায়োমাইনিং নামে পরিচিত। বিশ্বের সবচেয়ে বড় কপার বায়োমাইনিং কোম্পানি বায়োসিগমা। এতে চিলির আতাকামা মরুভূমি থেকে পাওয়া আকরিক থেকে অতি সহনশীল অণুজীব ব্যবহারের মাধ্যমে কপার উৎপাদন করা হয়। এ জন্য ব্যবহৃত হয় অ্যাসিডোথিওব্যাসিলাস ফেরোক্সিডানস এবং থিওব্যাসিলাস ফেরোক্সিডানস। একুশ শতকের সবচেয়ে বড় বিজ্ঞানভিত্তিক উদ্যোগগুলোর একটা হলো, বহির্জাগতিক প্রাণের সন্ধান করা। এলিয়েন সভ্যতার সূত্র খোঁজার জন্য জ্যোতির্বিজ্ঞানীরা রাতের আকাশে রেডিও টেলিস্কোপ ব্যবহার করেন।

বর্তমানে বিশ্বের ২০ শতাংশ কপার উৎপাদন করা হয় বায়োমাইনিং প্রক্রিয়ার মাধ্যমে। শুধু তাই নয়, শুনতে অবিশ্বাস্য মনে হলেও সত্যি, মহাকাশবিজ্ঞানীরা বায়োমাইনিং প্রযুক্তির মাধ্যমে মহাশূন্যে গ্রহাণুপুঞ্জ বা ভিনগ্রহ থেকে বিরল মৃত্তিকা মৌল আহরণের চিন্তাও করছেন। ২০১৯ সালে ইউরোপীয় মহাকাশ সংস্থা ইসা আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে 'বায়োরক' নামে একটি পরীক্ষণের মাধ্যমে প্রমাণ করেছেন, স্ফিঙ্গোমোনাস ডেসিকাবিলিস নামের একধরনের ব্যাকটেরিয়া চাঁদ ও মঙ্গল গ্রহে ব্যাসাল্ট থেকে বিরল মৃত্তিকা মৌল আহরণ করতে পারে।

একুশ শতকের সবচেয়ে বড় বিজ্ঞানভিত্তিক উদ্যোগগুলোর একটা হলো, বহির্জাগতিক প্রাণের সন্ধান করা। এলিয়েন সভ্যতার সূত্র খোঁজার জন্য জ্যোতির্বিজ্ঞানীরা রাতের আকাশে রেডিও টেলিস্কোপ ব্যবহার করেন। কিন্তু অণুজীববিজ্ঞান কি অন্যান্য গ্রহ, গ্রহাণু কিংবা গভীর মহাকাশে জীবন বা প্রাণের অস্তিত্ব সম্পর্কে বলতে বা ধারণা দিতে পারে? বিজ্ঞানীরা ধারণা করেছেন, অতি সহনশীল বা এক্সট্রিমোফিলিক অণুজীবরা পৃথিবীতে বিভিন্ন চরমভাবাপন্ন পরিবেশে যেভাবে নিজেদের অভিযোজিত করে বেঁচে থাকে, তা অনেকটা ভিনগ্রহের চরমভাবাপন্ন পরিবেশের মতো। অদূর ভবিষ্যতে এটি বহির্জাগতিক প্রাণের অনুসন্ধানের খোরাক হতে পারে কিংবা এমন কোনো বহির্বিশ্বের সন্ধান দিতে পারে, যেখানে আগে প্রাণের অস্তিত্ব ছিল।

উদাহরণস্বরূপ, অ্যান্টার্কটিকা মহাদেশের লেক ভস্টকে বিজ্ঞানীরা বিভিন্ন অণুজীবের ক্রিয়াকলাপ আবিষ্কার করেছেন। এটা অনেকটা বৃহস্পতির চাঁদ ইউরোপার মতো হিমশীতল ও অলিগোট্রপিক পরিবেশের সমতুল্য। অন্যদিকে আগ্নেয়গিরির উত্তপ্ত উষ্ণ স্রোতে হাইপারথার্মোফিলিকের মতো অতি সহনশীল অণুজীব অবিষ্কার আমাদের প্রতিবেশী মঙ্গলগ্রহের অনুরূপ পরিবেশের সঙ্গে সাদৃশ্যপূর্ণ। ওদিকে শনির চাঁদ টাইটানে অ্যামোনিয়া ও মিথেন সমৃদ্ধ বায়ুমণ্ডল রয়েছে। তাত্ত্বিকভাবে বৈদ্যুতিক আধানযুক্ত পরিবেশে অ্যামোনিয়াম ও মিথেন একত্রিত হয়ে জৈব যৌগ গঠন করতে পারে এবং গভীর সাগরের তলদেশের উষ্ণ স্রোতে অনুরূপ এক্সট্রিমোফিলিক অণুজীব এই মিথেনসমৃদ্ধ পরিবেশে বেঁচে থাকতে পারে। মঙ্গলের মাটির মতো একই রকম উপাদান দিয়ে তৈরি মাধ্যমে (ইংরেজিতে বলে মিডিয়াম, গবেষণাগারে অণুজীব চাষের জন্য তৈরি বিশেষ বৃদ্ধিবর্ধক খাবার) এ মিথানোজেনস চাষ করে যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব আরকানসাসের একদল বিজ্ঞানী প্রাথমিকভাবে দেখিয়েছেন, মঙ্গলের মাটিতে প্রাণ বা জীবনের অস্তিত্ব থাকতে পারে। প্রাণ বা জীবনের সঙ্গে অণুজীবের বন্ধন অবিচ্ছেদ্য। তাই বলা যায়, অণুজীবের মাধ্যমে জীবনের উৎপত্তি, বিকাশ এবং অণুজীবের মাধ্যমেই জীবনের বিনাশ।

# পিরামিড তৈরির যে রহস্য আজো অজানা

পৃথিবীর সপ্তমাশ্চর্যের কথা ভাবলে প্রথমেই আসে মিশরের পিরামিডের নাম। প্রায় সাড়ে চার হাজার বছর আগে নির্মাণ করা এই বিস্ময়কর স্থাপনার কাঠামো এবং নির্মাণশৈলীর রহস্য নিয়ে আগ্রহের কমতি নেই। ভিনগ্রহ থেকে আসা কোনো এলিয়েন স্থাপনাগুলো বানিয়েছিল কিংবা শস্য সংরক্ষণের জন্য ফারাওরা এগুলো তৈরি করেছিল, এমন নানা ধারণা প্রচলিত আছে পিরামিডকে ঘিরে। আসলেই কেন তৈরি করা হয়েছিল পিরামিড- তা নিয়ে দীর্ঘ সময় ধরে চলছে বৈজ্ঞানিক গবেষণা। আর তাতে সাহায্য করেছে সাহারার শুষ্ক জলবায়ুতে সুরক্ষিত প্রাচীনকালের মিশরীয়দের লেখা, নির্মাণের মতো নানা প্রমাণ। পিরামিড মূলত সমাধিক্ষেত্র। প্রাচীন মিশরের শাসনকর্তা ফারাওদের মৃত্যুর পর তাদের সমাহিত করা হতো এই বিশাল সমাধিক্ষেত্রে।

প্রায় কয়েক দশক ধরে হাজার হাজার শ্রমিকদের দিয়ে এটি নির্মাণ করা হয়েছিল। কিন্তু প্রশ্ন আসে ফারাওরা কেন এই স্থাপনা নির্মাণে এত সময় ও অর্থ ব্যয় করেছিল? মূলত প্রাচীন মিশরীয় সমাজে পরকালের ধারণা প্রচলিত ছিল। সেই বিশ্বাসকে কেন্দ্র করেই এই বিরাট আকারের সমাধিক্ষেত্র নির্মাণ করা হয়।

সত্যিই কি তুরস্কে নূহের নৌকার সন্ধান পাওয়া গেছে?

ন্যাশনাল জিওগ্রাফিকে প্রকাশিত এক প্রবন্ধের তথ্যমতে, মিশরীয়রা বিশ্বাস করত যতদিন ফারাওদের দেহ রক্ষা করা যাবে ততদিন তারা স্বর্গে বাস করবে।

তবে তার জন্য পৃথিবী থেকে পরকালের যাবার সময় 'আত্মা'র নির্বিঘ্ন যাত্রা নিশ্চিত করা জরুরি ছিল। এই আত্মাকে তারা ডাকত 'কা' বলে। এই 'কা' বেঁচে থাকার জন্য প্রসাদ আকারে খাবার, বিশ্রামের জন্য বিছানাসহ কিছু ব্যবস্থার দরকার ছিল বলে তারা মনে করত। আর সে কারণেই প্রয়োজন পড়ে পিরামিডের।

প্রাচীন মিশরীয়রা বিশ্বাস করত, পিরামিডের ভেতরে ফারাওদের 'কা' বেঁচে থাকত। আর তাই ফারাওদের শরীর মমীকরণ করা হতো। তারা এটাও বিশ্বাস করত যে পরপারের যাত্রার জন্য জাগতিক সব ধরনের জিনিসই প্রয়োজন হবে 'কা'র। তাই ফারাওদের মৃতদেহের সঙ্গে প্রয়োজন মতো ধন-সম্পদ দিয়ে দেওয়া হতো।

হার্ভার্ড ইউনিভার্সিটির মিশরবিদ পিটার ডার ম্যানুয়েলিয়ান বলেন, 'অনেকেই আধুনিক অর্থে জায়গাটিকে কেবল একটি সমাধিক্ষেত্র হিসেবে মনে করেন, কিন্তু এটি তার চেয়ে অনেক বেশি কিছু।' 'এই সুসজ্জিত সমাধিগুলোতে প্রাচীন মিশরীয় জীবনের প্রতিটি দিকের বিস্ময়কর উপস্থাপন রয়েছে- তাই এটি কেবল মিশরীয়রা কীভাবে মারা গিয়েছিল তা-ই নয় বরং তারা কীভাবে বেঁচে ছিল সেটাও বলে।' পিরামিড নির্মাণের শুরু পিরামিড নির্মাণের আগে মিশরীয়দের কবর দেওয়ার পদ্ধতি ভিন্ন ছিল। তখন সমাধি দেওয়া হতো চারকোনা ছোট আকৃতির ঘরে, যার নাম ছিল 'মাস্তাবা'।

জাদুঘর ও গবেষণা প্রতিষ্ঠান স্মিথসোনিয়ান ইনস্টিটিউশনের ওয়েবসাইটে প্রাচীন মিশর নিয়ে প্রকাশিত এক প্রবন্ধে এর উল্লেখ রয়েছে। এতে বলা হয়েছে, খ্রিস্টপূর্ব ২৭৮০ অব্দের দিকে ধাপে ধাপে উঠে যাওয়া আকৃতির পিরামিড নির্মাণের জন্য একটির ওপর আরেকটি— এভাবে ছয়টি ধাপে প্রথম পিরামিড নির্মাণ করা হয়েছিল।

জোসের নামের একজন ফারাওয়ের জন্য নির্মাণ করা এই পিরামিডের কোনাগুলো মসৃণ না হলেও এটাকেই প্রথম সত্যিকারের পিরামিড হিসেবে ধরা হয়।

প্রচলিত আছে, এই সমাধির নকশাকারের নাম ছিল ইমহোতেপ। তাকেই পিরামিডের প্রথম নকশাকার হিসেবে ধরা হয়। প্রথম পিরামিড নির্মাণের পর পরবর্তী ফারাওরা আরও ভালো এবং বড় আকারের পিরামিড নির্মাণ শুরু করেন। পিরামিডের কথা বললে প্রথমেই যে ছবি ভেসে ওঠে তা হলো মিশরের গিজার গ্রেট পিরামিড। ৪৫০ ফুট বা ১৩৯ মিটারের বেশি উচ্চতার এই পিরামিড 'খুফুর পিরামিড' নামেও পরিচিত। কায়রোর উপকণ্ঠ গিজায় অবস্থিত তিনটি পিরামিডের মধ্যে এটিই সবচেয়ে পুরাতন এবং বড়। তবে নির্মাণের সময় খুফুর পিরামিড আরও কিছুটা উঁচু ছিল বলে ধারণা করা হয়। প্রায় ৬০ টন ওজনের ৩০ থেকে ৪০ ফুট দৈর্ঘ্যের বিশাল আকৃতির ২০ লাখ পাথর খণ্ড দিয়ে নির্মিত এই পিরামিডটি তিন হাজার বছরেরও বেশি সময় আগে তৈরি করা হয়েছিল। দেশটিতে ১০০'র বেশি পিরামিড অক্ষত থাকলেও এই পিরামিডটিই সবচেয়ে জনপ্রিয়। বিশাল আকৃতির এই কাঠামোর মাত্র কয়েকটি কক্ষেই প্রবেশ করা যায়।

এর মধ্যে উল্লেখযোগ্য হলো ৪৭ মিটার দীর্ঘ ও আট মিটার উঁচু গ্র্যান্ড গ্যালারি। ধারণা করা হয়, খ্রিস্টপূর্ব ২৫০৯ থেকে ২৪৮৩ অব্দের মধ্যে ফারাও খুফুর শাসনামলে এটি নির্মাণ করা হয়েছিল। পরে খাফ্রে এবং মেনকাউরে এর পাশে আরও দু'টি পিরামিড নির্মাণ করেন।

গবেষণার জন্য প্রসিদ্ধ যুক্তরাজ্যের পেনসিলভানিয়া স্টেট বিশ্ববিদ্যালয়ের ওয়বসাইটে প্রকাশিত এক প্রবন্ধে ক্লাসিকস অ্যান্ড এনশিয়েন্ট মিডেটারিয়ান স্টাডিজের অধ্যাপক ডোনাল্ড রেডফোর্ডের বরাত দিয়ে পিরামিড নির্মাণ বিষয়ে আলোচনা করা হয়েছে। সেখানে বলা হয়েছে ২০ থেকে ৩০ হাজার কারিগর নিয়ে ২৩ বছরেরও কম সময়ে গিজার পিরামিড নির্মাণ করা হয়েছে।

অথচ পারিসের নটর ডেম ক্যাথেড্রাল তৈরিতে সময় লেগেছিল ২০০ বছরেরও বেশি। অধ্যাপক রেডফোর্ডের মতে পিরামিড নির্মাণকারীদের মধ্যে অনেকেই ছিলেন কৃষক। 'পিরামিডে কাজ করা কৃষকদের ট্যাক্স বিরতি দেওয়া হতো এবং তাদের 'শহরে' নেওয়ার পর আশ্রয়, খাদ্য এবং পোশাক দেওয়া হতো', বলেন তিনি। 'পিরামিড কারা বানিয়েছিল' এই প্রশ্নের দীর্ঘ সময় ধরে প্রচলিত উত্তর ছিল 'দাস'।

ধারণা করা হতো বিভিন্ন জায়গা থেকে মানুষকে ধরে এনে 'নির্দয়' ফারাওরা দাস বানিয়ে তাদের দিয়ে পিরামিড নির্মাণ করাত। আর এই ধারণার শুরু জুডিও-খ্রিস্টান ধারণা থেকে। পরে এটি জনপ্রিয়তা পায় সিসিল বি. ডি মিলের 'দ্য টেন কমান্ডমেন্টস'র মতো হলিউড সিনেমার হাত ধরে। কিন্তু পিরামিডের দেয়ালে আঁকা ছবিগুলো থেকে ভিন্ন তথ্য উঠে এসেছে। এ নিয়ে হার্ভার্ড বিশ্ববিদ্যালয় থেকে স্বাধীনভাবে প্রকাশিত হার্ভার্ড ম্যাগাজিনে জনাথন শ' প্রত্নতত্ত্ববিদ মার্ক লেহনারের দীর্ঘ অভিজ্ঞতা তুলে ধরেছেন। 'পিরামিড দাসরা বানিয়েছিল' প্রচলিত এই ভুল ধারণার বিপরীতে যুক্তি তুলে ধরেছেন তিনি।

মার্ক লেহনারের পিরামিড নির্মাণকারীদের বসবাসের শহর খুঁজে পাওয়ার বিষয়টি উল্লেখ করে লেখাটিতে পিরামিডের কারিগরদের জীবনযাপনের বেশ কয়েকটি দিক তুলে ধরা হয়েছে। বিশেষ করে তারা সেখানে যে ধরনের খাবার খেতেন তা থেকে বোঝা যায় দাস বা সাধারণ কর্মী না, তারা ছিলেন 'দক্ষ কারিগর'। বিংশ শতাব্দীর গোড়ার দিকে অ্যামেরিকান প্রত্নতত্ত্ববিদ জর্জ রিনজার পিরামিডের দেয়ালে আঁকা গ্রাফিতি দেখতে পান, যেখানে পিরামিড নির্মাণকারীদের 'খুফুর বন্ধু' হিসেবে উল্লেখ করা হয়েছে।

লেহনারের ধারণা, মিশরীয় সমাজ কিছুটা সামন্ততান্ত্রিক ব্যবস্থায় পরিচালিত হতো, যেখানে প্রায় প্রত্যেকেই শাসকের সেবা করতেন। মিশরীয়রা একে বলত 'বাক'। সামাজিক শ্রেণিবিন্যাসে তাদের উপরে থাকা লোকদের কোনো না কোনোভাবে 'বাক' দিতে হতো। 'কিন্তু এটা আসলে দাসত্ব হিসেবে বিবেচ্য হতো না।' 'এমনকি উচ্চপদস্থ কর্মকর্তাদেরও 'বাক' দিতে হতো'। পিরামিড নির্মাণের খরচ অনেক বেশি হয়ে যাওয়ায় ফারাওরা শেষ পর্যন্ত ওল্ড কিংডম বা প্রাচীন সাম্রাজ্যের শেষের দিকে পিরামিড নির্মাণ বন্ধ করে দেয়। এছাড়া বিরাট আকারের পিরামিডগুলোতে ধন-সম্পদ পাওয়া যাবার কারণে মিশরীয়রা নিজেরাই সেগুলো লুট করে নিত। পরে পিরামিড তৈরির বদলে ভ্যালি অব কিংসের গোপন সমাধিক্ষেত্রে ফারাওদের সমাহিত করা হতো।

পিরামিড কি শস্যের গুদাম ছিল?

পিরামিড নির্মাণের প্রচলিত ধারণার মধ্যে একটি ছিল শস্যের গুদাম হিসেবে এর ব্যবহার।

ওল্ড টেস্টামেন্ট অনুযায়ী, জোসেফকে তার ভাইয়েরা দাস হিসেবে বিক্রি করে দেয় এবং পরে ফারাওয়ের স্বপ্নের ব্যাখ্যার পর গুদামে খাদ্য সংরক্ষণ করে সাত বছরের দুর্ভিক্ষের হাত থেকে মিশরীয়দের বাঁচায়। বাইবেলে পিরামিডের কোনো উল্লেখ না থাকলেও মধ্যযুগের বিভিন্ন গল্পে এর উল্লেখ রয়েছে।

ষষ্ঠ শতাব্দীর ফ্রাঙ্কিশ বিশপ সেন্ট গ্রেগরি অফ ট্যুরসও এই ধারণা জনপ্রিয় করতে ভূমিকা রেখেছিলেন।

জন ম্যান্ডেভিলের ১৪ শতকের জনপ্রিয় ভ্রমণ স্মৃতিকথায় 'জোসেফের গুদাম ঘরের উল্লেখ করেন, যেখানে কঠিন সময়ের জন্য গম সংরক্ষণের' বিষয়ে তিনি লিখে গেছেন।

কিন্তু রেনেসাঁর সময় থেকে যখন এ নিয়ে আরও ব্যাপক গবেষণা শুরু হয়, তখনই এই ধারণা প্রশ্নবিদ্ধ হয়।

'এখন অবশ্যই আমরা জানি যে পিরামিডগুলো মূলত সমাধি কক্ষ ছিল- যদিও সেটা অনেকগুলো বিষয়ের একটি। পিরামিডের স্থাপত্যে এর আগের এবং পরের সময়ের কাঠামো, ভেতরের সুড়ঙ্গপথ এবং সেখানকার জায়গার কার্যকারিতা থেকে মিশরের পরবর্তী সময়কে বোঝা যেতে পারে,' বলেন ইয়েল বিশ্ববিদ্যালয়ের মিশরবিদ অধ্যাপক জন ডার্নেল।

পিরামিডের ভেতরের প্রধান উপাদান পাথর ও ইট উল্লেখ করে তিনি বলেন, 'স্বাভাবিকভাবেই সেখানে শস্যের জন্য খুব বেশি জায়গা থাকবে না এবং একইসঙ্গে এটি শক্তি ও প্রকৌশলের বিশাল অপচয় হবে'।

পিরামিড তৈরির রহস্য

কীভাবে পিরামিড তৈরি হয়েছিল, কেন তৈরি করা হয়েছিল আর কতদিন ধরেই বা তৈরি করা হয়েছিল পিরামিড? এই সব প্রশ্নের উত্তর খুঁজতেই বছরের পর বছর পার করে ফেলছেন বিজ্ঞানীরা। আজ থেকে প্রায় ৪৭০০ বছর আগে নির্মিত হলেও তা বিজ্ঞানীদের মাথা ঘোরাচ্ছে এখনো। কীভাবে মিশরীয়রা এই অদ্ভুত সুন্দর, রহস্যময় জিনিস তৈরি করল? ঘুরে ফিরে একই প্রশ্ন জট পাকাচ্ছে।

প্রাচীন মিশরীয় সভ্যতার অনেক কিছুই পিরামিডের মধ্যে লিখিত রয়েছে। তাদের জীবনযাত্রা, সংস্কৃতি, সমাজ সবকিছুই গিজার পিরামিডের দেয়ালে ছবি আকারে বা হায়রোগ্লিফিক বর্ণে লিপিবদ্ধ। এখান থেকেই অতীতের মিশর সম্পর্কে ধারণা পেয়েছেন বিজ্ঞানীরা। প্রাচীন মিশরকে জানার জন্য বিজ্ঞানীদের কাছে এর থেকে বড় উৎস আর কিছু হতে পারেনা।

তবে একটি বিষয়ে মিশরীয়রা বরাবরই চুপ থেকেছে। সেটি হলো কীভাবে পিরামিড তৈরি হলো? এ বিষয়ে কোথাও স্পষ্ট করে কোনো প্রমাণ তারা রেখে যায়নি। এটি এমন এক রহস্য যা হাজার বছর ধরে ইতিহাসবিদদের ভাবিয়েছে। অনেক বছরের বিতর্কের পর কিছুটা আঁচ করতে পেরেছেন প্রত্নতত্ত্ববিদরা। তবে তা সবই প্রায় অনুমান নির্ভর। আজো রহস্যে ঘেরা আজো রহস্যে ঘেরা সবচেয়ে অবাক করা বিষয় হলো, পিরামিড তৈরির জন্য মিশরের মরুভূমিতে পাথর কীভাবে আনা হয়েছিল? যেখানে এককেটি পাথরের ওজন প্রায় ৯০ টন। এত বিশাল পাথরগুলো কীভাবে দূর থেকে নিয়ে আসা হয়েছিল? গবেষকরা ধারণা করেন, হয়তো বা আদি মিশরীয়রা এগুলোকে মরুভূমির মধ্য দিয়ে টেনে নিয়ে আসেন। যদিও তখন কোনো চাকার মতো স্লেজজাতীয় গাড়ি সেখানে ব্যবহৃত হতো না।

গবেষকরা অনুমান করেন, হয়তো গাছের শাখা কেটে সেগুলোতে রেখে টেনে নিয়ে এসেছে। মোটামুটি ছোটো বা মাঝারি আকৃতির পাথরের ব্লকের ক্ষেত্রে ব্যাপারটা এরকম ব্যাখ্যা করা যায়। তবে বড় আকৃতির কিছু পাথরের ক্ষেত্রে বিষয়টি একেবারেই অসম্ভব! তবে এই থিওরির আদৌ কোনো প্রমাণ আসলে নেই। অন্যদিকে চিত্রকর্ম থেকেও পাথর টানার কোনো হদিস মেলেনি।

এরপরের প্রশ্ন, এত ভারী পাথর নিরবচ্ছিন্নভাবে পিরামিডের উপরে তোলা হয়েছিল কীভাবে? প্রাচীন গ্রিক ইতিহাসবিদের মধ্যে যারা জন্মগ্রহণ করেন পিরামিড নির্মাণের শেষকালে তাদের ধারণা ছিল, মিশরীয়রা এক্ষেত্রে ঢালু কোনো তল ব্যবহার করত। যেটা সিঁড়ির মতো, একে বলা হতো র‍্যাম্প। তবে গবেষকরা দেয়ালের ভেতর বাতাসের জন্য ভেন্টিলেশনের ব্যবস্থা দেখে ভাবলেন, যদি র‍্যাম্পই ব্যবহার হবে তাহলে তা ছিল ভেতরের দিকে তাই বাহিরে সেটার অস্তিত্ব প্রমাণের মেলেনি। তাছাড়া প্রাচীন শস্যভাণ্ডারগুলো ছোট মৌচাক আকৃতির ছিল বলেও জানান তিনি। একই সঙ্গে জোসেফের গল্পটি সম্ভবত মিশরের মধ্য সাম্রাজ্যের সময়ের, যা কিনা গিজার পিরামিড তৈরির কয়েক শতাব্দী পরে বলেও উল্লেখ করেন অধ্যাপক ডার্নেল।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামীলীগের সকল নেতা-কর্মী ঐক্যবদ্ধ



মনির হোসেন,ঢাকা,জুন ২৩।। বাংলাদেশ জাতীয় সংসদের নির্বাচনী এলাকা নারায়ণগঞ্জ-৩ তথা সোনারগাঁ আসনের সংসদ সদস্য আবদুল্লাহ আল কায়সার হাসনাত বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামীলীগের সকল নেতা-কর্মী ঐক্যবদ্ধ আছে। তিনি বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের ওপর বারবার আঘাত এসেছে। খণ্ড-বিখণ্ড করা হয়েছে। বারবার এ দলকে নিশ্চিহ্ন করার চেষ্টা হয়েছিল। কিন্তু এ সংগঠনের কেউ ক্ষতি করতে পারেনি। তিনি বলেন, আওয়ামী লীগের মূল শক্তি হচ্ছে দেশের জনগণ, তৃণমূলের মানুষ, আওয়ামী লীগের অগণিত নেতাকর্মী, মুজিব আদর্শের সৈনিক। এ সৈনিকরা কখনও পরাজয় মানে না, মাথা নত করে না। আজ মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে সোনারগাঁ উপজেলা আওয়ামীলীগের সকল নেতা-কর্মী ঐক্যবদ্ধ আছে এবং থাকবে ইনশাআল্লাহ।

রবিবার সকালে বাংলাদেশের নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁয়ে পতাকা উত্তোলন, আনন্দর‍্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে বাংলাদেশ আওয়ামী লীগরে ৭৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সভায় উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি ইঞ্জিনিয়ার মাসুদুর রহমান মাসুমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই।

উপজেলা আওয়ামী লীগরে যুগ্ম সাধারণ সম্পাদক মো. আলী হায়দারের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, নারায়ণগঞ্জ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এডভোকেট আবু হাসনাত মো. শহীদ বাদল ও প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও নারায়ণগঞ্জ-৩ (সোনারগাঁ) আসনের সংসদ সদস্য আব্দুল্লাহ আল কায়সার হাসনাত।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আরিফ মাসুদ বাবু, যুগ্ম সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম নান্নু, সাংগঠনিক সম্পাদক হাজী সোহাগ রনি, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক বীর মুক্তিযোদ্ধা মো. সোহেল রানা, প্রচার সম্পাদক মোস্তফা কামাল নিলু, সহ দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম বাবু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম রবিন, উপজেলা আওয়ামী যুবলীগের সাংগঠনিক সম্পাদক আবু সাঈদ,উপজেলা ছাত্রলীগের সভাপতি রাশেদুল ইসলাম রাসেল, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাগর প্রমুখ। এসময় ছাত্রলীগ, যুবলীগ, শ্রমিক লীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগসহ উপজেলা আওয়ামী লীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে দলীয় কার্যালয় থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি আওয়ামী লীগের কার্যালয়ের সামনে থেকে মোগরাপাড়া চৌরাস্তার ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক প্রদক্ষিণ করে দোয়া ও মোনাজাতের মাধ্যমে শেষ করা হয়।

# বাংলাদেশ আজ বিশ্ব দরবারে রোল মডেল :শেখ হাসিনা



মনির হোসেন,ঢাকা,জুন ২৩।। বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ আজ বিশ্বদরবারে রোল মডেল হিসেবে স্বীকৃতি পেয়েছে। বিশ্বে আজ মাথা উঁচু করে চলার সুযোগ সৃষ্টি হয়েছে। কাজেই এটাকে (আস্থা-বিশ্বাস) ধরে রেখেই আমাদের সামনের দিকে এগিয়ে যেতে হবে। বাংলাদেশের মানুষের সব অর্জন আওয়ামী লীগের নেতৃত্বে হয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ গণমানুষের সংগঠন, জনগণের অধিকার আদায়ের সংগঠন, জনগণের আর্থসামাজিক উন্নতি করার সংগঠন। কাজেই বারবার আঘাত এলেও এ সংগঠনের কেউ ক্ষতি করতে পারেনি। ফিনিক্স পাখির মত্যে যেমন পুড়িয়ে ফেলার পরও ভস্ম থেকে জেগে উঠে, আওয়ামী লীগও সেভাবে জেগে উঠেছে।

রবিবার (২৩ জুন) রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। আওয়ামী লীগের সভাপতি বলেন, আওয়ামী লীগের ওপর বারবার আঘাত এসেছে।

খণ্ড-বিখণ্ড করা হয়েছে। বারবার এ দলকে নিশ্চিহ্ন করার চেষ্টা হয়েছিল। সেই আইয়ুব খানের মার্শাল ল থেকে শুরু;তবু এ সংগঠনের কেউ ক্ষতি করতে পারেনি।

শেখ হাসিনা বলেন, খুব বেশি দিনের কথা নয়, ২০০৭ সালে চেষ্টা করা হয়েছিল আওয়ামী লীগকে নিশ্চিহ্ন করে দিয়ে কিংস পার্টি গড়ে তুলবে, সেটাও সফল হয়নি। কারণ আওয়ামী লীগের মূল শক্তি হচ্ছে দেশের জনগণ, তৃণমূলের মানুষ, আওয়ামী লীগের অগণিত নেতাকর্মী, মুজিব আদর্শের সৈনিক। এ সৈনিকরা কখনও পরাজয় মানে না; মাথা নত করে না।

আওয়ামী লীগ জনগণের শক্তিকে বিশ্বাস করে উল্লেখ করে সরকারপ্রধান বলেন, ১৯৯৬ সালে সরকারে এসে আমরা অনেক দূর এগিয়েছিলাম। কাজ করেছি। বাংলাদেশের মানুষ প্রথম উপলব্ধি করেছিল একটি দলের কাজ হলো জনগণের সেবা করা। আওয়ামী লীগকে আরও সুসংগঠিত ও শক্তিশালী সংগঠন হিসেবে গড়ে তুলতে নেতাকর্মীদের আহ্বান জানিয়ে দলটির সভাপতি শেখ হাসিনা বলেন, আমার একটাই আবেদন থাকবে আমাদের সংগঠনের প্রতিটি নেতাকর্মীর কাছে, সংগঠনকে সুসংগঠিত করতে হবে। যেকোনও একজন রাজনীতিবিদের জীবনে সংগঠনটা হচ্ছে সবচেয়ে শক্তিশালী। যদি সংগঠন শক্তিশালী হয় আর দেশের গণমানুষের সমর্থন পাওয়া যায়, যতই ষড়যন্ত্র হোক।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য দেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। আওয়ামী লীগের এই প্লাটিনাম জয়ন্তীর অনুষ্ঠানে অন্যদের মধ্যে জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের, ১৪ দলের কেন্দ্রীয় নেতারা, বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিকরাসহ দেশি-বিদেশি আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এ সময় জাতীয় সংগীত পরিবেশন করা হয়। পরে শেখ হাসিনা ও ওবায়দুল কাদের পায়রা ও বেলুন অবমুক্ত করেন। এরপর বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। সাংস্কৃতিক পর্ব পরিচালনা করেন আওয়ামী লীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক অসীম কুমার উকিল। শুরুতে পরিবেশন করা হয় আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকীর থিম সং।

পরে বাংলাদেশের ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতি তুলে ধরে নাচ ও গান পরিবেশন করা হয়। আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ব্যানার-ফেস্টুন, প্ল্যাকার্ড নিয়ে ঢাকঢোলের তালে নেচে-গেয়ে সোহরাওয়ার্দী উদ্যানে আসেন অনেক নেতাকর্মী। সোহরাওয়ার্দী উদ্যান ও আশপাশের এলাকায় উৎসবের আমেজ তৈরি হয়।

## উইম্বলডন থেকে বাদ পড়লেন অ্যান্ডি মারে

লন্ডন, ২৩ জুন (হি.স.): মেরুদণ্ডের সিস্টে অপারেশনের পর প্রাক্তন বিশ্ব নং ১ অ্যান্ডি মারে এবারের উইম্বলডন থেকে বাদ পড়েছেন। সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্স -এ এক বিবৃতিতে, পুরুষদের টেনিসের নিয়ন্ত্রক সংস্থা বলেছে, 'অ্যান্ডি মারে অস্ত্রোপচারের পর উইম্বলডন থেকে বেরিয়ে গেছেন।

৩৭ বছর বয়সী মারে অল ইংল্যান্ড ক্লাবে খেলে বিদায় নিতে চেয়েছিলেন, যেখানে তিনি দুইবারের চ্যাম্পিয়ন। উইম্বলডন ১ জুলাই থেকে চলবে ১৪ জুলাই পর্যন্ত।

## ২৫ জুন মহমেডান ম্যাচ দিয়ে শুরু কলকাতা লিগ

কলকাতা, ২৩ জুন (হি.স.): রবিবার কলকাতা ফুটবল লিগের সূচি প্রকাশ করল আইএফএ। আগামী ২৫ জুন কলকাতা লিগের প্রিমিয়র ডিভিশনের খেলা শুরু। প্রথম দিনই মাঠে নামছে মহমেডান স্পোর্টিং ক্লাব। প্রতিপক্ষ ওয়াড়ি অ্যাথলেটিক ক্লাব।

ইস্টবেঙ্গলের প্রথম ম্যাচ টালিগঞ্জ অগ্রগামীর বিরুদ্ধে ৩০ জুন। আর মোহনবাগানের প্রথম ম্যাচ ২ জুলাই, ভবানীপুর ক্লাবের বিপক্ষে। ১৩ই জুলাই শনিবার কলকাতা লিগের ডার্বি, মুখোমুখি মোহনবাগান-ইস্টবেঙ্গল, ম্যাচের ভেনু এখনও নির্ধারিত হয়নি।

## কোপা আমেরিকা: জামাইকার বিরুদ্ধে মেক্সিকোর কষ্টার্জিত জয়

নিউইয়র্ক, ২৩ জুন (হি.স.): ব্রাজিল-আর্জেন্টিনা ও উরুগুয়ের পর কোপা আমেরিকার অন্যতম ফেভারিট নিঃসন্দেহে মেক্সিকো। আর তারা রবিবার টুর্নামেন্টে নিজেদের প্রথম ম্যাচে জয় দিয়েই অভিযান শুরু করলেও জয়টা এসেছে খুবই কষ্টার্জিতভাবে। জেরার্দো আর্তিয়েগার একমাত্র গোলে জামাইকাকে হারাল মেক্সিকো। ম্যাচের শুরু থেকেই দাপটের সঙ্গে খেলেছিল মেক্সিকো। কিন্তু জামাইকার ডিফেন্স মেক্সিকোকে চাপে ফেলে দিয়েছিল। মুহুর্মুহু আক্রমণে করলেও গোলের মুখ খুলতে পারছিল না মেক্সিকো। জামাইকার গোলকিপার লেমবিকিসাও দারুণ কিছু সেভ করেন।

## সূরজ রেভান্নার ১৪ দিনের জেল হেফাজত, ৬ জুলাই পরবর্তী শুনানি

বেঙ্গালুরু, ২৩ জুন (হি. স.): লোকসভা নির্বাচনের মাঝেই গ্রেফতার হন জেডিএস নেতা তথা প্রাক্তন সাংসদ প্রজ্বল রেভান্না। তাঁর বিরুদ্ধে ধর্ষণ এবং যৌনতার ভিডিয়ো টেপ বানানোর অভিযোগ রয়েছে। এবার যৌন হেনস্থার অভিযোগে গ্রেফতার হলেন প্রজ্বল রেভান্নার ভাইও।

যৌন হেনস্থা মামলায় গ্রেফতার করা হল জনতা দল (সেকুলার)-র নেতা তথা বিধান পরিষদের সদস্য সূরজ রেভান্নাকে। দলের এক পুরুষ কর্মীকে যৌন হেনস্থার অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে।

কর্নাটক পুলিশের তরফে জানানো হয়েছে, জেডি(এস)-এর এক কর্মীর অভিযোগের ভিত্তিতেই সূরজ রেভান্নাকে গ্রেফতার করা হয়েছে।

রবিবার সূরজকে বেঙ্গালুরু বিশেষ আদালতে পেশ করা হয়। পরে আইনজীবী নিখিল ডি কামাত বলেছেন, জেডি(এস) এমএলসি এবং এইচডি রেভান্নার ছেলে সূরজ রেভান্নাকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়েছে। আগামীকাল সিআইডি হেফাজতের জন্য আদালতে যাওয়ার সম্ভাবনা রয়েছে। শুনানির পরবর্তী তারিখ ৬ জুলাই। সূরজ রেভান্নার বিরুদ্ধে গতকাল হোলেনরাসিপুর গ্রামীণ পিএস-এ আইপিসির ৩৭৭, ৩৪২, ৫০৬ নম্বর ধারায় এফআইআর দায়ের করা হয়েছে।

অভিযোগকারী চেথান অভিযোগ করেছেন, ১৬ জুন সুরজ রেভান্না তাকে যৌন হয়রানি করেছিলেন।

## কোপা আমেরিকা: ১০ জনের ইকুয়েডরকে হারাল ভেনেজুয়েলা

নিউইয়র্ক, ২৩ জুন (হি.স.): কোপা আমেরিকায় গ্রুপ 'বি'-এর ম্যাচে রবিবার সকালে ইকুয়েডরের মুখোমুখি হয়েছিল ভেনেজুয়েলা। এই ম্যাচে ২-১ গোলে ১০ জনের ইকুয়েডরকে হারিয়ে দিয়েছে ফের্নান্দো বাতিস্তার দল ভেনেজুয়েলা। ভেনেজুয়েলার গোল করেন জন্ডার কার্ডিজ এবং এডওয়ার্ড বেলো। আর ইকুয়েডরের হয়ে গোল করেন জেরেমি সারমিন্তো। দল হিসেবে ভেনেজুয়েলার চেয়ে অনেক এগিয়ে ইকুয়েডর। ১-০ এগিয়েও এগিয়ে গিয়েছিল তারা। তবে দুর্দান্ত ভাবে ম্যাচে ফিরে ২-১ গোলে জয় ছিনিয়ে নেয় ভেনেজুয়েলা। আসলে ম্যাচের ২২ মিনিটে ইকুয়েডর ১০ জন হয়ে যাওয়ায় চেপে বসে ভেনেজুয়েলা। ইকুয়েডরের ইনার ভেলেন্সিয়া লালকার্ড দেখে মাঠ ছাড়েন। ১০ জনের দল নিয়েও ৪০ মিনিটের মাথায় লিড নিয়েছিল ইকুয়েডরই। গোল করেন জেরেমি সারমিন্তো। বিরতির পর ১০ জনের ইকুয়েডরকে চেপে ধরে ভেনেজুয়েলা। এই অর্ধে আক্রমণের ঝাঁজ বাড়িয়ে ৬৪ মিনিটে ভেনেজুয়েলা সমতা ফেরায়। গোল করেন জন্ডার কাডিচ। গোলের ১০ মিনিট পরেই আবার গোল করে ২-১ গোলে এগিয়ে যায় ভেনেজুয়েলা। গোল করেন এডওয়ার্ড বেলোর। শেষ পর্যন্ত আর সমতা ফেরাতে পারেনি ইকুয়েডর।

## জম্মু ও কাশ্মীরে সন্ত্রাস শেষ নিঃশ্বাস নিচ্ছে, আত্মবিশ্বাসী মনোজ সিনহা

রিয়াসি, ২৩ জুন (হি.স.): জম্মু ও কাশ্মীরে সন্ত্রাস শেষ নিঃশ্বাস নিচ্ছে এবং আমাদের প্রতিবেশী, যা সন্ত্রাসের রফতানিকারক, এ জন্য মরিয়া হয়ে উঠেছে। রবিবার এই মন্তব্য করলেন জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা। তিনি বলেছেন, সাম্প্রতিক সন্ত্রাসী কর্মকাণ্ড আমাদের শত্রুর হতাশার লক্ষণ। আমাদের লক্ষ্য সন্ত্রাসবাদ সম্পূর্ণ নির্মূল করা। আমাদের অবশ্যই সন্ত্রাসীদের এবং তাদের সহযোগীদের খুঁজে বের করতে হবে, যারা তাদের আশ্রয় দিচ্ছে।

জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা রবিবার এসটিসি তালওয়ারাতে জম্মু ও কাশ্মীর পুলিশের ১৬-তম বেসিক রিক্রুটমেন্ট ট্রেনিং কোর্স ব্যাচের পাসিং আউট প্যারেডে অংশ নেন। এখানেই তিনি বলেন, জম্মু ও কাশ্মীরে সন্ত্রাস শেষ নিঃশ্বাস নিচ্ছে। তিনি আরও বলেন, যদি ভার্চুয়াল জগতে আপত্তিকর বিষয়বস্তু পরিবেশন করা হয়, তবে তা সামাজিক এবং প্রশাসনিক কাঠামোকে প্রভাবিত করে... যদি একটি এলাকায় ৫-১০ জন অপরাধী থাকে, তবে তাদের মোকাবেলা করা কঠিন নয়। যাইহোক, ভার্চুয়াল জগতে যে পূর্ব-পরিকল্পিত প্রচার চালানো হচ্ছে তা আইনশৃঙ্খলার জন্য একটি চ্যালেঞ্জ।

**NOTICE INVITING TENDERS**

College of Agriculture, Tripura invites offline tenders for Renovation of Polyhouse at College of Agriculture, Tripura, Lembucherra, West Tripura. The bid document is available in the webpage of College of Agriculture, Tripura, http://coatripura.ac.in/. Last Date and time of submission of the tender is 7th day from the date of publication of this NIT in local daily upto 03.00 hrs IST (Indian Standard Time) at College of Agriculture, Tripura only.

**100/C/395/24**

**Sd/-**
**(Prof. Debashish Sen)**
**Principal**
**College of Agriculture, Tripura**
**Lembucherra, West Tripura**

## হিন্দুর পরিচয় ভাঁড়িয়ে ঘুরছিল বাংলাদেশি মুসলিম! বাংলার মাদ্রাসা-যোগ নিয়ে বিস্ফোরক অভিযোগ বিজেপির

কলকাতা, ২৩ জুন (হি. স.): বাংলাদেশ থেকে অনুপ্রবেশ ও পশ্চিমবঙ্গের মাদ্রাসার যোগ তুলে এবার বিস্ফোরক অভিযোগ আনলো বিজেপি। গুজরাট পুলিশের জালে ধরা পড়েছে এক বাংলাদেশি নাগরিক। গুজরাটের পুলিশ প্রতিমন্ত্রী হর্ষ সাংভি এক্স হ্যান্ডেলে রবিবার প্রথম বিষয়টি তুলে ধরেন। সুরাট পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপের হাতে ধরা পড়েছে ওই বাংলাদেশি মুসলিম।

গুজরাটের পুলিশ প্রতিমন্ত্রীর দাবি, পশ্চিমবঙ্গ সরকারের সহায়তায় চলা মাদ্রাসার সাহায্য নিয়ে ওই ব্যক্তি ধর্মীয় পরিচয় জাল করেছিল। মাদ্রাসার থেকে পাওয়া ভুয়ো শংসাপত্র ব্যবহার করেই হিন্দু নাম ভাঁড়িয়ে জাল নথিপত্র বানিয়েছিল ওই বাংলাদেশি মুসলিম। গুজরাটের প্রতিমন্ত্রী আরও লিখেছেন, শেষ বাজেটে পশ্চিমবঙ্গ সরকার মাদ্রাসাগুলির জন্য ৫ হাজার ৫৩০ কোটি টাকা অনুমোদন দিয়েছে।

বঙ্গ বিজেপির সভাপতি সুকান্ত মজুমদারও বিষয়টি নিয়ে সরব হয়েছেন। এক্স হ্যান্ডেলে সুকান্ত অভিযোগের সুর আরও চড়িয়ে লিখেছেন, "বাংলাদেশি মুসলিমদের হিন্দু করার নথিপত্রের জন্য ব্যবহার করা হচ্ছে বাংলার মাদ্রাসাগুলিকে। মাদ্রাসাগুলির জন্য পশ্চিমবঙ্গ সরকারের ৫ হাজার ৫৩০ কোটি টাকা বাজেট অনুমোদন নিয়ে প্রশ্ন উঠছে। এতে কি তাহলে রাজ্য সরকারের সমর্থন রয়েছে?" নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। সূত্রের খবর, গুজরাটে ধৃত ওই বাংলাদেশি ব্যক্তির আসল নাম মিনার হিমায়াত সর্দার। কিন্তু নথিপত্র জাল করে সে হয়ে গিয়েছে শুভ দাস। বাংলাদেশি অনুপ্রবেশকারীর সঙ্গে পশ্চিমবঙ্গের মাদ্রাসার এই যোগের অভিযোগটি গুজরাটের পুলিশ প্রতিমন্ত্রী হর্ষ সাংভি এক্স হ্যান্ডেলে পোস্ট করতেই শোরগোল পড়ে গিয়েছে রাজনৈতিক মহলে। যদিও এই নিয়ে এখনও পর্যন্ত তৃণমূলের তরফে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

## ঝাড়খণ্ড সরকার দেশের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত, এ বার সরকার গড়বে বিজেপি : শিবরাজ

রাঁচি, ২৩ জুন (হি.স.): ঝাড়খণ্ডের জেএমএম সরকারকে তীব্র আক্রমণ করলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান। তাঁর কথায়, ঝাড়খণ্ড সরকার দেশের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত, এ বার রাজ্যে সরকার গড়বে বিজেপি।

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান রবিবার এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, ঝাড়খণ্ড সরকার দুর্নীতিগ্রস্ত এবং নির্বাচনের সময় দেওয়া প্রতিশ্রুতি পূরণ করেনি।

ঝাড়খণ্ডের আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য দলের প্রস্তুতির কথা উল্লেখ করে শিবরাজ সিং চৌহান বলেছেন, ঝাড়খণ্ডকে খারাপ শাসন থেকে মুক্ত করার লক্ষ্যে আলোচনা হয়েছে। ঝাড়খণ্ডে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য বিজেপির কর্মপরিকল্পনার কথা বলতে গিয়ে চৌহান বলেন, 'এখন আমরা চাই ঝাড়খণ্ডকে খারাপ শাসন থেকে মুক্ত করা হোক। এই বিষয়ে, আমরা দীর্ঘ আলোচনা ও বৈঠক করেছি।' ২০২৪ সালের লোকসভা নির্বাচনের ফলাফল সম্পর্কে বলতে গিয়ে, শিবরাজ বলেছেন, 'এটি গণতন্ত্র যেখানে আমরা কিছু আসন জিতেছি এবং কিছু হারাতে পারি। তবে সামগ্রিকভাবে, বিজেপি সর্বোচ্চ ভোটের শতাংশের সাথে সর্বাধিক ভোট শেয়ার অর্জন করেছে।'

## পুনরায় নিট ইউজি-র পরীক্ষায় বসল ৮১৩ পরীক্ষার্থী, জানালো এনটিএ

নয়াদিল্লি, ২৩ জুন (হি. স.): রবিবার ফের হল সর্বভারতীয় মেডিকেল এন্ট্রান্স পরীক্ষা নিট-ইউজি। পরীক্ষায় বসেছেন ১৫৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৮১৩ জন। রবিবার পরীক্ষা শেষে এমনটাই জানিয়েছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)। এই তালিকায় রয়েছেন প্রথম দশে থাকা টপাররাও। দুপুর ২ টো থেকে শুরু হয়ে পরীক্ষা শেষ হয় বিকেল ৫.২০ পর্যন্ত। জানা গেছে, ফলপ্রকাশের সম্ভাব্য তারিখ ৩০ জুন।

উল্লেখ্য, প্রথম নিট পরীক্ষায় যাঁরা গ্রেস মার্কস পেয়েছেন তাঁরাই এই পরীক্ষায় বসার সুযোগ পেয়েছেন। প্রথম পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগে বিস্তর জলঘোলা হয় দেশজুড়ে। বিষয়টি গড়ায় সুপ্রিম কোর্ট পর্যন্ত। প্রশ্ন ফাঁস বা অন্যান্য ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে পরীক্ষা কেন্দ্রগুলিতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয় এদিন।

## জম্মু ও কাশ্মীরে সন্ত্রাস ও বিচ্ছিন্নতাবাদকে টিকিয়ে রাখার মাধ্যম হয়ে উঠছে ইন্টারনেট : ডিজিপি

জম্মু, ২৩ জুন (হি.স.): জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসবাদ ও বিচ্ছিন্নতাবাদকে টিকিয়ে রাখার মাধ্যম হয়ে উঠছে ইন্টারনেট। উদ্বেগ প্রকাশ করে বললেন জম্মুর ডিজিপি আর আর সোয়াইন। তিনি বলেছেন, আমি যদি এমন বক্তব্য রাখি, তাহলে আমি সত্য থেকে খুব বেশি দূরে নই।

জম্মুর ডিজিপি আর আর সোয়াইন রবিবার জম্মুতে সাইবার পুলিশ স্টেশনের নবনির্মিত ভবনের উদ্বোধন করেছেন।

এদিন তিনি বলেন, জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসবাদ ও বিচ্ছিন্নতাবাদকে টিকিয়ে রাখার মাধ্যম হয়ে উঠছে ইন্টারনেট। সাইবার ক্রাইম এর পরিপ্রেক্ষিতে বিস্তৃত। এটা অন্য সব প্রচলিত অপরাধের সাথে জড়িত হতে পারে।'

## নেট কেলেঙ্কারির তদন্তে গিয়ে বিহারে আক্রান্ত সিবিআই, ভাঙচুর চলল গাড়িতে

নওয়াদা, ২৩ জুন (হি.স.): নেট কেলেঙ্কারির তদন্তে বিহারে গিয়ে আক্রান্ত হলেন সিবিআই আধিকারিকেরা। রবিবার সে রাজ্যের নওয়াদা জেলার রাজৌলি এলাকায় গেলে হামলার মুখে পড়তে হয় আধিকারিকদের। ভাঙচুর করা হয় তাঁদের গাড়ি। অভিযোগ, প্রায় ২০০ জন গ্রামবাসী ঘিরে ধরেন সিবিআই আধিকারিকদের।

রবিবার দুপুরে তদন্তের সূত্রে স্থানীয় কাসিয়াডি গ্রামে গিয়েছিলেন সিবিআই আধিকারিকেরা। ছিলেন চার জন তদন্তকারী এবং নওয়াদার একটি পুলিশ ফাঁড়ির মহিলা কনস্টেবল। কিন্তু তাঁদের নকল আধিকারিক মনে করে চড়াও হন বেশ কয়েক জন গ্রামবাসী। ভাঙচুর চালানো হয় গাড়িতে। এই ঘটনায় এখনও পর্যন্ত চার জন গ্রামবাসীকে গ্রেফতার করা হয়েছে।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## কৈশোরে ব্রণ সমস্যা: কারণ ও সমাধান



কৈশোরে হরমোনের তারতম্য তেল গ্রন্থির ওপর প্রভাব ফেলে। ফলে ব্রণের সমস্যা দেখা দেয়। স্বাস্থ্যবিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনে ভারতীয় ত্বক বিশেষজ্ঞ ডা. স্তুতি খার সুলেখার দেওয়া পরামর্শ অবলম্বনে কৈশোরে ব্রণ হওয়ার নানান কারণ ও সমাধান সম্পর্কে জানানো হল।

ব্রণের সমস্যায় গুরুত্ব দেওয়া

বাবা-মায়ের উচিত হবে সন্তানকে শুরু থেকেই জানিয়ে দেওয়া যে ব্রণ, র‌্যাশ, দাগছোপ ইত্যাদি নিজে থেকেই ভালো হয়ে যায়। তাই এগুলো নিয়ে যেন খুব বেশি মাথা না ঘামায়। ব্রণ নিজ থেকে ভালো হয়ে গেলেও এর দাগ রয়ে যায় যা দূর করা কঠিন। তাই এই বিষয়ে শুরু থেকেই মনযোগ দেওয়া উচিত। ত্বক বুঝে প্রসাধনী নির্বাচন কৈশোরে ছেলে ও মেয়েদের নানান রকমের প্রসাধনী ব্যবহারের প্রবণতা থাকে যা ত্বকের ক্ষতি করে। ত্বক ঠিক মতো পরিষ্কার করে টোনার ও ময়েশ্চারাইজার ব্যবহার করা উচিত। এতে ত্বক ভালো থাকে। তবে এসব প্রসাধনী অবশ্যই ত্বক উপযোগী হতে হবে।

ভাজাপোড়া ও প্রক্রিয়াজাত খাবার থেকে দূরে


তৈলাক্ত খাবার, কৈশোরের সময়, হরমোনের প্রভাব, তেল নিঃসরণ ইত্যাদি নানান কারণে 'ব্রেআউট', ব্রণ, 'সিস্ট' বা ফেঁড়া ইত্যাদি দেখা দেয়। এসব সমস্যায় খাদ্যাভ্যাস ভালো ভূমিকা পালন করে।

তৈলাক্ত খাবার 'ব্রেকআউট'য়ের ঝুঁকি বাড়ায়। গবেষণায় দেখা গেছে প্রোটিন, দুধের তৈরি খাবার ইত্যাদি ব্রণের সমস্যাকে আরও মারাত্মক করে তুলতে পারে।

অনেকসময় ব্রণ সমস্যা সমাধান করা বেশ কঠিন হয়ে দাঁড়ায়। হরমোনের কারণে হওয়া ব্রণ গুরুতর রূপ লাভ করে ও এগুলো দূর করাও বেশ ঝামেলার।

কৈশোরে অনেক নারীর হরমোনের সমস্যা দেখা দেয়। ফলে ব্রণ, চুল পড়া, ওজন বাড়া, শরীরে অতিরিক্ত লোম ওঠার সমস্যা দেখা দেয়। তাই এই ধরনের সমস্যা দেখা দিলে অভিভাবকদের অবশ্যই গুরুত্ব সহকারে দেখা উচিত। ত্বক পরিষ্কার করা আবশ্যক (এতে ত্বকের বাড়তি তেল ও মৃত কোষ দূর হয়ে লোমকূপ উন্মুক্ত রাখতে সাহায্য করে) শরীরচর্চা বা শারীরিক কর্মকাণ্ডের পর অবশ্যই ত্বক ভালো মতো পরিষ্কার করতে হবে। কারণ ঘাম ত্বকের লোমকূপ আবদ্ধ করে ফেলে ও ব্রণ সৃষ্টি হয়। গরমের কারণে ঘাম সৃষ্টি হলে বা তেল চিটচিটে খাবার খাওয়া ও কঠিন পরিশ্রম করার পরে অবশ্যই দ্রুত ত্বক পরিষ্কার করতে হবে। অন্যথায় ব্রণের সমস্যা দেখা দেবে। ব্রণের সমস্যায় আরও যা মনে রাখা প্রয়োজন ত্বকের প্রসাধনী যেমন- লোশন বা মেইকআপ ইত্যাদি নির্বাচনের ক্ষেত্রে 'নন-কমেডোজেনিক' বা 'একনিজেনিক' নয় এমন প্রসাধনী বেছে নিতে হবে। এগুলো লোমকূপকে আবদ্ধ করে না। ফলে ত্বকে সমস্যা দেখা দেয় না। চুলে 'স্টাইলিং জেল' বা চুলের স্প্রে ব্যবহার করলে তা যেন মুখের ত্বক থেকে দূরে থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। চুলের প্রসাধনী তেল যুক্ত তা ত্বকের ব্রণের সমস্যাকে আরও গুরুতর করে তোলে। তাই পানি নির্ভর প্রসাধনী ব্যবহার করতে হবে। পিঠ বা বুকে ব্রণের সমস্যা দেখা দিলে আঁটসাঁট পোশাক পরা বাদ দেওয়া উচিত, এতে আক্রান্ত স্থানে জ্বলুনির সৃষ্টি হয়। ব্রণ খোঁচানো বা চাপলে আক্রান্ত জায়গায় গর্তের সৃষ্টি হয়। এছাড়া ফোলা ও লালচে ভাব বাড়ে। এছাড়াও ব্রণ খোঁচানোর কারণে ত্বকে স্থায়ী দাগও তৈরি হতে পারে।

## রাগ নিয়ন্ত্রণের পন্থা



'রাগলেন তো হেরে গেলেন' তারপরও রাগ ওঠে। আবার কমেও যায়। রাগ মানুষের স্বাভাবিক অনুভূতি। জটিল সময়ে সমস্যার সমাধান খুঁজে না পেয়ে রাগ উঠতেই পারে। আবার রাগা থেকেও অনেকসময় সমাধান বের হয়ে আসে। তবে বেশিরভাগ সময় রাগ ওঠা। ঘনঘন মেজাজ খারাপ থেকে ক্রোধে উন্মাদ হয়ে যাওয়ার ঘটনা ঘটলে নিয়ন্ত্রণের প্রয়োজন পড়ে। এরকম পরিস্থিতিতে করণীয় উপায় সম্পর্কে জানানো হল মানসিক স্বাস্থ্য-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে।

শ্বাস-প্রশ্বাস: নিয়ন্ত্রণহীন রাগ উঠতে থাকলে জোরে জোরে নিঃশ্বাস নিন। গভীরভাবে শ্বাস-প্রশ্বাস নেওয়ার ফলে পেশি শিথিল হবে পাশাপাশি স্নায়ু হবে শান্ত।

হাঁটা: হাঁটলে রাগ নিয়ন্ত্রণে আসে। পাশাপাশি আড়ষ্ঠ পেশিও শান্ত হয়। তাছাড়া হাঁটার কারণে নিজের বিবেক বুদ্ধিও কাজ করা শুরু করে। ফলে পুনঃবিবেচনা করার মতো পর্যায় তৈরি হয়। নিজের সঙ্গে কথা বলা: যখন যন্ত্রণাদায় চিন্তাগুলো মনের শান্তি কেড়ে নিতে থাকে তখন রাগ ওঠার সম্ভাবনাও বাড়ে। এই পর্যায়ে নিজেই নিজেকে বলতে থাকুন 'শান্ত হও', 'সহজ হও', 'তুমি ঠিকই আছ'। এসব কথা বারবার আওড়ালে মন শান্ত হতে থাকে। গান শোনা: রাগ কমানোর পরীক্ষিত উপায় সংগীত শোনা। নির্মল সংগীত ও গানের কথা মন শান্ত করতে সাহায্য করে।

পেশি টানটান করা: রাগের কারণে পেশি শক্ত হয়ে যায়। তাই শরীর শিথিল করতে 'স্ট্রেচিং' ও 'জয়েন্ট রিল্যাক্সিং' ধরনে ব্যায়াম করা যেতে পারে। যা দেহকে আরাম দেবে। মন করবে শান্ত।

একা সময় কাটানো: ফোনে কিংবা সামনা সামনি কারও সঙ্গে ঝগড়া হলে আগে নিজেকে শান্ত করার জন্য একা সময় কাটান। সেটা হতে পারে নিজের ঘর বা মানুষ ছাড়া কোনো জায়গা। কিছুক্ষণ একা থাকলে মন শান্ত হবে পাশাপাশি পুরো বিষয়টি নতুন করে বিবেচনার করার বোধবুদ্ধিও ফিরে আসবে।

লিখে রাখা: যদি কারও কর্মকাণ্ড দেখে রাগ ওঠে তবে সেই অনুভূতি লিখে রাখার চেষ্টা করুন। লেখার ফলে মনের বোঝা ও চাপ অনেকটাই কমিয়ে দেয়। মন শান্ত করার বিকল্প পন্থা হতে পারে লেখালিখি।

বন্ধুর সঙ্গে কথা বলা: একইভাবে বিশ্বস্ত কোনো বন্ধুর সঙ্গে রাগের বিষয়গুলো আলোচনা করতে পারেন। এই পদ্ধতিও রাগ প্রশমিত হয়।

মনকে ইতিবাচক দিকে ফেরানো: পয়সার যেমন দুই পিঠ রয়েছে, তেমনি যে কারণে রাগ হচ্ছে সেটার বিপরীত দিকটাও দেখার চেষ্টা করতে হবে। ক্রোধে উন্মাদ হওয়ার আগেই বিপরীত দিকটা যত সূক্ষ্মই হোক সেটা আবিষ্কার করতে পারলে মনের ওপর ইতিবাচক প্রভাব ফেলা যায়। ফলে রাগ নিয়ন্ত্রণে সুবিধা হয়।

সহানুভূতিশীল: যে মানুষটার কারণে প্রচণ্ড রাগ উঠছে তার জায়গায় দাঁড়িয়ে বরং ভাবুন কেনো সে এরকম করছে। তার পরিস্থিতি বুঝতে পারলে সহানুভূতি জাগবেই। আর সেখান থেকে রাগ পড়ে গিয়ে বরং তাকে ক্ষমা করে দেওয়ার অনুভূতি জাগতেই পারে। মন থেকেই দূর করার চেষ্টা: রাগ কোনো ভুল অনুভূতি নয়। তবে মনের শান্তির জন্য অবশ্যই সেটা দূর করতে হবে। ফলপ্রসূ আলোচনা ভালো ফলাফল দিতে পারে। পাশাপাশি মেজানের লাগাম ধরে রাখতে তৃতীয় ব্যক্তি হিসেবে বন্ধুর সাহায্য নেওয়া যেতেই পারে।

## ঢেকে রাখা চুলের যত্ন



যারা হিজাব ব্যবহার করেন তাদের মাথা ঘেমে নানান সমস্যা দেখা দিতে পারে।

এজন্য নিয়মিত শ্যাম্পু করার পাশাপাশি চাই বাড়তি যত্ন। বাইরে যাওয়ার সময় হিজাব বা কাপড় দিয়ে মাথা ঢেকে বের হলে সরাসরি সূর্যের আলো না পড়লেও চুলের ক্ষতি হতে পারে। এমনকি হিজাব শক্ত করে পরলে সমস্যা আরও বাড়ে। কারণ এতে চুল পর্যাপ্ত অক্সিজেন পায় না। যা থেকে চুল রুক্ষ হয়ে যেতে পারে। সমস্যা আরও বাড়ে যদি হিজাব পরার আগে 'ব্লো ড্রায়ার' বা ভুল প্রসাধনী ব্যবহার করা হয়। আবার মাথার ত্বক থেকে প্রাকৃতিকভাবে কিছু তেল নিঃসৃত হয়। ঘাম আর তেল মিলেমিশে একাকার হয়ে মাথার ত্বককে চটচটে করে তোলে। এতে চুলকানি, র‌্যাশ, খুশকি ইত্যাদির মতো হাজারও সমস্যা দেখা দেয়। এ জন্য হিজাবি নারীদের চুলের বিশেষ যত্ন নেওয়া প্রয়োজন।

যে কারণে এমন শ্যাম্পু ব্যবহার করা উচিত যা পুষ্টি যোগানোর পাশাপাশি ঝরঝরে রাখবে চুল। এজন্য চুল নিয়মিত শ্যাম্পু দিয়ে ভালো করে পরিষ্কার করতে হবে। কারণ হিজাব পরলে ঘাম আর তেলের জন্য মাথার ত্বকে খুশকি হয়ে থাকে। তাই সপ্তাহে অন্তত তিন দিন ভালো মানের শ্যাম্পু ব্যবহার করতে হবে। বাজারে এখন হিজাবিদের জন্য রয়েছে 'ক্লিয়ার হিজাব পিওর'। এই শ্যাম্পু মাথার ত্বকের সব তেল-চিটচিটে ময়লা পরিষ্কার করে দীর্ঘস্থায়ী সজীবতা ও সুরক্ষা দেয়। রয়েছে টি ট্রি অয়েল, যা একটি প্রদাহ, ভাইরাস, ব্যাক্টেরিয়া, ফাঙ্গাস থেকে রক্ষা করে।

পাশাপাশি মাথার ত্বকের অতিরিক্ত শুষ্কতা দূর করে চুলের স্বাভাবিক আর্দতা বজার রাখতে সাহায্য করে।

'ক্লিয়ার হিজাব পিওর' শ্যাম্পু ব্যবহারের নিয়ম

- শ্যাম্পু করার আগে চুল ভালোভাবে ভেজানো না হলে, শ্যাম্পু তার কাজও ভালোভাবে করতে পারে না। ফলে চুল রুক্ষ, শুষ্ক হয়ে যায়। তাই চুলে 'ক্লিয়ার হিজাব পিওর' শ্যাম্পু দেওয়ার আগে দুতিন মিনিট পর্যন্ত চুল ভিজিয়ে নেওয়া উচিৎ।

- চুলের গোড়ায় শ্যাম্পু পৌঁছানো বেশি জরুরি। মনে রাখতে হবে শ্যাম্পু বেশি দরকার হয় চুলের গোড়ায়। আর কন্ডিশনার কাজ করবে চুলের আগার দিকে। পাশাপাশি প্রতিবার শ্যাম্পু করার সময় মাথার একই জায়গায় শ্যাম্পু ঢালা হলে সেখানের ত্বক শুষ্ক হয়ে যেতে পারে।

- ব্যবহারের পর দ্রুত ধুয়ে ফেললে শ্যাম্পু ঠিক মতো কাজ করার সুয়োগ পায় না। চুল মালিশ করে কয়েক মিনিট রেখে তারপর ধুয়ে ফেলুন। আর গরম পানি দিয়ে চুল ধোয়া এড়িয়ে চলার চেষ্টা করুন। ঠাণ্ডা পানি দিয়ে ধুলে চুলের গোড়া বন্ধ হয়। ফলে কেশ হয় ঝলমলে ও নরম। পাশাপাশি চুল পড়াও কমে।

অন্যান্য যত্ন

বাতাস চলাচল করতে পারে এরকম কাপড়ের হিজাব ব্যবহার করতে হবে। সেটা হতে পারে সুতি, সিল্ক, সাটিন বা সিল্ক। আসলে কোন ধরনের কাপড় নিজের চুলের জন্য ভালো হবে তা নিজেকেই পরখ করে বুঝে নিতে হবে।

ভেজা চুলে হিজাব ব্যবহার না করা: হিজাব পরার আগে সবসময় খেয়াল রাখতে হবে যেন চুল ভেজা না থাকে। কারণ ভেজা চুলে স্কার্ফ বা হিজাব পরলে অবশ্যই মাথায় দুর্গন্ধ হবে। তাই ভেজা থাকলে অবশ্যই চুল ভালো মতো চুল শুকিয়ে নিন। বেশি তাড়া থাকলে 'ব্লো ড্রায়ার' ব্যবহার করুন। তবে তার আগে চুলের ক্ষতি এড়াতে 'লিভ অন হেয়ার অয়েল' ব্যবহার করতে ভোলা যাবে না।

চুল বাঁধা: হিজাব পরার আগে চুল খুব হালকা করে বেঁধে নেওয়া উচিত। বেশি শক্ত করে বাঁধলে চুলের গোড়া নরম হয়ে যায়। ফলে চুল পড়ার আশঙ্কা তৈরি হয়। লম্বা বেণি, পনিটেইল বা হালকা খোঁপা করলেই চলবে।

## সম্পর্ক যখন মানসিক চাপের কারণ



সঙ্গীর সঙ্গে যোগযোগ করলে ভালোলাগার পরিবর্তে উল্টো দুঃশ্চিন্তার স্রোত বয়ে যায়।

মনমেজাজের বারোটা বাজে, সম্পর্ক ভাঙার ভয় জাগে। আর এসব বিষয় মনের ওপর আরও চাপ তৈরি করতে থাকে।

বিরক্তি, অকারণ ভয় ইত্যাদি দেখা দিলে বুঝতে হবে উদ্বেগের সমস্যায় ভুগছেন। এটা মানসিক ও শারীরিক অবস্থার ওপর বাজে প্রভাব ফেলে। মানসিক স্বাস্থ্যবিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে এরকম মানসিক উদ্বেগ চিহ্নিত করার কয়েকটি উপায় সম্পর্কে জানানো হল।

আবেগকে প্রশ্রয় দেওয়া: অনেকেই নিজের উদ্বেগ বা মানসিক চাপ সম্পর্কে আবগত থাকেন না। যদি ছোট খাট কোনো বিষয় আপনার আবেগকে আক্রান্ত করে তাহলে বুঝতে হবে এটা উদ্বেগের একটা লক্ষণ। উদ্বেগের কারণে যে কোনো ছোটখাট বিষয় আপনার কাছে অনেক বড় হয়ে উঠতে পারে। সঙ্গীর সঙ্গে ছোট খাট কথা কাটাকাটি বা রাগারাগির কারণে আপনার অতিরিক্ত প্রতিক্রিয়া প্রকাশ বা কান্না পাওয়া ইত্যাদি দেখা দিতে পারে। এর মানে হল, সম্পর্কে কোনো বিষয় হয়ত আপনাকে বিব্রত করছে বা কোনো বিষয় নিয়ে আপনি বেশ আশঙ্কায় ভুগছেন।

মত প্রকাশ নিয়ে ভীতি: উদ্বেগের কারণে দ্বিধার সৃষ্টি হয় এবং নিজের কোনো মতামত বা সঙ্কটের কথা সঙ্গীর সঙ্গে মন খুলে বলার ক্ষেত্রেও আশঙ্কা সৃষ্টি হতে পারে। এত কিছু চিন্তা না করে নিজের মনের কথা খুলে বলুন যা হওয়ার হোক, এতে দু'জনের মাঝে বোঝাপড়া ভালো হবে। একে অপরের অনুভূতি বুঝতে পারবে। নিজের মতামত ও অনুভূতি শান্তিপূর্ণভাবে প্রকাশ করুন।

আবেগ চেপে রেখে কখনও উদ্বেগের সৃষ্টি হতে দেওয়া ঠিক নয়। এটা নানান শারীরিক ও মানসিক সমস্যার সৃষ্টি করতে পারে। সবসময় সম্পর্ক নিয়ে দুশ্চিন্তা: যে কোনো কিছুই বাড়াবাড়ি ক্ষতিকর। অতিরিক্ত চিন্তা করাও এর ব্যতিক্রম নয়। সঙ্গী ও সম্পর্কে নিয়ে চিন্তা করা খারাপ কিছু নয়। কিন্তু এর মাত্রাতিরিক্ততা ক্ষতিকারক। যদি নিজেও বুঝতে পারেন যে, খুব বেশি চিন্তা করছেন তাহলে নিজেকে নিয়ন্ত্রণ করতে প্রতিদিন কমপক্ষে ১৫ মিনিট ধ্যান বা শ্বাসের ব্যায়াম করুন। এটা নিজেকে নিয়ন্ত্রণ করতে, দুশ্চিন্তা, অতিচিন্তা এবং উদ্বেগ কমাতে সহায়তা করবে।

## প্রতিদিনের খাবার থেকে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর পন্থা



স্বাস্থ্যবিধি মেনে চলার পাশাপাশি রোগ প্রতিরোধ ক্ষমতা জোরদার করাও দরকার। ভারতের কিউইউএ নিউট্রিশন'য়ের প্রতিষ্ঠাতা রায়ান ফার্নান্দো স্বাস্থ্যবিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনে বলেন, "সংক্রমণ থেকে সুরক্ষিত থাকা এবং সুস্বাস্থ্য অর্জনের চাবিকাঠি হল শক্তিশালী রোগ প্রতিরোধ ক্ষমতা। আর সেই ক্ষমতা দুর্বল হয়ে যাওয়ার পেছনে বড় কারণ হলো অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টিহীনতা।"

তাই প্রাকৃতিক উপায়ে রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করতে সহায়ক কিছু খাবারের নাম এখানে দেওয়া হল।

আমলকী: কয়েক শতাব্দী জুড়ে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর একটি কার্যকর উপাদান হিসেবে বিশেষ স্থান দখল করে আছে আমলকী। এতে আছে ভিটামিন সি'য়ের প্রাচুর্য, যা শরীরে শ্বেত রক্তকণিকা তৈরিতে সাহায্য করে। এই শ্বেত রক্তকণিকা অসংখ্য জীবাণুর সংক্রমণ ও রোগের বিরুদ্ধে লড়াই করে শরীরকে সুরক্ষিত রাখে। পাশাপাশি আমলকী যোগায় শক্তিশালী অ্যান্টি-অক্সিডেন্ট।

কমলা: এতেও আছে ভিটামিন সি, যা রোগ প্রতিরোধ ক্ষমতার জোর বাড়ায়। কোষকে সংক্রামক ভাইরাস ও অন্যান্য জীবাণু থেকে সুরক্ষা দেওয়ার পাশাপাশি 'ইমিউন সেল' তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে ভিটামিন সি।

পেয়ারা: ভিটামিন সি তো আছেই, পাশাপাশি সর্বোচ্চ পুষ্টিকর ফলের তালিকায় প্রথমসারির সদস্য পেয়ারা। কমলাতে যে পরিমাণ ভিটামিন সি থাকে তার থেকে চার গুন বেশি থাকে পেয়ারায়।

শরীরে যে মুক্ত মৌল বা 'ফ্রি র‌্যাডিকাল' তৈরি হয় তাকে নিষ্ক্রিয় করতে কার্যকর কয়েকটি অ্যান্টি-অক্সিডেন্ট হল 'কুয়েরসেটিন', 'লাইকোপেন', ভিটামিন সি এবং অন্যান্য 'পলিফেনোল্স'। এদের মধ্যে কয়েকটি উপাদান মেলে পেয়ারাতে। আদা: এতে থাকে 'জিনজেরল' নামক উপাদান যা রোগ প্রতিরোধ ক্ষমতাকে শক্তি যোগায়। ভাইরাসের বংশবৃদ্ধিতে শক্ত বাধা হয়ে দাঁড়ায় এই উপাদান।

রসুন: ভাইরাস, ছত্রাক এবং ব্যাকটেরিয়া নাশক গুণ থাকে রসুনে। আর এর সব কৃতিত্বের মূলে আছে 'অ্যালিসিন' নামক উপাদান। এটাও রক্তে শ্বেত রক্তকণিকা বাড়ানোর মাধ্যমে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।

## শিশুর ভালো ঘুমের অভ্যাস গড়ে তোলার উপায়



শিশুরা ঘুমাতে চায় না সহজে। ফলে তাদের ঘুমের নির্দিষ্ট অভ্যাস গড়ে তোলা সহজ নয়। নবজাতক থেকে শুরু করে বৃদ্ধ পর্যন্ত সবার জন্যই রাতে নির্ভেজাল ঘুম অত্যন্ত জরুরি। সন্তানের ঘুমের ঘাটতি মেটাতে তাই যখনই সে ক্লান্ত হয় তখনই তাকে ঘুম পাড়িয়ে দেওয়া হয়। আর অসময়ে ঘুমানোর কারণে যখন সবার ঘুমানোর সময় তখন সে আর ঘুমাতে চায় না।

অপরদিকে সন্তানের ঘুম পর্যাপ্ত না হলে তার উৎফুল্লতা কমে, বিরক্তি বাড়ে, কান্না লেগেই থাকে। ঘুমের অভাবে মস্তিষ্ক ক্লান্ত থাকার কারণে শিশুদের মস্তিষ্কের বিকাশও বাধাগ্রস্ত হয়। শিশুর এবং পরিবারের অন্যদের পর্যাপ্ত ঘুম নিশ্চিত করতে হলে তার ঘুমকে নির্দিষ্ট সময়ে বেঁধে নিতে হবে, সেটাকে শিশুর অভ্যাসে পরিণত করতে হবে। মা ও শিশু-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনের আলোকে জানানো হলো সেই কাজে সফল হওয়া উপায়। ঘুমানোর আগের রুটিন: গোসল, কাপড় বদলানো আর দাঁত মাজা ঘুমের জন্য প্রস্তুতি ইঙ্গিত করে। প্রতিদিন রাতে ঘুমানোর আগে একই সময়ে শিশুকে গোসল না করালেও অন্তত দাঁত ব্রাশ করিয়ে পরিষ্কার কাপড় পরিয়ে ঘুম পাড়াতে নিয়ে গেলে ক্রমেই সেটা শিশুর অভ্যাসের অংশ হয়ে আসবে। ফলে ঘুম আসবে সহজেই।

রাতের খাবার: শিশুর রাতের খাবারটা ঘুমানো দুই থেকে তিন ঘণ্টা আগে হতে হবে। এর আগে খেলে শিশুর আবার ক্ষুধা লেগে যেতে পারে কিংবা ক্ষুধার কারণে ঘুম ভেঙে যেতে পারে। আবার ঘুমানোর কিছুক্ষণ আগেই রাতের খাবার খেয়ে শিশু খেলতে আগ্রহী হয় বেশি, ঘুমাতে চায় না।

শোবার ঘরের পরিবেশ: শিশুদের ঘুম পাতলা হয়, সামান্য শব্দেই তার ঘুম ভেঙে যাওয়া সম্ভব। আবার ঘরে আলো থাকলে সেটাও তার ঘুমের সমস্যা তৈরি করবে। তাই শিশুর শোবার ঘরটায় যাতে ঘুমানোর জন্য আরামদায়ক একটা পরিবেশ থাকে সেদিয়ে খেয়াল রাখতে হবে। বৈদ্যুতিক যন্ত্রে ব্যবহার: রাতে ঘুমানোর আগে শিশুদের টিভি কিংবা মোবাইল দেখা থেকে বিরত রাখতে হবে। এসব যন্ত্রের বৈদ্যুতিক পর্দা থেকে নিঃসৃত নীল আলো ঘুমকে দূরে রাখে। আর কার্টুন দেখা বা গেইম খেলার সুযোগ থাকতে ঘুমাতে যাওয়া শিশুকে খুঁজে পাওয়া হয়ত অসম্ভব। ক্যাফেইন গ্রহন না করা: প্রাপ্তবয়স্ক মানুষ ঘুম তাড়ানো জন্য যে 'ক্যাফেইন' গ্রহণ করে তা যদি শিশু ঘুমানোর আগে গ্রহণ করে তবে তার ঘুম আসবে না এটাই স্বাভাবিক। চা-কফি ছাড়াও ক্যাফেইন'য়ের আরও উৎস আছে। যেমন- চকলেট ও কোমল পানীয়। আর দুটোই ঘুমানোর আগে খাওয়া শিশুর জন্য অসম্ভব নয়।

ঘুমের নির্দিষ্ট সময় ধরে রাখা: গতরাতে অনেক যন্ত্রনা করেছে, ঘুমায়নি বলে আজকে দুপুরে তাকে ঘুম পাড়ানো প্রবল চেষ্টা দেখা যায় অনেকের মাঝে। হয়ত ভাবছেন রাতের ঘুমের ঘাটতিটা কমে যাবে। কিন্তু সমস্যা হলো বিকেল কিংবা সন্ধ্যা পর্যন্ত ঘুমানোর পর শিশুর সকল ক্লান্তি হারিয়ে গেছে। ফলে রাতে ঘুমানোর স্বাভাবিক সময়ে তার কোনো ক্লান্তি নেই, চোখে ঘুম নেই।

# চলতি বছরের জানুয়ারি-মে মাসের মধ্যে ১৬.২১ কোটি টাকারও অধিক মূল্যের নিষিদ্ধ সামগ্রী উদ্ধার করে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ গ্রেপ্তার ১১৯ জন দালাল

মালিগাঁও, ২৩ জুন, ২০২৪: নিষিদ্ধ/পাচারকৃত সামগ্রী পরিবহণের বিরুদ্ধে নিজেদের ধারাবাহিক লড়াই চালিয়ে যাওয়ার সময় ১ থেকে ১৫ জুন, ২০২৪ সময়ের মধ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনী (আরপিএফ) ১.২২ কোটি টাকারও অধিক মূল্যের নিষিদ্ধ সামগ্রী উদ্ধার করতে সক্ষম হয়েছে। এই সময়সীমার মধ্যে নিষিদ্ধ/পাচারকৃত সামগ্রী পরিবহণে জড়িত থাকার অভিযোগে আরপিএফ ১৫ জন ব্যক্তিকেও গ্রেপ্তার করেছে। এছাড়াও, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ দালালি কার্যকলাপ প্রতিরোধের জন্য নিয়মিত অভিযান চালিয়ে আসছে। সম্প্রতি ১ থেকে ১৫ জুন, ২০২৪ সময়ের মধ্যে এই জোনে অভিযান চালানোর সময় ৫ জন দালালকে গ্রেপ্তার করে আরপিএফ এবং তাদের কাছ থেকে ৯০ হাজার টাকারও অধিক মূল্যের রেলওয়ে টিকিট উদ্ধার করে।




২০২৪-এর জানুয়ারি থেকে মে মাসের মধ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ ১৬.২১ কোটি টাকারও অধিক মূল্যের নিষিদ্ধ ও পাচারকৃত সামগ্রী উদ্ধার করে এবং নিষিদ্ধ সামগ্রী পাচারের সাথে জড়িত থাকার অভিযোগে ২১৭ জন ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। এছাড়া, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ-এর দ্বারা এই সময়সীমার মধ্যে ১১৯ জন দালালকে গ্রেপ্তার করা হয় এবং ২১.৯৮ লক্ষ টাকারও অধিক মূল্যের রেলওয়ে টিকিট উদ্ধার করা হয়। ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে রেলওয়ে আইনের প্রাসঙ্গিক ধারার অধীনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সম্প্রতি ১৩ জুন, ২০২৪ তারিখের একটি ঘটনায় গুয়াহাটির আরপিএফ ও জিআরপি গুয়াহাটি রেলওয়ে স্টেশনে ট্রেন নং. ১৫৮১৭ ডাউন দোনি পোলো এক্সপ্রেসে তল্লাশি অভিযান চালায়। এই অভিযানের সময় তারা ট্রেন থেকে দুজন ব্যক্তিকে গ্রেপ্তার করে এবং ১৭.৮০ লক্ষ (আনুমানিক) টাকা মূল্যের ৮৯ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করে। পরে, প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণের জন্য উদ্ধারকৃত ব্রাউন সুগার সহ ধৃত ব্যক্তিদের ওসি/জিআরপি/গুয়াহাটির হাতের তুলে দেওয়া হয়।

পাশাপাশি, ০৯ জুন, ২০২৪ তারিখের একটি ঘটনায় কিষানগঞ্জের আরপিএফ টিম এবং নিউ জলপাইগুড়ির সিআইবি টিম যৌথভাবে আলুয়াবাড়ি রোড রেলওয়ে স্টেশনের পিআরএস কাউন্টারে অভিযান চালায়। এই অভিযানের সময়, এই দলটি প্রায় ৫৫,২২৩ টাকা মূল্যের ২১টি পিআরএস টিকিট উদ্ধার করে এবং এর সাথে জড়িত এক দালালকে গ্রেপ্তার করে। প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণের জন্য রেলওয়ে আইনের ১৪৩ ধারার অধীনে একটি মামলা দায়ের করা হয়েছে। এখানে উল্লেখ করা যেতে পারে যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ রেলওয়ে স্টেশন ও ট্রেনে চোরাই সামগ্রী পাচার ও পরিবহণ করা এবং রেলওয়ে টিকিটের অকর্তৃত্বশীল ও অবৈধ ক্রয়-বিক্রয় সম্পর্কিত কার্যকলাপের বিরুদ্ধে সর্বদা সতর্ক নজরদারি চালিয়ে আসছে।

## বিশ্বকাপে বড় অঘটন, অস্ট্রেলিয়াকে হারিয়ে সেমিতে ওঠার স্বপ্ন দেখছে আফগানিস্তান!

সেন্ট ভিনসেন্ট, ২৩ জুন (হি.স.): রবিবার টি-টোয়েন্টি বিশ্বকাপে বড় অঘটন ঘটে গেল। আফগানিস্তান হারিয়ে দিল বিশ্ব চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়াকে। আফগানিস্তান আরও একবার নিজেদের সামর্থ্য প্রমাণ করল। সেই সঙ্গে বিশ্বকাপের সুপার এইটে শক্তিশালী অস্ট্রেলিয়াকে হারিয়ে সেমিফাইনালের যাওয়ার স্বপ্নকে বাঁচিয়ে রাখল রশিদরা।

সেন্ট ভিনসেন্টে রবিবার অজিদের ২১ রানে হারিয়েছে আফগানরা। ১৪৯ রান তাড়া করতে নেমে ১৯.২ ওভারে সব উইকেট হারিয়ে ১২৭ রানে থেমেছে অজিরা। আফগানদের জয়ের অন্যতম নায়ক গুলাবদিন নাইব। তিনি ২০ রানে ৩ উইকেট নিয়েছেন। আর নাভিন উল হকও ৩টি উইকেট নিয়েছেন।

আফগানদের এই রান সংগ্রহের পথে দারুন লড়াই করলেন দুই ওপেনার রহমানউল্লাহ গুরবাজ ও ইব্রাহিম জাদরান। দুজনের ওপেনিং জুটিতে ১১৮ রান পেয়েছিল আফগানরা। কিন্তু তাদের বিদায়ের পর তাদের ইনিংস বেশি দূর যায়নি।

১৪৮ রানেই থেমে যায় আফগান ইনিংস। ৪৯ বলে ৬০ রান করেন গুরবাজ।

আর ৪৮ বলে ৫১ রান করেন ইব্রাহিম। এদিন বিশ্বকাপ ইতিহাসে প্রথম বোলার হিসেবে দ্বিতীয় হ্যাটট্রিক করলেন অজি পেসার প্যাট কামিন্স। আগের ম্যাচে তিনি বাংলাদেশের বিপক্ষে হ্যাটট্রিক করেছিলেন।

## অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ঐতিহাসিক জয়ে আফগানিস্তানের রাস্তায় রাস্তায় হাজারো ক্রিকেটপ্রেমী ভক্তদের বিজয়োল্লাস

কাবুল, ২৩ জুন (হি.স.): সুপার এইটের ম্যাচে আফগানিস্তান অস্ট্রেলিয়াকে হারাল। আর এই দিনটা ঐতিহাসিক দিনের সাক্ষী হয়ে থাকল আফগানিস্তানের সমর্থকরা।

বিশ্বকাপের মঞ্চে প্রথম বারের মতো তারা হারাল ক্রিকেটের পরাশক্তি অস্ট্রেলিয়াকে। তাতে তাদের সেমিফাইনালে যাওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। রশিদদের এমন সাফল্যে উচ্ছ্বসিত দেশের মানুষ। জয় উদযাপন করতে রাস্তায় নেমে পড়েছে হাজার হাজার সমর্থক।

সেন্ট ভিনসেন্টে রবিবার সুপার এইটের ম্যাচে অস্ট্রেলিয়াকে ২১ রানে হারিয়েছে আফগানিস্তান। ১৪৯ রান তাড়া করতে নেমে আফগানদের বোলিং তোপে ১২৭ রানে অল আউট হয়ে যায় অজিরা। হাজারো হাজারো সমর্থকদের এই বিজয়োল্লাসের দৃশ্যের কিছু স্থিরচিত্র সামাজিক মাধ্যমে প্রকাশ করেছে আফগানিস্তান ক্রিকেট বোর্ড। সেখানে দেখা গেছে অস্ট্রেলিয়ার বিপক্ষে ঐতিহাসিক জয় উদযাপন করতে খোস্ত প্রদেশে ক্রিকেট সমর্থকদের ঢল। এদিকে ম্যাচ শেষে সমর্থকদের উদ্দেশে সামাজিক মাধ্যমে বিশেষ বার্তা দিয়েছেন আফগান অধিনায়ক রশিদ খান। তিনি লেখেন, 'প্রিয় দেশবাসী, আপনাদের মুখে হাসি ফোটাতে পেরে আমরা আনন্দিত।'

## রবিবার রাজধানীতে রিজিজু-সুদীপ সাক্ষাৎ, আলোচনা একাধিক বিষয়ে

নয়াদিল্লি, ২৩ জুন (হি. স.): দেশের ১৮---তম লোকসভার প্রথম অধিবেশন শুরু হচ্ছে সোমবার থেকে। তার আগে তৃণমূল নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়ের দিল্লির বাড়িতে পৌঁছে গেলেন সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু। দুই নেতার বেশ খানিকক্ষণ একান্ত বৈঠক হয়। সাংবাদিকদের মুখোমুখি হয়ে সুদীপ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, সুষ্ঠুভাবে অধিবেশন চলুক এটাই তাঁরা চান। অন্যদিকে সংসদ বিষয়ক মন্ত্রী, রিজিজু জানিয়েছেন, বিরোধীদের সঙ্গে নিয়েই সংসদ চালাবে কেন্দ্র।

সুদীপ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আলাপচারিতা শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন রিজিজু। তিনি বলেন, সুদীপ বন্দ্যোপাধ্যায়ের দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা রয়েছে। এটা আমার দায়িত্ব যে সিনিয়র রাজনৈতিক নেতাদের সঙ্গে আলাদা করে কথা বলা। তাঁর কাছ থেকে আমি অনেক কিছু শিখেছি। আমাদের রাজনৈতিক মতাদর্শ আলাদা। তবে সংসদে আমাদের লক্ষ্য এক। সবার সহযোগিতা নিয়েই আমরা সংসদের অধিবেশন চালিয়ে যাব।

## বাংলাদেশকে হারিয়ে ভারত সেমিফাইনালের পথে পা বাড়ালো, বিদায় প্রায় নিশ্চিত বাংলাদেশের

অ্যান্টিগা, ২৩ জুন (হি.স.): শনিবার রাতে অ্যান্টিগার ভিভিয়ান রিচার্ডস স্টেডিয়ামে ভারতের কাছে ৫০ রানে হারল বাংলাদেশ। আগে ব্যাট করতে নেমে ভারত নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৯৬ রান করে। এর জবাবে ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৪৬ রান করে বাংলাদেশ। এই জয়ের ফলে ভারত সেমিফাইনালের দিকে এগিয়ে গেল।

পরপর দুই ম্যাচ পরাজয়ে টুর্নামেন্ট থেকে বাংলাদেশের বিদায় একরকম নিশ্চিতই হয়ে গেল। বড় রান তাড়া করতে নেমে শুরু থেকেই বাংলাদেশকে দিশেহারা মনে হয়েছে। একবারও মনে হয়নি বাংলাদেশ জিততে পারে। কিছুটা লড়াই করেছেন তানজিদ হাসান। তিনি ২৯ রান করতে খেলেন ৩১ বল।

অধিনায়ক নাজমুল হোসেন শান্ত ৩২ বলে ৪০ ও রিশাদ হোসেনের ১০ বলে ২৪ রানের সৌজন্যে পরাজয়ের ব্যবধান কমে কিছুটা। কুলদিপ যাদব ১৯ রানে নেন ৩ উইকেট। ১৩ রানে জাসপ্রিত বুমরাহ নেন ২ উইকেট।

আর ব্যাট হাতে ২৭ বলে অপরাজিত ৫০ রানের পর বোলিংয়ে ১ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন হার্দিক পান্ডিয়া।

## বিষমদ কাণ্ডে স্ট্যালিনকে একহাত নিলেন দিনাকরণ, উঠল সিবিআই তদন্তের দাবি

চেন্নাই, ২৩ জুন (হি.স.): তামিলনাড়ুর কাল্লাকুরিচি জেলায় বিষমদ কাণ্ডে বিপুল সংখ্যক মানুষের মৃত্যুতে ডিএমকে সরকারের তীব্র সমালোচনা করলেন এএমএমকে (আম্মা মাক্কাল মুন্নেত্রা কাজাগাম)-এর সাধারণ সম্পাদক টিটিভি দিনাকরণ। এই বিষমদ কাণ্ডে সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন তিনি।

রবিবার দিনাকরণ বলেছেন, 'এটি ডিএমকে সরকারের ব্যর্থতা। এই মৃত্যুর জন্য ডিএমকে নেতৃত্বই দায়ী। এই ঘটনার কারণে, তিন মাস হয়তো এই বিষাক্ত মদের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা থাকবে, কিন্তু তার পরে, তা আবারও পুরানো সময়ে ফিরে আসবে। মুখ্যমন্ত্রী স্ট্যালিন মানুষের মুখোমুখি হতে ভয় পান, তাই তিনি এখনও পর্যন্ত ক্ষতিগ্রস্তদের সঙ্গে দেখা করেননি। এএমএমকে এই বিষয়ে সিবিআই তদন্তের দাবি করেছে।'

## বড় দায়িত্ব পেলেন আকাশ, ভাইপোকেই নিজের উত্তরসূরি ঘোষণা করলেন মায়াবতী

লখনউ, ২৩ জুন (হি.স.): বহুজন সমাজ পার্টি (বিএসপি)-তে অনেক বড় দায়িত্ব পেলেন আকাশ আনন্দ।

রবিবার ভাইপো আকাশ আনন্দকেই নিজের উত্তরসূরি ঘোষণা করলেন মায়াবতী। বিএসপি নেতা এস মালিক বলেছেন, জাতীয় সমন্বয়কের দায়িত্ব নেবেন আকাশ আনন্দ।

উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং বিএসপি প্রধান মায়াবতী রবিবার সকালে লখনউতে দলীয় কর্মীদের সঙ্গে বৈঠক করেছেন। লোকসভা ভোটে অত্যন্ত খারাপ ফলাফল নিয়ে এদিনের বৈঠকে আলোচনা হয়। সূত্রের খবর, এই বৈঠকেই সিদ্ধান্ত হয়, ভাইপো আকাশ আনন্দকেই নিজের উত্তরসূরি ঘোষণা করেছেন মায়াবতী।

## ডঃ শ্যামাপ্রসাদকে শ্রদ্ধাঞ্জলি যোগীর, বলিদান দিবসে স্মরণ করলেন অতীতের কথা

লখনউ, ২৩ জুন (হি.স.): বলিদান দিবসে ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়কে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। বলিদান দিবসে অতীতের অনেক কথা স্মরণ করলেন যোগী আদিত্যনাথ। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, উপ-মুখ্যমন্ত্রী ব্রজেশ পাঠক এবং অন্যান্য বিজেপি নেতারা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির মৃত্যুবার্ষিকীতে পুষ্পস্তবক অর্পণ করেছেন।

মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এদিন বলেছেন, 'আজ ঐক্যবদ্ধ ভারতের স্বপ্নদ্রষ্টা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির "বালিদান দিবস"। আমরা সবাই জানি, ভারত স্বাধীন হয়েছিল ১৯৪৭ সালে, কিন্তু ১৯৫০ সালে সংবিধান কার্য্যকর হওয়ার পরে তৎকালীন কংগ্রেস নেতৃত্বাধীন সরকার সংবিধানে ৩৭০ অনুচ্ছেদ সংযোজন করে জাতীয় অখণ্ডতার মারাত্মক ক্ষতি সাধনের প্রচেষ্টা করেছিল। এই অভিপ্রায়ের কথা মাথায় রেখে ডঃ শ্যামাপ্রসাদ দেশের অখণ্ডতার জন্য, কাশ্মীর থেকে ৩৭০ অনুচ্ছেদ অপসারণের জন্য অভিযান শুরু করেছিলেন।'

### আইইডি ফেটে বিস্ফোরণ, সুকমায় মৃত্যু দুই সিআরপিএফ জওয়ানের

সুকমা, ২৩ জুন (হি.স.): ছত্তিশগড়ের সুকমা জেলায় মাওবাদীদের পুঁতে রাখা আইইডি ফেটে বিস্ফোরণে প্রাণ হারালেন দু''জন সিআরপিএফ জওয়ান। রবিবার মর্মান্তিক ঘটনাটি ঘটেছে সুকমা জেলার জাগারগুন্ডা থানার অধীনে সিলগার এবং তেকুলাগুডেমের মাঝে।

পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, রবিবার তল্লাশি অভিযানে বেরিয়েছিল সিআরপিএফ-এর ২০১ নম্বর কোবরা ব্যাটেলিয়নের জওয়ানরা। সেই সময় আইইডি ফেটে জোরালো বিস্ফোরণ। সেই বিস্ফোরণে দু'জন সিআরপিএফ জওয়ানের মৃত্যু হয়েছে।

### বিহারে আবার ভাঙলো নির্মীয়মাণ সেতু, হতাহতের খবর নেই

মোতিহারি, ২৩ জুন (হি. স.): বিহারে ভাঙলো আরও একটা নির্মীয়মাণ সেতু। সিওয়ান এবং আরারিয়াতে সেতু ভাঙার পর এবার মোতিহারি জেলায় একটি সেতু চোখের নিমিষে ভেঙে পড়ে। জানা গেছে, সেতুর বেশির ভাগ নির্মাণ কাজ হয়ে গিয়েছিল। কিন্তু রবিবার হঠাৎই সেতুটি ভেঙে পড়ে। যদিও হতাহতের কোনও খবর নেই।

উল্লেখ্য, এর আগে সিওয়ানে গন্ডক খালের উপর নির্মিত সেতুটি ভেঙে পড়ে। বিহারের আরারিয়াতে আরেকটি নবনির্মিত সেতুও ভেঙে পড়ে। উদ্বোধনের আগেই বকরা নদীর উপর ওই সেতুর একটি অংশ ভেঙে পড়ে। চলতি বছরের শুরুতে বিহারের সুপোলেও একটি নির্মীয়মাণ সেতু ভেঙে পড়েছিল।

### ফের সাফল্য ইসরো-র, আরএলভি-র চূড়ান্ত অবতরণের পরীক্ষাও সফল

নয়াদিল্লি, ২৩ জুন (হি.স.): ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো) ফের সাফল্য পেল। পুনরায় ব্যবহারযোগ্য উৎক্ষেপণ যান আরএলভি-র তৃতীয়বার তথা চূড়ান্ত অবতরণের পরীক্ষা সফল হয়েছে বলে মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর তরফে রবিবার জানানো হয়েছে।

'পুষ্পক' নামের এই উৎক্ষেপণ যানটি রবিবার প্রতিকূল পরিস্থিতিতে অবতরণ করার সক্ষমতা দেখায়। এর ফলে ইসরো পুনরায় ব্যবহারযোগ্য উৎক্ষেপণ যান মহাকাশে পাঠানোর যোগ্যতা অর্জন করলো।

## ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ: রোমানিয়াকে হারিয়ে টিকে রইল বেলজিয়াম

কোলন, ২৩ জুন (হি.স.): দুই অর্ধে দুই গোলে করে দারুণ এক জয় পেয়ে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের নকআউট পর্বে ওঠার সম্ভাবনা জাগিয়ে তুললো ফিফা র‍্যাঙ্কিংয়ের তিন নম্বর দল বেলজিয়াম।

কোলনে শনিবার রাতের ম্যাচে ২-০ গোলে জিতেছে বেলজিয়াম। ইউরি টিয়েলেমান্স দলকে এগিয়ে নেওয়ার পর ব্যবধান দ্বিগুণ করেন কেভিন ডে ব্রুইনে।

বেলজিয়ানদের এই জয়ে 'ই' গ্রুপের লড়াই জমে গেল। সব দলের পয়েন্ট এখন ৩ করে। সুতরাং সব দলের সামনেই থাকছে পরের রাউন্ডে যাওয়ার সুযোগ।

আপাতত শীর্ষে বেলজিয়াম এবং দুইয়ে রোমানিয়া। পরের দুটি স্থানে রয়েছে স্লোভাকিয়া ও ইউক্রেইন।

আগামী বুধবার একই সময়ে মাঠে নামবে এই গ্রুপের চার দল। রোমানিয়া মুখোমুখি হবে স্লোভাকিয়ার আর বেলজিয়াম খেলবে ইউক্রেনের বিপক্ষে।

## তুরস্ককে হারিয়ে শেষ ষোলোয় পর্তুগাল

ডর্টমুন্ড, ২৩ জুন (হি.স.): টানা দুই জয়ে গ্রুপ সেরা হয়ে ইউরোর নকআউটে পৌঁছে গেল রবের্তো মার্তিনেসের দল।

ডর্টমুন্ডের সিগন্যাল ইদুনা পার্কে শনিবার 'এফ' গ্রুপের ম্যাচে ৩-০ গোলে জিতেছে ২০১৬র ইউরো চ্যাম্পিয়নরা।

পর্তুগালের বের্নার্দো সিলভা দলকে এগিয়ে নেওয়ার পর আত্মঘাতী গোল করেন সামেত আকায়দন। দ্বিতীয়ার্ধে ক্রিস্তিয়ানো রোনাল্ডোর অ্যাসিস্ট থেকে জালের দেখা পান ব্রুনো ফের্নান্দেস।

এই গোলে সহায়তা করে ইউরোর ইতিহাসে সর্বোচ্চ ৮ অ্যাসিস্টের রেকর্ড স্পর্শ করলেন রোনাল্ডো। এতদিন রেকর্ডটি এককভাবে ছিল চেক প্রজাতন্ত্রের প্রাক্তন উইঙ্গার কারেল পোবোর্সকি।

দুই ম্যাচে পরপর জিতে ৬ পয়েন্ট নিয়ে গ্রুপের শীর্ষে পর্তুগাল। সমান ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে দুইয়ে তুরস্ক। সমান ১ পয়েন্ট করে নিয়ে চেক প্রজাতন্ত্র তিনে ও জর্জিয়া চারে আছে।

## গাঁটছড়া বাঁধছেন তারকাজুটি সোনাক্ষী-জাহির

মুম্বই, ২৩ জুন (হি. স.): সহকর্মী, সেই সূত্রে বন্ধুত্ব। যা গড়িয়েছিল প্রেমে। সাত বছরের সম্পর্ককে এবার সামাজিক স্বীকৃতি দিতে চলেছেন তারকাজুটি সোনাক্ষী সিনহা এবং জাহির ইকবাল। জানা যাচ্ছে, রবিবার রেজিস্ট্রি ম্যারেজের মাধ্যমে সাত পাকে বাঁধা পড়বেন নব দম্পতি।

জানা গেছে, স্পেশাল ম্যারেজ অ্যাক্ট অনুযায়ী বিয়ে করার পর মুম্বইয়ে বন্ধুবান্ধব এবং পরিবারের সদস্যদের জন্য একটি বিশেষ পার্টির আয়োজন করা হয়েছে। অতিথি তালিকায় রয়েছেন একাধিক বলিউড তারকা।

উল্লেখ্য, কিছুদিন আগে এই হবু দম্পতির বিয়ের আমন্ত্রণপত্র ইন্টারনেটে ভাইরাল হয়েছিল। একটি অডিও বার্তায় সোনাক্ষী-জাহিরকে বলতে শোনা গিয়েছিল, গত সাত বছর ধরে আমাদের মধ্যে বন্ধুত্ব এবং প্রেমের সম্পর্ক ছিল। এবার আমরা একে অপরের অফিসিয়াল স্বামী এবং স্ত্রী হতে চলেছি।

## ভবিষ্যৎ প্রজন্মের জন্য পৃথিবী সুরক্ষিত হওয়া উচিত : শিবরাজ সিং চৌহান

রাঁচি, ২৩ জুন (হি.স.): 'একটি গাছ মায়ের নামে'''' অভিযানের অঙ্গ হিসেবে রবিবার চারাগাছ রোপণ করলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান। রবিবার সকালে ঝাড়খণ্ডের রাজধানী রাঁচির আইসিএআর-এ চারাগাছ রোপণ করেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান।

পরে তিনি বলেন, 'ডঃ শ্যামা প্রসাদ মুখোপাধ্যায়ের চরণে প্রণাম। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে এখন থেকে শুরু হচ্ছে এক চমকপ্রদ অভিযান। বিজেপি কর্মীরা এবং জনসাধারণও এই অভিযানে যোগ দিচ্ছেন "এক পেড় মা কে নাম"। ভবিষ্যৎ প্রজন্মের জন্য পৃথিবী নিরাপদ হওয়া উচিত এবং সেই কারণেই পরিবেশ বাঁচানোর সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হল বৃক্ষরোপণ... পরিবেশ বাঁচাতে আমরা সেই অভিযান শুরু করেছি।'

### বিমানে ভুয়ো বোমাতঙ্ক ছড়ানোর অভিযোগে গ্রেফতার যুবক

চেন্নাই, ২৩ জুন (হি. স.): চেন্নাই থেকে মুম্বইগামী একটি বিমানে ভুয়ো বোমা হামলার হুমকি বার্তা পাঠানোর জন্য এক যুবককে গ্রেফতার করল পুলিশ। রবিবার পুলিশ সূত্রে জানা গেছে, অভিযুক্তের নাম ভি প্রসন্ন। চেন্নাইয়ের থিরুভাইয়ারুর বাসিন্দা তিনি।

উল্লেখ্য, গত ১৮ জুন, একটি বেসরকারি বিমান সংস্থার কাস্টমার সার্ভিসে মেসেজ করে তিনি জানান, মুম্বইগামী বিমানে বোমা রয়েছে। তদন্তে নামে পুলিশ। তারপরেই গ্রেফতার করা হয় ওই যুবককে। অভিযুক্তকে এবিষয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে। কী কারণে তিনি এই ঘটনা ঘটালেন, তা খতিয়ে দেখছে পুলিশ।

### নিট-পিজি স্থগিত হলেও রবিতেই ফের নিট-ইউজি

নয়াদিল্লি, ২৩ জুন (হি. স.): রবিবার ফের সর্বভারতীয় মেডিকেল এন্ট্রান্স পরীক্ষায় বসছেন ১৫৬৩ জন পরীক্ষার্থী। এই তালিকায় রয়েছেন প্রথম দশে থাকা টপাররাও। দুপুর ২ টো থেকে শুরু হয়ে পরীক্ষা বিকেল ৫.২০ পর্যন্ত। জানা গেছে, ফলপ্রকাশের সম্ভাব্য তারিখ ৩০ জুন।

উল্লেখ্য, প্রথম নিট পরীক্ষায় যাঁরা গ্রেস মার্কস পেয়েছেন তাঁরাই এই পরীক্ষায় বসার সুযোগ পাচ্ছেন। প্রথম পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগে বিস্তর জলঘোলা হয় দেশজুড়ে। বিষয়টি গড়ায় সুপ্রিম কোর্ট পর্যন্ত। প্রশ্ন ফাঁস বা অন্যান্য ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে পরীক্ষা কেন্দ্রগুলিতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয় এদিন।

### বিধায়কের ভাইপোর গাড়ির ধাক্কায় মৃত বাইক আরোহী, অভিযুক্ত গ্রেফতার

পুণে, ২৩ জুন (হি.স.): বাইক আরোহীকে পিষে দিল বিধায়কের ভাইপোর গাড়ি। শনিবার রাতে দুর্ঘটনাটি ঘটেছে মহারাষ্ট্রের পুণে-নাসিক জাতীয় সড়কে। ইতিমধ্যেই পুলিশ অভিযুক্ত ময়ূর মোহিতেকে গ্রেফতার করেছে। তিনি সম্পর্কে পুণের বিধায়ক দিলীপ মোহিতে পাটিলের ভাইপো বলে জানা গিয়েছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, পুণে-নাসিক জাতীয় সড়কের ভুল দিক দিয়ে গাড়ি চালাচ্ছিলেন বিধায়কের ভাইপো ময়ূর।

### নিট ইউজি-র তদন্ত শুরু করে দিল সিবিআই, এফআইআর দায়ের কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার

নয়াদিল্লি, ২৩ জুন (হি.স.): নিট ইউজি-২০২৪ এন্ট্রান্স পরীক্ষায় পেপার ফাঁসের ঘটনায় এফআইআর দায়ের করল সিবিআই। রবিবার সিবিআই সূত্রে এমনটাই জানা গিয়েছে। সিবিআই রবিবার নিট-ইউজি পরীক্ষায় অনিয়মের অভিযোগের বিষয়ে একটি এফআইআর দায়ের করেছে। পরীক্ষায় অনিয়মের অভিযোগের তদন্ত এজেন্সির কাছে হস্তান্তর করার পরবর্তী দিনই এফআইআর দায়ের করা হল।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের একটি রেফারেন্সে সিবিআই অজ্ঞাত ব্যক্তিদের বিরুদ্ধে নতুন মামলা দায়ের করেছে। প্রসঙ্গত, প্রায় ২৪ লক্ষ শিক্ষার্থী মেডিকেল এন্ট্রান্স পরীক্ষা দিয়েছে। এই পরীক্ষায় অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে বিভিন্ন রাজ্যে বিক্ষোভ দেখাচ্ছেন শিক্ষার্থীরা।

### টি-টোয়েন্টি বিশ্বকাপ: টানা দুই ম্যাচে হ্যাটট্রিক, কামিন্সের অনন্য কীর্তি

সেন্ট ভিনসেন্ট, ২৩ জুন (হি.স.): প্যাট কামিন্স। অস্ট্রেলিয়ার এই পেসার পরপর দুই ম্যাচে টানা তিন বলে তিন উইকেট নিলেন। আফগানিস্তানের বিরুদ্ধে চলতি বিশ্বকাপে দ্বিতীয় হ্যাটট্রিকটি করে গড়লেন অনন্য কীর্তি। টি-টোয়েন্টি বিশ্বকাপ তো বটেই, এই সংস্করণেই টানা হ্যাটট্রিকের নজির নেই।

সেন্ট ভিনসেন্টে ভারতীয় সময় রবিবার ভোরে আফগানিস্তানের বিপক্ষে এই কীর্তি গড়েন কামিন্স। ম্যাচের ১৮তম ওভারের শেষ বলে রাশিদ খান ও পরে শেষ ওভারের প্রথম দুই বলে কারিম জানাত ও গুলবাদিন নাইবের উইকেট নেন এই অস্ট্রেলিয়ান পেসার।

অস্ট্রেলিয়ার প্রথম ও সব মিলিয়ে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে দুটি হ্যাটট্রিক করা চতুর্থ বোলার হলেন কামিন্স। আগের তিন জন শ্রীলঙ্কার লাসিথ মালিঙ্গা, নিউ জিল্যান্ডের টিম সাউদি ও মাল্টার ওয়াসিম আব্বাস।

### কেন্দ্রীয় সরকারি চাকরিতে সারোগেট মা-ও পাবেন ১৮০ দিনের মাতৃত্বকালীন ছুটি

নয়াদিল্লি, ২৩ জুন (হি. স.): কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের জন্য সুখবর। মাতৃত্বকালীন ছুটিতে একটি উল্লেখযোগ্য পরিবর্তন করলো কেন্দ্রীয় সরকার। সারোগেসির মাধ্যমে যে মহিলারা মা হচ্ছেন, এবার তাঁদেরও মিলবে ১৮০ দিনের মাতৃত্বকালীন ছুটি।

# নিট-ইউজি''''র তদন্তভার গেল সিবিআই-এর হাতে

নয়াদিল্লি, ২৩ জুন (হি. স.): নিট বিতর্কের মধ্যে ইউজিসি নেট বাতিল হওয়ার পর কেন্দ্রীয় সরকার জানিয়েছিল, অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে তদন্ত করবে সিবিআই। এবার নিট-ইউজি''''র তদন্তভারও তাদের ওপর। উল্লেখ্য, এনটিএ প্রধানকে অপরাসণ করার পরই এই সিদ্ধান্ত নিলো কেন্দ্রীয় সরকার।

প্রসঙ্গত, শনিবারই দেশের সব বড় মাপের পরীক্ষায় স্বচ্ছতা বজায় রাখতে উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে কেন্দ্রীয় সরকার। সেই কমিটি গঠনের কয়েক ঘণ্টার মধ্যেই এনটিএ-এর ডিজি সুবোধ কুমার সিং-কে সরিয়ে দেওয়া হয়। এই সিদ্ধান্তের পরই জানা গেল, নিট কান্ডের তদন্তভার দেওয়া হচ্ছে সিবিআইকে।

# দেশজুড়ে পালিত আন্তর্জাতিক যোগ দিবস, যোগ ও ধ্যানে মাতোয়ারা ভারত

নয়াদিল্লি, ২১ জুন (হি.স.): দেশজুড়ে অত্যন্ত উৎসাহের সঙ্গে পালিত হল দশম আর্জাতিক যোগ দিবস। শুক্রবার সূর্য্যোদয় হওয়ার সঙ্গে সঙ্গেই যোগ ও ধ্যানে মেতে উঠল গোটা ভারত। কেন্দ্রীয় মন্ত্রী থেকে সেনাবাহিনী, অভিনেতা থেকে বিশিষ্ট ব্যক্তিবর্গ যোগ অনুশীলন করলেন। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এদিন সকালে দিল্লির লোধি গার্ডেনে যোগ প্রদর্শন অনুষ্ঠানে যোগ দেন। তিনি নিজেও যোগ চর্চা করেন। দিল্লিতে যোগ চর্চা করেন কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশী ও বি এল বর্মা।

যোগ অনুশীলন করেছেন কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু, উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও যোগ অনুশীলন করেছেন। আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে যোগাভ্যাস করেছেন কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা, বিজেপি সাংসদ হেমা মালিনী প্রমুখ। দিল্লিতে যোগ চর্চা করেন যোগগুরু বাবা রামদেব। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানও যোগাভ্যাস করেছেন। নাগপুরে যোগ চর্চা করেন কেন্দ্রীয় মন্ত্রী নিতিন গড়করি। অভিনেতা জ্যাকি শ্রফ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে মুম্বইতে যোগব্যায়াম করেছেন।

আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে উত্তর প্রদেশের মথুরায় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, সেনাপ্রধান জেনারেল মনোজ পান্ডে এবং অন্যরা যোগব্যায়াম করছেন। বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এবং অন্যান্য কূটনীতিকরা আন্তর্জাতিক যোগ দিবসে দিল্লিতে যোগব্যায়াম করেছেন। যোগ অনুশীলন করেছেন কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়াও। লাদাখে প্যাংগং লেকের পাশে আইটিবিপি জওয়ানরা যোগাভ্যাস করেছেন। বিএসএফ জওয়ানরাও যোগ অনুশীলন করেন এদিন।

# যোগ বিশ্বের কাছে ভারতের উপহার : কিরেণ রিজিজু

নয়াদিল্লি, ২১ জুন (হি.স.): আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে যোগ অনুশীলন করলেন কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু। শুক্রবার দশম আন্তর্জাতিক যোগ দিবসে দিল্লিতে নানা ধরনের যোগ অনুশীলন করেন কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু। যোগ অনুশীলন শেষে তিনি বলেন, যোগ বিশ্বের কাছে ভারতের উপহার।

কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু ১০-তম আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে নানা ধরেনর যোগ অনুশীলন করেছেন। পরে তিনি বলেছেন, দশমতম আন্তর্জাতিক যোগ দিবসে একটি নতুন রেকর্ড তৈরি হচ্ছে, কারণ বিপুল সংখ্যক মানুষ যোগ অনুশীলন করছেন। বিশ্ব যোগকে গ্রহণ করেছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** **জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স :** **একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# কৈলাসহরের একাধিক বিদ্যালয় বিদ্যাজ্যোতির আওতায় ইংলিশ মাধ্যমের রূপান্তরিত হওয়ায় বিপাকে বাংলা মাধ্যমের ছাত্র-ছাত্রীরা

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৩ জুন।।** রাজ্য সরকার রাজ্যের বেশ কিছু বাংলা মাধ্যম স্কুলকে ইংরেজি মাধ্যম স্কুলে উন্নীত করায় বাংলা মাধ্যমে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা জটিল সমস্যার সম্মুখীন হয়েছেন। পরিস্থিতি এমন এক পর্যায়ে এসে দাঁড়িয়েছে যে কৈলাসহরের ছাত্র-ছাত্রীদের বাংলা মাধ্যমে পড়াশোনা করতে হলে কম করেও ৮-১০ কিলোমিটার পথ অতিক্রম করে বাংলা মাধ্যম স্কুল খুঁজে নিতে হচ্ছে। অবিলম্বে এ বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি উঠতে শুরু করেছে। একমাত্র দ্বাদশমান স্কুল টিলাবাজার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়কে ইংরাজি মাধ্যম স্কুলে পরিনত করায় সমস্যা ডেকে এনেছে ছাত্রছাত্রীদের পড়াশোনায়। অনেক পড়ুয়া মেধাবী ও যোগ্যতা পরিচয় রাখে।সরকারই তাদের পড়াশোনায় মনোবলে আঘাত হানে।টিলাবাজার দ্বাদশ শ্রেণি স্কুলকে ইংরাজি মাধ্যম করে নিয়েছে। মাগুরউলি বা হিরাছড়া বা ডেপাছড়া থেকে শহরের দুরত্ব কমকরেও দশ কিলোমিটার, রাস্তাও বেহাল। প্রতিদিন দশ কিমি রাস্তা হাঁটতে হবে।

এপ্রসঙ্গে জেলা শিক্ষা উপ অধিকর্তা প্রশান্ত কিলিকদারের সঙ্গে কথা বললে তিনি জানান বিষয়টি তাদের নজরে রয়েছে। তিনি বলেন আমরাও খোঁজ নিচ্ছি আর কোন স্কুলকে দ্বাদশ শ্রেণিতে উন্নতি করা যায়। বিধায়ক বীরজিত সিনহা এই বিষয়ে বলেন আমি আগরতলায় শিক্ষা মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলব। কথা বলব শিক্ষা অধিকর্তার সাথে। এইবিষয়ে একই কথা বলেন শাসকদলীয় নেতা তথা পুরপরিষদ ভাইস চেয়ারম্যান নীতিশ দে। মুখ্যমন্ত্রী শিক্ষার দায়িত্ব পালন করেছেন। স্থানীয় অভিভাবকদের তরফ থেকে বিষয়টি শিক্ষা দপ্তর এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়েছে।

# গুরুগ্রামের কারখানায় বিস্ফোরণে আহতের সংখ্যা বেড়ে ১০

গুরুগ্রাম, ২৩ জুন (হি. স.): হঠাৎ বিকট শব্দ! ভয়াবহ বিস্ফোরণে কেঁপে উঠল গুরুগ্রামের দৌলতাবাদ শিল্পাঞ্চল। ঘটনাটি ঘটে শনিবার। অগ্নিনির্বাপণ যন্ত্রে ব্যবহৃত ফায়ার বলের কারখানায় বিস্ফোরণের হয়। ঘটনায় মৃত কমপক্ষে ৪ জন শ্রমিক। সূত্রের খবর, আহতের সংখ্যা বেড়ে হয়েছে ১০ জন।

উল্লেখ্য, সোশ্যাল মিডিয়ায় বিস্ফোরণের একটি ভিডিয়ো ভাইরাল হয়। ওই ভিডিয়োতে দেখা গেছে, বিস্ফোরণের জেরে আলোকিত হয়ে ওঠে দৌলতাবাদ শিল্পাঞ্চল। খবর পেয়ে ঘটনাস্থলে যায় দমকলের ২৪ টি ইঞ্জিন। আগুন নিয়ন্ত্রণে আনতে আশেপাশের দমকল দফতর থেকেও ইঞ্জিন আনানো হয় বলে জানিয়েছেন দমকলের এক আধিকারিক। বিস্ফোরণের জেরে ক্ষতিগ্রস্ত শিল্পাঞ্চল লাগোয়া একাধিক বাড়িঘর। কীভাবে এমন ভয়ঙ্কর বিস্ফোরণ ঘটল তা খতিয়ে দেখতে গঠন করা হয়েছে তদন্তকারী দল।

# ট্রেনের সংরক্ষিত কামরায় ট্রলি ব্যাগ ভর্তি গাঁজা উদ্ধার, ছড়ালো চাঞ্চল্য

আদ্রা, ২৩ জুন (হি.স.): ট্রেনের সংরক্ষিত কামরা থেকে ট্রলি ব্যাগ ভর্তি লক্ষাধিক টাকার গাঁজা উদ্ধার। শনিবার রাতে ভুবনেশ্বর-নিউ দিল্লি তেজস রাজধানী এক্সপ্রেসের সংরক্ষিত কামরা থেকে বিশাল পরিমাণ গাঁজা উদ্ধার হয়। সেই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়। ট্রেনে উপস্থিত টিকিট কালেক্টর ও রেল পুলিশের বিষয়টি নজরে আসতেই দক্ষিণ- পূর্ব রেলের আদ্রা ডিভিশনের আনাড়া রেলওয়ে স্টেশনে খবর দেওয়া হয়। সেই মতো আনাড়া স্টেশনে ট্রেনটি পৌঁছতে আরপিএফ ও জিআরপিএফের আধিকারিকরা সেই ট্রলি ব্যাগটিকে নামান। দেখা যায় সেই ট্রলি ব্যাগের মধ্যে ১১ প্যাকেট গাঁজা রয়েছে। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। এই ঘটনায় এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা হয়নি। তবে সংরক্ষিত কামরায় কীভাবে গাঁজা ভর্তি ওই ব্যাগটি এল? খতিয়ে দেখা হচ্ছে।

# তৃতীয় দিনে পড়ল অতিশীর অনশন, হরিয়ানা সরকারকে তোপ দিল্লির জলমন্ত্রীর

নয়াদিল্লি, ২৩ জুন (হি.স.): রবিবার তৃতীয় দিনে পড়ল দিল্লির জলমন্ত্রী অতিশীর অনির্দিষ্টকালের জন্য অনশন। রবিবার সকালে অনশন মঞ্চ থেকে হরিয়ানা সরকারের বিরুদ্ধে আক্রমণ শানালেন তিনি। অতিশী বলেছেন, 'আমি অনশন করছি, দিল্লিতে জলের বিশাল সঙ্কট রয়েছে। দিল্লির নিজস্ব জল নেই। দিল্লির সব জলই আসে প্রতিবেশী রাজ্য থেকে। দিল্লিতে মোট জল ১০০৫ এমজিডি। যার মধ্যে ৬১৩ এমজিডি (প্রতিদিন মিলিয়ন গ্যালন) হরিয়ানা থেকে আসে, কিন্তু গত ৩ সপ্তাহে, হরিয়ানা তা কমিয়ে দিয়েছে।'

অতিশী আরও বলেছেন, 'তারা (হরিয়ানা) দিল্লিকে জল দিচ্ছে না... হরিয়ানা সরকার বলছে তাঁদের কাছে জল নেই, কিন্তু গতকাল কিছু মানুষ হাথনি কুন্ড ব্যারেজে গিয়ে দেখিয়েছে যে হাথনি কুন্ড ব্যারেজে জল আছে, কিন্তু যে গেট থেকে দিল্লির জন্য জল ছাড়া হয় তা বন্ধ করা হয়েছে এবং সেখান থেকে জল ছাড়া হচ্ছে না।'

# রবিতে স্থিতিশীল পেট্রোল-ডিজেলের দাম

কলকাতা, ২৩ জুন (হি. স.): রবিবার পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন হয়নি। এদিন তেলের দাম একই রয়েছে বিগতদিনের মতোই।

রাজধানী দিল্লিতে রবিবার পেট্রোলের দাম ৯৪.৭২ টাকা এবং ডিজেলের দাম ৮৭.৬২ টাকা। বাণিজ্যনগরী মুম্বইতে পেট্রোল ও ডিজেলের দাম যথাক্রমে ১০৪.২১ এবং ৯২.১৫ টাকা। তিলোত্তমা কলকাতায় পেট্রোলের দাম ১০৩.৯৪ টাকা এবং ডিজেলের দাম ৯০.৭৬ টাকা।

এছাড়াও এদিন চেন্নাইতে পেট্রোলের দাম ১০০.৭৫ টাকা এবং ডিজেলের দাম ৯২.৩২ টাকা। লখনউতে পেট্রোলের দাম ৯৪.৬৫ টাকা এবং ডিজেলের দাম ৮৭.৭৬ টাকা। চণ্ডীগড়ে পেট্রোল ও ডিজেল বিক্রি হচ্ছে যথাক্রমে ৯৪.২৪ টাকা এবং ৮২.৪০ টাকায়।

# ২৪ জুন শুরু হচ্ছে লোকসভার অধিবেশন, ২৬ তারিখ নির্বাচিত হবেন স্পিকার

অভিজিৎ রায় চৌধুরী, নয়াদিল্লি, ২৩ জুন : অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন শুরু হচ্ছে ২৪ জুন, সোমবার। লোকসভার এই অধিবেশনে নবনির্বাচিত সাংসদরা শপথ গ্রহণ করবেন। প্রবীণ বিজেপি সাংসদ ভর্তৃহরি মহাতব অধ্যক্ষ প্রতীম হিসাবে লোকসভার সদস্যদের শপথবাক্য পাঠ করাবেন।

এরপর ২৬ জুন, বুধবার লোকসভার নতুন অধ্যক্ষ নির্বাচিত হবেন। এরপর রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২৭ জুন সংসদের যৌথ অধিবেশনে ভাষণ দেবেন। ওই দিনই রাজ্যসভার অধিবেশনও বসবে। ৩ জুলাই পর্যন্ত সংসদের এই অধিবেশন চলবে।

# যৌন হেনস্থার অভিযোগে এবার গ্রেফতার প্রজ্বলের ভাই বিধায়ক সূরজ রেভান্না

বেঙ্গালুরু, ২৩ জুন (হি. স.): লোকসভা নির্বাচনের মাঝেই গ্রেফতার হন জেডিএস নেতা তথা প্রাক্তন সাংসদ প্রজ্বল রেভান্না। তাঁর বিরুদ্ধে ধর্ষণ এবং যৌনতার ভিডিয়ো টেপ বানানোর অভিযোগ রয়েছে। এবার যৌন হেনস্থার অভিযোগে গ্রেফতার হলেন প্রজ্বল রেভান্নার ভাইও। যৌন হেনস্থা মামলায় গ্রেফতার করা হল জনতা দল (সেকুলার)-র নেতা তথা বিধান পরিষদের সদস্য সূরজ রেভান্নাকে। দলের এক পুরুষ কর্মীকে যৌন হেনস্থার অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে। কর্নাটক পুলিশের তরফে জানানো হয়েছে, জেডি(এস)-এর এক কর্মীর অভিযোগের ভিত্তিতেই সূরজ রেভান্নাকে গ্রেফতার করা হয়েছে।

অভিযোগকারী জেডি(এস)-এর ওই কর্মী জানিয়েছেন, গত ১৬ জুন সূরজ রেভান্না তাঁর ফার্ম হাউসে ডেকে যৌন হেনস্থা করেন। মুখ বন্ধ রাখলে ওই কর্মীকে রাজ্য রাজনীতিতে উত্থানে সাহায্য করবেন বলে প্রতিশ্রুতিও দিয়েছিলেন সূরজ, এমনটাই দাবি অভিযোগকারীর।

প্রসঙ্গত, শনিবার সূরজ রেভান্না ও তাঁর সহকারী পুলিশে অভিযোগ জানিয়েছিলেন যে দুই ব্যক্তি তাঁদের ব্ল্যাকমেল করছে। "মিথ্যা" যৌন হেনস্থার মামলায় তাঁকে ফাঁসানোর ষড়যন্ত্র করা হচ্ছে।

# নিট-পিজি স্থগিত হওয়ায় সরব রাহুল

নয়াদিল্লি, ২৩ জুন (হি. স.): রবিবার পরীক্ষা হওয়ার কথা ছিল নিট-পিজির। কিন্তু তা হবে না বলে জানিয়েছে কেন্দ্র। নিট-পিজি স্থগিত হওয়ায় এবার সরব হলেন রাহুল গান্ধী।

তিনি বলেন, এই সরকারের আমলে কীভাবে শিক্ষা ব্যবস্থা ধ্বংস হয়েছে, এটা তার আরেকটি উদাহরণ। পড়ুয়াদের ভবিষ্যতের জন্য সবচেয়ে বড় বিপদ এই সরকার। রাহুল গান্ধী এও বলেন, ত্যাগ, তপস্যা, পরিশ্রমের মাধ্যমে সাফল্য অবধি পৌঁছোতে পারে তরুণ-তরুণীরা। কিন্তু এই প্রশ্নফাঁস আর পরীক্ষায় দুর্নীতি তাঁদের হতাশা বাড়িয়ে তুলেছে। ইন্ডি জোটের বিরোধীরা এই তরুণ-তরুণীদের ন্যায়ের লড়াইয়ে পাশে আছে বলেও জানান রাহুল। এই বিষয়টি ব্যক্তিগতভাবে সংসদে উত্থাপন করবেন বলেও জানান তিনি।

উল্লেখ্য, ফের কবে নিট-পিজি পরীক্ষা নেওয়া হবে তা এখনও জানানো না হলেও, বলা হয়েছে খুব দ্রুত তারিখ ঘোষণা করা হবে। পরীক্ষা স্থগিত করার কারণ হিসেবে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে, পরীক্ষায় যাতে কোনও রকম অনিয়ম না হয় তা নিশ্চিত করতেই আপাতত এই পরীক্ষা স্থগিত করা হয়েছে।

শনিবারই দেশের সব বড় মাপের পরীক্ষায় স্বচ্ছতা বজায় রাখতে উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে কেন্দ্রীয় সরকার। যে কমিটি গঠন করা হয়েছে সেটি নিট, নেট-সহ যাবতীয় গুরুত্বপূর্ণ পরীক্ষায় স্বচ্ছতা আনতে প্রয়োজনীয় পরামর্শ দেবে। একইসঙ্গে ন্যাশনাল টেস্টিং এজেন্সির যাবতীয় কার্যক্রম এবং কাজের পদ্ধতি খতিয়ে দেখার দায়িত্বও তাঁদের ওপর দেওয়া হয়েছে।

# প্রাণ হারালেন আরও ৩ জন, কাল্লাকুরিচিতে বিষমদ কাণ্ডে মৃত্যু বেড়ে ৫৬

চেন্নাই, ২৩ জুন (হি.স.): তামিলনাড়ুর কাল্লাকুরিচি জেলায় বিষমদ কাণ্ডে মৃতের সংখ্যা বেড়েই চলেছে। রবিবার সকাল পর্যন্ত মৃত্যু বেড়ে ৫৬-তে পৌঁছেছে। রবিবার সকালে কাল্লাকুরিচি জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, 'এখনও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন ১৫৯ জন, তাঁদের মধ্যে ৭ জন মহিলা। বিগত ২৪ ঘণ্টায় ৩ জনের মৃত্যুর পর মোট মৃতের সংখ্যা বেড়ে ৫৬-তে পৌঁছেছে। রবিবার সকালেই একজনের মৃত্যু হয়েছে।'

জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, কাল্লাকুরিচি সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালে এখনও পর্যন্ত ৩১ জন মারা গিয়েছেন। সালেমের সরকারি মোহন কুমারমঙ্গলম মেডিকেল কলেজ ও হাসপাতালে ১৮ জন; সরকারি ভিল্লুপুরম মেডিকেল কলেজ ও হাসপাতালে ৪ জন এবং তিনজন পুদুচেরির জওহরলাল ইনস্টিটিউট অফ স্নাতকোত্তর মেডিকেল এডুকেশন অ্যান্ড রিসার্চ-এ।

# তাপপ্রবাহ থেকে কিছুটা রেহাই, রবিতে দিল্লি-উত্তর ভারতে বৃষ্টির পূর্বাভাস

নয়াদিল্লি, ২৩ জুন (হি. স.): একটানা তীব্র তাপপ্রবাহ থেকে রেহাই পেতে চলেছে দিল্লি ও উত্তর প্রদেশ-সহ উত্তর ভারতের একাধিক রাজ্য। জানা গেছে, রবিবার দিল্লিতে দিনভর মেঘলা আকাশ ও হালকা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। মৌসম ভবন সূত্রে খবর, এদিন দিল্লির সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ৪০ ও ৩০ ডিগ্রি সেলসিয়াস থাকবে। যা গত কয়েকদিনের তুলনায় বেশ খানিকটা কম। ৩০ জুন নাগাদ দিল্লিতে বর্ষা প্রবেশ করতে পারে।

পাশাপাশি সোমবার থেকে আগামী ৭ দিন উত্তর প্রদেশের পূর্বাংশ ও উত্তরাখণ্ডে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বৃষ্টি হলেও আগামী সপ্তাহে উত্তর প্রদেশের পশ্চিমাংশ, দিল্লি, পঞ্জাব, হরিয়ানা, চণ্ডীগড়ের কয়েকটি এলাকায় তাপপ্রবাহের পরিস্থিতি বজায় থাকবে।

# মনু নদী থেকে ময়নাতদন্ত করা মৃতহেব উদ্ধার ঘিরে চাঞ্চল্য

● প্রথম পাতার পর

হয়। উক্ত ঘটনাকে কেন্দ্র করে তীব্র চঞ্চল্য বিরাজ করছে গোটা এলাকায়। মৃতদেহটি সনাক্ত করার জন্য তিন দিন হাসপাতাল মর্গে রাখা হবে বলে জানা গেছে।

# জম্পুই পাহাড়ে ভূমিধসে

● প্রথম পাতার পরট

পরিবার বাস্তুহারা হয়েছেন। তাদের বসত বাড়ি ভূমিধসে তলিয়ে গেছে।গ্রামে প্রবেশের মূল সড়কটিই বিচ্ছিন্ন।গ্রামের উপার্জনের জন্য তৈরি হেক্টর হেক্টর বাগানে ফসল নষ্ট হয়েছে। এমনকি গ্রামের মৃত ব্যক্তিদের কবর স্থান পর্যন্ত ভুমি ধসে ছিটকে পড়েছে। মিজো কনভেনশনের অভিযোগ বিগত বছরে ভুমি ধসের কারণে ত্যালক্সী গ্রামের বাস্তু হারাদের ক্ষতি পুরনের জন্য একাধিকবার জেলা ও মহকুমা স্তরের আধিকারিকদের নিয়ে মিটিং করা হয়েছে।

কিন্তু একাধিকবার কাঞ্চনপুর মহকুমা শাসকের অফিসে যোগাযোগ করেও কোন সাহায্য মেলেনি। এরমধ্যে চলতি বছরে টানা বর্ষণে ফের ভুমি ধসের কারণে সম্পুর্ন গ্রাম তলিয়ে যাচ্ছে।গ্রামে প্রবেশর সড়ক ছিন্ন হয়ে গেছে। ক্ষতিগ্রস্থ হয়েছে গ্রামে পানীয় জল সরবরাহকরী পাইপ লাইন। সবথেকে করুন অবস্থা হয়েছে গ্রামের সরকারি বিশ্ববিদ্যালয়ের দালান বাড়ী। বিদ্যালয়টি যেকোনো সময় ভেঙ্গে পড়তে পারে। কিন্তু এমন দুর্যোগপূর্ণ অবস্থায় প্রশাসনের কোন হেলদোল নেই। যেভাবে ভূমি ধসে বড় বড় ফাটল দেখা দিয়েছে তাতে যে কোন সময় সম্পুর্ন গ্রামই তলিয়ে যাওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। এমনকি নবনির্মিত সড়কটি ও তলিয়ে যেতে পারে। অথচ কোন অজ্ঞাত কারণে প্রশাসনের তৎপরতা দেখা যাচ্ছে না। প্রশাসনের নীরব ভূমিকায় ক্ষুব্ধ জম্পুইবাসী। তাই শেষবারের মতো রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আর্জি জানিয়েছেন। অন্যথায় আদালতে মামলা করেন ক্ষতিপূরণের জন্য। কেননা নির্মাণ সংস্থার প্রযুক্তিগত ত্রুটির জন্যই এই সমস্যার সৃষ্টি হয়েছে। তাই নির্মাণ সংস্থা ক্ষতিপূরণ দিতে বাধ্য বলে দাবি করেন গ্রামবাসীরা।

# জঙ্গল থেকে বৃদ্ধের মৃতদেহ উদ্ধার

● প্রথম পাতার পর

নেশাগ্রস্ত অবস্থায় থাকতেন বলে এলাকাবাসীর সূত্রে জানা গেছে। অন্যান্য দিনের মতো তিনি লতাপাতা সংগ্রহ করতে জঙ্গলে প্রবেশ করেছিলেন বলে স্থানীয়দের ধারণা। সেখান থেকেই বিকেল বেলা মৃত অবস্থায় তাকে উদ্ধার করা হয়। খবর দেওয়া হয় পুলিশে। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জিবি হাসপাতালে পাঠিয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে অতিরিক্ত গরমের কারণে অসুস্থ হয়ে তার মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্তের পরেই মৃত্যুর আসল কারণ জানা যাবে।

# কল্যাণপুরে আন্ত্রিকের থাবা

● প্রথম পাতার পর

বিধায়ক দাবি করেছেন যে সমস্যা সামনে এসেছে তা নিরসনের জন্য প্রশাসন সর্বোপরি নিয়োজিত রয়েছে। আগামী দিনে চিকিৎসকদের সাথে কথা বলে অনতিবিলম্বে সংশ্লিষ্ট এলাকা সহ সন্নিহিত এলাকাগুলোর মধ্যে স্বাস্থ্য এবং চিকিৎসা সংক্রান্ত সচেতনতামূলক শিবির আয়োজন করার পরিকল্পনা রয়েছে এমনটাই দাবি করেন বিধায়ক। পাশাপাশি তিনি জানিয়েছেন যারা হাসপাতালে ভর্তি রয়েছে তাদের সকলেই বর্তমানে সুস্থ রয়েছেন আতঙ্কিত হওয়ার কোন কারণ নেই, তবে বিধায়ক দাবি করেছেন গোটা বিষয়ের প্রতি প্রশাসন তীক্ষ্ণ নজর দিয়ে রেখেছে যাতে করে এই সমস্যা তীব্র আকার ধারণ করতে না পারে।

# নিট ইউজির তদন্ত শুরু করল সিবিআই

● প্রথম পাতার পর

ব্যক্তিদের বিরুদ্ধে নতুন মামলা দায়ের করেছে। প্রসঙ্গত, প্রায় ২৪ লক্ষ শিক্ষার্থী মেডিকেল এন্ট্রান্স পরীক্ষা দিয়েছে। এই পরীক্ষায় অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে বিভিন্ন রাজ্যে বিক্ষোভ দেখাচ্ছেন শিক্ষার্থীরা। নিট ও ইউজিসি-নেট পরীক্ষায় নানা ধরনের অনিয়মের অভিযোগ এসেছে। ইতিমধ্যেই ইউজিসি-নেট পরীক্ষা বাতিলও করা হয়েছে। এবার এ প্রসঙ্গে মুখ খুললেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার। রবিবার তিনি বলেছেন, কেউ রেহাই পাবে না।

ডাক্তারিতে স্নাতক স্তরের প্রবেশিকা পরীক্ষা নিট-ইউজিতে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ নিয়ে সিবিআই এফআইআর দায়ের করেছে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের অভিযোগের ভিত্তিতেই এই এফআইআর দায়ের করা হয়েছে বলে সূত্রের খবর। এ বিষয়ে রবিবার বালুরঘাটে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী তথা বিজেপির রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার বলেছেন, 'এনটিএ ডিজি-কে অপসারণ করা হয়েছে, একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কাউকে রেহাই দেওয়া হবে না। সবাইকে গ্রেফতার করা হবে।'

# অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার

● আটের পাতার পর

এম হাসপাতালের মর্গে রাখা হয়। তবে এলাকাসূত্রে জানা যায় এখানে একটি ছোট মন্দিরের বারান্দায় এক ভবঘুরে কিছুদিন যাবৎ থাকতো। তার নামধাম কেউ কিছু জানেনা। সন্দেহ করা হচ্ছে সেই ব্যক্তিই হতে পারে।

# দিনদুপুরে বিশালগড় কার্যালয়ে দুষ্কৃতীদের হানা

● আটের পাতার পর

করে রাজ্য সন্ত্রাসের পরিস্থিতি কায়েম করার জন্যই বিজেপি দলের কর্মীরা এ ধরনের ঘটনা সংঘটিত করছে বলে সরাসরি অভিযোগ করেছেন সিপিআইএম নেতৃত্বরা।

াঙ্গন

# বৈকুণ্ঠ নাথ স্মৃতি মহিলা ফুটবলে ফুলো ঝানুকে হারালো স্পোর্টস স্কুল




ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে। ফুলো ঝানুকে হারাতে ত্রিপুরা স্পোর্টস স্কুলের আজ অনেকটা ঘাম ঝরাতে হয়েছে। তবুও জয়ের ধারা অব্যাহত রেখে এগোচ্ছে ত্রিপুরা স্পোর্টস স্কুল। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত বৈকুণ্ঠ নাথ মেমোরিয়াল মহিলা ফুটবল লিগ আসরের পঞ্চম ম্যাচে স্পোর্টস স্কুল ৪-৩ গোলের ব্যবধানে ফুলো ঝানু ক্লাবকে পরাজিত করেছে। স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকাল ৮ টায় ম্যাচ শুরুতে প্রথম গোলটি হয় ৭ মিনিটের মাথায় স্পোর্টস স্কুলের মেরিনা জমাতিয়ার সৌজন্যে।

তিন মিনিট বাদে শ্রেয়া দেব আরেকটি গোল করে ব্যবধান বাড়িয়ে দুই-শূন্য করে নেয়। প্রথমার্ধে আর তেমন গোলের সুযোগ কেউ পায়নি। তবে দ্বিতীয়ার্ধের দুই মিনিটের মাথায় ফুলো ঝানুর রুপাই ওড়াং হঠাৎ আক্রমণে একটি গোল করে ব্যবধান কমিয়ে আনে।

কিন্তু ছয় মিনিট বাদে স্পোর্টস স্কুলের শ্রেয়া আরও একটি গোল করে ব্যবধান তিন-এক করে নেয়। খেলার ৬৪ মিনিটের মাথায় ফুলো ঝানুর দিপালী হালামের গোলে ব্যবধান কমে ২-৩ হয়। ৭৮ মিনিটের মাথায় স্পোর্টস স্কুলের বাসন্তী রিয়াংয়ের গোল স্পোর্টস স্কুলের পক্ষে ব্যবধান বাড়িয়ে ৪-২ করে। খেলার শেষ পর্যায়ে ফুলো ঝানুর মেয়েরা লাগাতর আক্রমণাত্মক খেলে ৮৬ মিনিটের মাথায় দিপালী হালামের দ্বিতীয় গোল ব্যবধান ৩-৪ করে। তবে পরবর্তী সময়ের অন্তিম প্রয়াস সত্ত্বেও খেলায় সমতা ফিরিয়ে আনতে পারেনি। খেলায় অসাধরণের দায়ে রেফারি বিজয়ী দলের একজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি সুকান্ত দত্ত, আদিত্য দেববর্মা, রাজীব ত্রিপুরা ও ইন্দ্রানী দে। খেলায় ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার পেয়েছে ফুলো ঝানুর মৌসুমী ওড়াং। খেলা শেষে এক বিশেষ আয়োজনে সিনিয়র ক্রীড়া সাংবাদিক সুপ্রভাত দেবনাথ সেরা খেলোয়াড় মৌসুমী ওড়াং-এর হাতে প্রাইজমানির অর্থ রাশি তুলে দেন।

# ইয়ুথ ক্লাবকে হারিয়ে প্রথম জয় ইউনাইটেড বি এস টি-র




ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রথম জয়ের স্বাদ পেয়েছে ইউনাইটেড বি এস টি। নিজেদের প্রথম খেলায় জম্পুইজলার কাছে ০-৩ গোলে হেরে পয়েন্ট খুইয়ে, দ্বিতীয় ম্যাচে আজ, রবিবার ইয়ুথ ক্লাবকে ৭-০ গোলের বড় ব্যবধানে হারিয়ে দুর্দান্তভাবে নিজেদের কাম-ব্যাকের সংকেত দিয়েছে। টিএফএ আয়োজিত সি ডিভিশন ফুটবল লিগের এ গ্রুপের ষষ্ঠ খেলায় ইউনাইটেড বিএসটি ৭ গোলের বড় ব্যবধানে ইয়ুথ ক্লাব কে পরাজিত করেছে। স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকেল তিনটার খেলায় ইউনাইটেড বিএসটি শুরু থেকেই আক্রমণাত্মক খেলে প্রথমার্ধেই খেলোয়াররা দলকে ৩-০ তে লিড এনে দেয়। ৬ মিনিটের মাথায় প্রথম গোল মুন্না হোসেনের। ছয় মিনিট বাদে দ্বিতীয় গোল মহিন্দ্র কুমার জমাতিয়ার পা থেকে। ফের ১৫ মিনিট বাদে মিলন ত্রিপুরার গোলে ব্যবধান বেড়ে ৩-০ হয়। পরবর্তী সময়ে আক্রমণ প্রতি আক্রমণের মধ্য দিয়ে খেলা এগোতে থাকে। দ্বিতীয়ার্ধের ৮ মিনিটের মাথায় লালরেন ডিকা ডার্লং এর গোলে ফের ইউনাইটেড বিএসটি গোলমুখী আক্রমণে সাফল্য পেতে থাকে। তবে ৭০ ও ৭৮ মিনিটের মাথায় খনি জমাতিয়া ও মুজেস ত্রিপুরা পরপর দুটি গোল করে ব্যবধান বাড়িয়ে ৬-০ করে নেয়। একেবারে অন্তিম পর্যায়ে শেষ বাঁশির এক মিনিট আগে সেই প্রথম গোলদাতা মুন্না হোসেন শেষ গোলটি করে চূড়ান্ত ব্যবধান ৭-০ করে নেয়। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি বিপ্লব সিংহ, বিশ্বজিত দাস, সজল চন্দ্র গোপ ও শিবজ্যোতি চক্রবর্তী। দিনের খেলা: বেলা একটায় ঐকতান যুব সংস্থা বনাম সিমনা তামাকারী ফুটবল ক্লাব।

# প্রীতমের ৫ গোল, কদমতলীকে হারিয়ে জয়ের ধারা অব্যাহত সরোজ সংঘের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টানা জয় সরোজ সংঘের। তাও ৮-০ গোলের বিশাল ব্যবধানে। তবে আট গোলের মধ্যে প্রীতম একাই পাঁচটি গোল করেছে। এক কথায় সরোজ সংঘের ক্রীড়া শৈলীতে এবারের আসরে সাফল্যের দাবিদার মনে হচ্ছে। টিএফএ আয়োজিত সি ডিভিশন ফুটবল লিগের বি গ্রুপের ষষ্ঠ ম্যাচে সরোজ সংঘ ৮ গোলের ব্যবধানে কদমতলী যুব সংস্থাকে পরাজিত করেছে।

প্রথমার্ধে বিজয়ী দল ৫-০ গোলে এগিয়ে ছিল খেলার প্রথম গোল প্রীতম সরকারের পা থেকে ১৩ মিনিটের মাথায়। উল্লেখ্য, খেলার ২৩, ৪৯, ৫০ ও ৮২ মিনিটের মাথায় প্রীতম সরকারের আরও চারটি গোল মাঠে উপস্থিত প্রত্যেকের নজর কেড়েছে। এছাড়া ১৮ ও ২১ মিনিটের মাথায় অবর্ণহরি জমাতিয়া এবং মনীষ দেববর্মার পরপর দুটি গোলে প্রতিপক্ষ কদমতলীর ছেলেরা অনেকটা কোন ঠাসা হতে থাকে। প্রথমার্ধের ইনজুরি টাইমে অবর্ণহরির দ্বিতীয় গোল দলের পক্ষে বিরতির আগে ৫-০ তে লিড এনে দেয়।

দ্বিতীয়ার্ধের তিনটি গোল ক্রমান্বয়ে প্রীতম সরকারের। অনেকটা একতরফা খেলায় সরোজ সংঘ




আট গোলের ব্যবধানে কদমতলী যুব সংস্থাকে পরাজিত করে জয়ের ধারা অক্ষুণ রেখেছে। খেলায় অসদাচরণের দায়ে রেফারি দু-দলের চারজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি বিশ্বজিৎ দাস, শিবজ্যোতি চক্রবর্তী, সজল চন্দ্র গোপ ও বিপ্লব সিংহ। দিনের খেলা: বিকেল তিনটায় আমরা ক-জনা বনাম উমাকান্ত কোচিং সেন্টার।

# কমলপুর কলেজের উদ্যোগে শারীর শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান নিয়ে আন্তর্জাতিক কনফারেন্স

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। কমলপুর ডিগ্রী কলেজের উদ্যোগে, ত্রিপুরা ইউনিভার্সিটির সহযোগিতায় ফিজিক্যাল এডুকেশন ও স্পোর্টস সায়েন্স এর উপর তিন দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্সের আয়োজন করা হয়েছে। সূর্যমনিনগরস্থিত ত্রিপুরা ইউনিভার্সিটিতে তা অনুষ্ঠিত হবে। আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন করে জানালেন কনফারেন্সের চেয়ারম্যান ও সেক্রেটারি। উল্লেখ্য, আজকের সাইবার যুগে শারীরিক সুস্থতা ও যোগব্যায়ামের তাৎপর্যের গুরুত্বকে মাথায় রেখে কমলপুর ডিগ্রী কলেজের শারীর শিক্ষা বিভাগের উদ্যোগে তিন দিনের আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। সম্মেলনের শিরোনাম 'এডভান্স কনসেপ্টস অফ ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স : ট্রান্সফর্মিং পারফরমেন্স, ওয়েলনেস এন্ড সোসাইটি'।

আগামী ২৫ থেকে ২৭ জুন এই সম্মেলন চলবে ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স ও ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের শারীর শিক্ষা বিভাগের সহযোগিতায় এবং ভারতীয় সামাজিক বিজ্ঞান গবেষণা কাউন্সিল, ভারত সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রণালয় ও ত্রিপুরা সরকারের উচ্চ শিক্ষা দপ্তরের পৃষ্ঠপোষকতায়। কলেজ স্তরে এত বড় মাপের আন্তর্জাতিক সম্মেলন ত্রিপুরায় সম্ভবত এই প্রথম অনুষ্ঠিত হতে চলেছে। ধলাই জেলার কমলপুরে এই স্তরের সম্মেলন আয়োজনে পরিকাঠামোগত সীমাবদ্ধতার কারণে সম্মেলনের স্থান আগরতলার সূর্যমনিনগরে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্থানান্তর করতে হয়েছে। তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের চেয়ারপার্সন হলেন কমলপুর ডিগ্রি কলেজের অধ্যক্ষ ড় অভিজিৎ সরকার এবং সাংগঠনিক সম্পাদক হলেন মহাবিদ্যালয় এর শারীর শিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান ড় সুবল চন্দ্র দাস। সম্মেলনে বিশ্বের বিভিন্ন প্রান্ত এবং ভারতের বিভিন্ন রাজ্য থেকে প্রায় ৭০ জন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিনিধি উপস্থিত থাকবেন। এই কর্মযজ্ঞটি সাফল্যমন্ডিত করে তোলার জন্য উদ্যোক্তারা সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন।

# সিনিয়র রাজ্য মিট এলিট ক্রিকেটে কমলপুরকে হারিয়ে মোহনপুর শেষচারে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। মোহনপুরের দুর্দান্ত জয়। সিনিয়র স্টেট মীট এলিট গ্রুপের ক্রিকেটে। হারিয়েছে শক্তিশালী কমলপুরকে। এই জয়ের সুবাদে মোহনপুর গ্রুপ বি থেকে সেমিফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। দ্বিতীয় কোনদল গ্রুপ বি থেকে শেষচারে খেলবে তা নির্ভর করছে ২৫ জুন কমলপুর বনাম সদর ম্যাচের রেজাল্ট এর উপর। খেলা ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সিনিয়র রাজ্য মিট এলিট গ্রুপের বি বিভাগের। পুলিশ ট্রেনিং একাডেমি গ্রাউন্ডে সকাল ন-টায় ম্যাচ শুরুতে কমলপুর প্রথমে ব্যাটিং এর সুবিধা পেলেও তেমন ব্যাটিং নৈপুণ্য দেখাতে পারেনি। ২৪ ওভারে ৫৮ রান সংগ্রহ করেই ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। মোহনপুরের ইন্দ্রজিৎ দেবনাথ, সন্দীপ সরকার ও সুভাষ চক্রবর্তীর বোলিং দাপটে কমলপুর অল্পেতেই থেমে যায়। কমলপুরের সর্বাধিক ১৫ রান রিমন্ড দেববর্মার ব্যাট থেকে। মোহনপুরের ইন্দ্রজিৎ চার রানে চারটি উইকেট তুলে নিয়ে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও উপায়। এছাড়া, সন্দীপ ও সুভাষ পেয়েছে দুটি করে উইকেট। জবাবে ব্যাট করতে নেমে মোহনপুরের প্রারম্ভিক ব্যাটসম্যানরা ৮ ওভার খেলে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়।

দেবাংশু দত্তের ২৫ রান এবং রোহন বিশ্বাসের ১৪ রান দলকে দ্রুত জয় এনে দেয়।

দিনের খেলা: ধর্মনগর কলেজ স্টেডিয়ামে শান্তিরবাজার বনাম উদয়পুর।

# ব্যাপক উৎসাহ উদ্দীপনায় রাজপথে ত্রিপুরা অলিম্পিক অ্যাসো-র মেগা র‍্যালী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনায় মেগা র‍্যালী অনুষ্ঠিত হয়েছে। ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের উদ্যোগে এই শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। আন্তর্জাতিক অলিম্পিক দিবসকে সামনে রেখে ছিল এই মেগা অলিম্পিক র‍্যালীর আয়োজন। রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে সকাল সাতটায় শুরু হয়েছিল। প্রতিটি ক্রীড়া সংস্থা, সংগঠন, ক্লাব, অনুমোদিত এসোসিয়েশন, এনজিও এবং প্রতিষ্ঠানের পাশাপাশি আপামর ক্রীড়া প্রেমীদের নিয়ে এই শোভাযাত্রার ফ্ল্যাগ অফ করেন ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের চেয়ারম্যান রতন সাহা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ত্রিপুরার অলিম্পিক অ্যাসোসিয়েশনের অন্যান্য কর্মকর্তাদের পাশাপাশি রাজ্য ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের আধিকারিকরাও উপস্থিত ছিলেন। মেগা র‍্যালী রবীন্দ্রভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে বিভিন্ন রাজপথ পরিক্রমা করে পুনরায় রবীন্দ্রভবন প্রান্তে এসে শেষ হয়েছে। আন্তর্জাতিক অলিম্পিক দিবসকে সামনে রেখে আয়োজিত এই মেগা র‍্যালী সাফল্যমন্ডিত হওয়ায় সংস্থার পক্ষ থেকে সম্পাদক সুজিত রায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# ভারত কেশরী শ্যামাপ্রসাদ মুখার্জির আত্ম বলিদান দিবস পালিত বিজেপি প্রদেশ কার্যালয়ে



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** রবিবার যথাযোগ্য মর্যাদায় রাজ্যেও পালিত হল ভারত কেশরী শ্যামাপ্রসাদ মুখার্জির আত্মবলিদান দিবস। এদিন বিজিবি প্রদেশ কার্যালয়ে এ দিনটি পালন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপির সভাপতি রাজিব ভট্টাচার্য, বিধায় দীপক মজুমদার সহ অন্যান্য নেতৃত্বরা।

এদিন ভারত কেশরী শ্যামাপ্রসাদ মুখার্জির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানিয়েছেন উপস্থিত অতিথিরা।

সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিজেপি প্রদেশ সভাপতি রাজিব ভট্টাচার্য শ্যামাপ্রসাদ মুখার্জির অবদান নিয়ে আলোচনা করেন। তিনি বলেন ২৩ জুন শ্যামাপ্রসাদ মুখার্জির আত্ম বলিদান দিবস। আপুর দিকে ৬ জুলাই ওনার জন্মদিন। তাই পক্ষকালব্যাপী বিভিন্ন কর্মসূচির আয়োজন করেছে বিজেপি দল।

## ১৫ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে প্রদেশ বিজেপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** ভারত কেশরী শ্যামাপ্রসাদ মুখার্জির আত্মবলিদান দিবস ২৩ জুন, অপরদিকে ওনার জন্মদিন ৬ জুলাই। একে কেন্দ্র করে ১৫ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে প্রদেশ বিজেপি দল।

রবিবার এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমেপ্রদেশ বিজেপির সহ-সভাপতি তাপস ভট্টাচার্য এই কর্মসূচি গুলির বিস্তারিত তুলে ধরে। তিনি জানান, ২৩ জুন পালিত হয়েছে শ্যামাপ্রসাদ মুখার্জির আত্ম বলিদান দিবস। আগামী ২৫ জুন কালো দিবস হিসেবে পালন করা হবে। এদিন রাজ্যের বিভিন্ন জেলাতে এই দিনটিকে কেন্দ্র করে সভা অনুষ্ঠিত হবে। আগামী ৩০ জুন থেকে পুনরায় শুরু হচ্ছে মন কি বাত অনুষ্ঠান। এই অনুষ্ঠান এদিন গোটা রাজ্যের বিভিন্ন জেলায় মন্ডল কার্যালয়ে কর্মীদের দেখার ব্যবস্থা করা হবে। এছাড়াও ২৩ জুন থেকে ৬ জুলাই পর্যন্ত গোটা দেশ ব্যাপী পালিত হবে "এক পের মা কি নাম "। ২৭ জুন থেকে ১০ জুলাই এর মধ্যে এক্সটেন্ডেড স্টেট এক্সিকিউটিভ কমিটি মিটিং।

# পাবলিশার্স এন্ড বুকসেলার অ্যাসোসিয়েশন বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত, গঠিত হল নতুন কর্মসমিতি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** রবিবার পাবলিশার্স এন্ড বুকসেলার অ্যাসোসিয়েশন বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত আগরতলা প্রেস ক্লাবে।

উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী সুব্রত চক্রবর্তী এবং পশ্চিম জেলার জেলা সভাধিপতি হরিদুলাল আচার্জী সহ অন্যান্যরা।

এদিন উপস্থিত অতিথীরা প্রদীপ প্রজনন করে এই বার্ষিক সম্মেলনের শুভ সূচনা করেন।

এদিনের এই বাসক সম্মেলনে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। স্বাগত ভাষণ রাখেন সংগঠনের সভাপতি তথা পারুল প্রকাশনীর কর্ণধার গৌরদাস সাহা। তিনি বলেন ছোট বড় সব প্রকাশকের স্বার্থ রক্ষা করাই অ্যাসোসিয়েশনের মূল লক্ষ্য।

পাবলিশার্স এবং বুক সেলার্সদের সুবিধা-অসুবিধা লক্ষ্য রাখা এবং তাদের দাবি-দাওয়া গুলি সরকারের পৌঁছে দেওয়াই অ্যাসোসিয়েশনের মূল লক্ষ্য বলে জানান তিনি।

এদিনের এই সম্মেলনে অ্যাসোসিয়েশনের পুরনো কমিটি নতুন কর্মসমিতি গঠন করা হয়। গুরু দার সাহা এবং রাখাল মজুমদার সংগঠনের সভাপতি ও সম্পাদক রূপে পুণনির্বাচিত হয়েছেন এদিন। এছাড়াও সহ-সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন সুদামচন্দ্র সাহা। সহ-সম্পাদক পদে দেবাশীষ পাল, কোষাধ্যক্ষ পদে বিশ্বনাথ রায় নির্বাচিত হয়েছেন। এছাড়া অন্যান্য সদস্যরা হলেন জয়জিৎ সাহা, বিক্রম সাহা, অজয় কুমার রায়, স্বপন রায়, রাজীব দত্ত ও বিমল বিকাশ সাহা।

## পিজি নীট পরীক্ষা স্থগিত, উদ্বেগ প্রকাশ আমরা বাঙালি দলের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রালয়ের তরফ থেকে পিজি নীট পরীক্ষা স্থগিত করা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে আমরা বাঙালি দল। এ বিষয়ে আমরা বাঙালী রাজ্য কার্যালয়ের প্রচার সচিব দুলাল ঘোষ বলেন, পরীক্ষার আগের দিন রাত্রে মাত্র ১০-১২ ঘন্টা আগে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রালয়ের তরফ থেকে পিজি নীট পরীক্ষা স্থগিত করা হয়, এর ফলে দুর্ভোগে পোহাতে হয়েছে ছাত্র-ছাত্রীসহ অভিভাবকদের। পরীক্ষা যেহেতু সকাল নয়টা থেকে শুরু এবং সাড়ে সাত টা থেকে স্ক্রুটিনি শুরু তাই দূরবর্তী স্থানের অভিভাবক অভিভাবিকাগণ পরীক্ষার আগের দিন রাত্রেই ছাত্র ছাত্রীদের নিয়ে হাজার হাজার টাকা খরচ করে বিভিন্ন হোটেল ও গেষ্ট হাউজে উঠেন। আর বাকিরা যখন সকালে পরীক্ষা হলে যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছেন ভারতের সর্বত্র এই একই চিত্র ছিল ঠিক সেই মুহূর্তে একটি সর্বভারতীয় পরীক্ষা স্থগিত করা খুবই দুঃখের বিষয়। এছাড়া যখন ইউজি নীট নিয়ে একের পর এক কেলেঙ্কারি প্রকাশ পাচ্ছে ও সমগ্র ভারত জুড়ে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে ছাত্র ছাত্রীদের তরফ থেকে ও বিভিন্ন রাজনৈতিক সংগঠন থেকে। এই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে আমরা বাঙালি দল।

# রহিমপুরে সীমান্ত এলাকায় বসবাসকারী সাধারণ মানুষের সমস্যা সমাধানে এগিয়ে এলেন বিএসএফ কর্তৃপক্ষ

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর,২৩ জুন।।** বক্সনগর আর ডি ব্লকের অন্তর্গত সীমান্তবর্তী গ্রাম হল রহিমপুর।

সমাজকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য,সামাজিক দায়বদ্ধতা নিয়ে সীমান্তবর্তী মানুষের বিভিন্ন সমস্যা, সমাধানে এগিয়ে এসেছেন ১৫০ ব্যাটেলিয়ান রহিমপুর কোম্পানী কমান্ডার অফিসার।

আজ বেলা ১২ টায় রহিমপুর গ্রাম পঞ্চায়েত অফিসে সীমান্তবর্তী মানুষের বিভিন্ন সমস্যা নিয়ে তাদের আসা-যাওয়া নিয়ে স্কুল ছাত্র ছাত্রীদের আসা যাওয়ার সুবিধা ও অসুবিধা আলোচনা করা হয়। উক্ত আলোচনার বৈঠকে উপস্থিত ছিলেন রহিমপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান আক্তার হোসেন তার পঞ্চায়েতের অন্যান্য সদস্য সদস্যা বৃন্দ এবং বক্সনগর আর ডি ব্লকের সুপারভাইজার কমল চন্দ্র সরকার উপস্থিত ছিলেন।

সীমান্তবর্তী মানুষের সঙ্গে সম্পর্ক বজায় রেখে বিভিন্ন বিষয়গুলি সমস্যা সমাধানের মাধ্যমে এবং তাদের উন্নয়নযাতে সঠিকভাবে হয়, তার জন্য বিএসএফ কর্তৃপক্ষ হাত বাড়িয়ে দেবেন বলে রহিমপুর কোম্পানি কমান্ডার জানিয়েছেন পঞ্চায়েত বডি নিকট।

গভমেন্টের উন্নয়নকে ত্বরান্বিত করার জন্যই আজকের এই বৈঠক। তার পাশাপাশি সীমান্তবর্তী মানুষের সুখ সমৃদ্ধি কামনা করেন এর পক্ষ থেকে এবং রহিমপুর গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে আশ্বাস দেওয়া হয় সীমান্তে যে কোন সমস্যা সমাধান এগিয়ে আসবে গ্রাম পঞ্চায়েত এবং ব্লক। আজকের এই বৈঠক থেকে গ্রামবাসীর মধ্যে এবং বিএসএফের মধ্যে হৃদয়ের মেলবন্ধন সুদৃভাতৃত্ব গড়ে উঠবে।

## লোকসভা নির্বাচনে বিজেপির জয়ের আনন্দে বিজয় মিছিল আয়োজিত প্রতাপগড় মন্ডল এর উদ্যোগে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** রবিবার ১৩ প্রতাপগড় মন্ডলের উদ্যোগে বিজয় উৎসব অনুষ্ঠিত হয়। এদিনের এই বিজয় উৎসবে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপির সভাপতি রাজিব ভট্টাচার্য, বিজেপি সদর জেলা শহরাঞ্চল কমিটির সভাপতি অসীম ভট্টাচার্য সহ অন্যান্যরা।

২০২৪ লোকসভা নির্বাচনে সরকার গঠন করেছে এনডিএ সরকার। তৃতীয়বারের জন্য মুখ্যমন্ত্রী হয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গোটা দেশ ব্যাপী এই জয়ের আনন্দ উদযাপন করছে বিজেপি দল। রাজ্যও এর ব্যতিক্রম নয়। রাজ্যের বিভিন্ন জায়গায় বিজয় দিবস পালিত হচ্ছে। এদিন প্রতাপগড় মন্ডলের উদ্যোগে আয়োজিত ঐ বিজয় উৎসবে উপস্থিত থেকে প্রদেশ বিজেপির সভাপতি রাজিব ভট্টাচার্য এই জয়ের জন্য সকল কর্মী সমর্থকদের শুভেচ্ছা জানান। তিনি বলেন রাজ্যের মানুষ বিজেপির উপর আস্থা রেখেছে। তাই রাজ্যের দুটি কেন্দ্রে বিজেপি, বিপুল ভোটে জয়ী হয়েছে। এদিন বনকুমারি নেতাজি সংঘের মাঠে এই বিজয় উতসব সংঘটিত করা হয়। একটি রেলি মন্ডলের বিভিন্ন এলাকা পরিক্রম করে পুনরায় মাঠে এসে উৎসবে মেতে ওঠে।

## দিনদুপুরে বিশালগড় কার্যালয়ে দুষ্কৃতীদের হানা

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২৩ জুন।।** দিনদুপুরে সিপিআইএম অফিসে দুষ্কৃতিদের হানা। ঘটনায় অভিযোগের আঙ্গুল বিজেপি দলের দিকে। রবিবার দুপুরে বিশালগড় সিপিআইএম দলীয় কার্যালয়ের অফিসে একদল যুবক গাড়ি করে এসে দলীয় কার্যালয়ের ভেতরে প্রবেশ করে দলীয় কার্যালয় ভেঙে চুরমার করে দেওয়ার পাশাপাশি কর্মীদের প্রাণনাশের হুমকি দিয়েছে বলে জানিয়েছেন সিপিএম নেতৃত্ব। এর আগেও প্রায় নয়বার এই দলীয় অফিস আক্রান্ত হয়েছে বলে জানিয়েছেন তিনি। ইতিমধ্যেই অভিযুক্তদের নামধাম দিয়ে বিশালগড় থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন সিপিআইএম নেতৃত্বরা। এ ধরনের ঘটনা এর আগেও বেশ কয়েকবার ঘটে গেলেও ঘটনায় কোন গ্রেফতারের খবর পাওয়া যায়নি। তাই এবারের অভিযোগের ভিত্তিতে পুলিশ যেন ঘটনার তদন্ত করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেন তার দাবি জানিয়েছেন সিপিআইএম নেতৃত্বরা। মূলত পঞ্চায়েত নির্বাচনের প্রচারে বিঘ্ন সৃষ্টি ☛ ৬ এর পাতায় দেখুন

# সাংবাদিক সম্মেলনের মাধ্যমে ধর্মনগরের আরিয়াভার্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি তুলে ধরলেন আগামীদিনের রূপরেখা

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৩ জুন।।** রবিবার দুপুরে ধর্মনগরের আরিয়াভার্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি তাদের ন্যায়তা নিয়ে এক সাংবাদিক সম্মেলন করলেন ইউনিভার্সিটি কর্তৃপক্ষ। এই সম্মেলনে উপস্থিত ছিলেন ইউনিভারসিটির ভাইস চ্যান্সেলর ডক্টর গুঞ্জন বংশাল, রেজিস্টার দীপক বংশাল, কমার্স ডিপার্টমেন্টের দায়িত্বপ্রাপ্ত জয় দেবনাথ, মার্কেটিং এর দায়িত্বপ্রাপ্ত গৌরীশ চক্রবর্তী এবং রাজনৈতিক বিভাগের দায়িত্বপ্রাপ্ত চন্দন দেবনাথ।

তারা জানান ইউজিসি থেকে যে লিস্ট বের হয়েছে তাতে এই ইউনিভার্সিটিটির নাম না থাকলেও তারা একজন ন্যায় পাল নিযুক্ত করেছেন। ইউজিসিয়ের নিয়ম অনুযায়ী একজন ন্যায়পাল আবশ্যক। যে ১৫৭ টি ইউনিভার্সিটির নাম ঘোষণা করা হয়েছে তার মধ্যে ১০২ টি হচ্ছে সরকারি স্বীকৃতিপ্রাপ্ত এবং ৪৭টি ইউনিভার্সিটি হচ্ছে বেসরকারি। ন্যায়পাল হিসাবে এই ইউনিভার্সিটি রিটায়ার্ড ম্যাজিস্ট্রেট পঙ্কজ পালকে নিয়োগ করেছে।

কিন্তু তাদের কাগজপত্র পৌঁছুতে পৌঁছুতে ইন্টারনেটের মাধ্যমে তারা ১৫ জুন হয়ে গেছে তাই যে ইউনিভার্সিটি লিস্ট বের হয়েছে তাতে এই ইউনিভার্সিটিটির নাম নেই। কিন্তু ইউনিভার্সিটির পক্ষ থেকে বৃক্ষরোপণ , যোগা এমনকি বিভিন্ন বিশেষ ফেসিলিটি ছাত্রদেরকে দেওয়ার ব্যবস্থা রয়েছে। তাই পরের লিস্টে এই ইউনিভার্সিটিটির নাম চলে আসবে বলে কর্তৃপক্ষ আশাবাদী।

এই ইউনিভার্সিটিটির নুতন বিল্ডিং এর কাজ তিলথৈ এর পালগাঁওয়ে প্রায় শেষের পথে। আগামী আগস্ট মাসে এই নূতন বিল্ডিং এর উদ্বোধন হবে বলে তারা জানিয়েছেন। একই সাথে দুই হাজার ছাত্রছাত্রী এই ইউনিভার্সিটিতে ক্লাস করতে পারবে। আগস্ট মাস থেকে এদের ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। প্রতিদিন যথারীতি ইউনিভার্সিটি কাজকর্ম চলছে বলে কর্তৃপক্ষ জানিয়েছেন। উত্তর ত্রিপুরার একমাত্র আন্তর্জাতিক ইউনিভার্সিটি আরিয়া ভার্ট ইউনিভার্সিটিতে দলে দলে ছাত্রছাত্রীরা এসে তাদের কলেজ পর্যায় থেকে শুরু করে একেবারে পি এইচ ডি পর্যায় পর্যন্ত সাথে পড়াশোনা করার সুযোগ পাবে।

## অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ২৩ জুন।।** ধলাই জেলার কমলপুরের মায়াছড়ি এলাকায় এক অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

ঘটনার বিবরণে জানা যায়, মায়াছড়ি দশ নং চা বাগান এলাকায় আজ এক ব্যক্তির পচাগলা দেহ উদ্ধার হয়। জায়গাটি মায়াছড়ি ও বিলাসছড়া ও মায়াছড়ি পঞ্চায়েতের সংযোগ স্থলে। তবে পুরুষ ঐ ব্যক্তি কোথা থেকে এসেছে কেউ বলতে পারেনা। চা বাগানের পাশে একটি ঢালু জায়গায় তার মৃতদেহ পড়েছিল। দেহতে পচন ধরে গেছে। তাই চেনার কোনো উপায় নেই।

এদিকে এলাকার কেউ নিখোঁজ বলেও কোনো তথ্য নেই। খবর পেয়ে কমলপুর থানার ও সি সঞ্জয় লস্কর সহ আরও অফিসার ও পুলিশ বাহিনী গিয়ে পচাগলা দেহ উদ্ধার করে বি এস ☛ ৬ এর পাতায় দেখুন

# বহিঃরাজ্যে পাচারের পথে দেড় কোটি টাকার গাঁজা উদ্ধার, ধৃত এক



**নিজস্ব প্রতিনিধি , চুরাইবাড়ি, ২৩ জুন।।** দেড় কোটি টাকা মূল্যের বিপুল পরিমাণ গাঁজা আটক অসম পুলিশের হাতে। ঘটনায় ধৃত চালক।তিন লক্ষ টাকার বিনিময়ে আগরতলা থেকে বিপুল পরিমাণ গাঁজা বহিঃরাজ্যে পাচারের সময় অসম চুরাইবাড়ি ওয়াচপোস্টের পুলিশের হাতে আটক গাঁজা সহ চালক।

যদিও আগরতলা থেকে চুরাইবাড়ি পর্যন্ত জাতীয় সড়কের উপর অবস্থিত এতগুলো থানায় তল্লাশি করা হলেও গাঁজা আটক করতে সক্ষম হয়নি রাজ্য পুলিশ। নামকাওয়াস্তে তল্লাশি করে নিজেদের দায়িত্ব খালাস করছে পুলিশ। রাজ্যের এতগুলি নাকা পেরিয়ে কিভাবে এই গাজা বোঝাই গাড়ি রাজ্যের সীমান্তে পৌঁছালো তা নিয়ে প্রশ্ন দেখা দিচ্ছে।

আগরতলা থেকে এইচপি১৭- ই - ৯৪৭৪ নম্বরের একটি বারো চাকার ট্রাক গাড়ি বিহারের গাজীপুর যাওয়ার উদ্দেশ্যে ত্রিপুরা সীমান্ত পেরিয়ে অসম চুরাইবাড়ি ওয়াচ পোস্টের নাকা গেটে আসে। অপরদিকে, ইনচার্জ প্রনব মিলি দলবল নিয়ে আগে থেকেই ওৎ পেতে বসে থাকেন। সন্ধ্যা সাড়ে ছয়টা নাগাদ গাড়িটি আসতেই সেটি আটক করে তল্লাশি চালিয়ে খালি বস্তার মাঝে থাকা গোপন কেবিন থেকে এই বিপুল পরিমাণ গাঁজাগুলো জব্দ করা হয়। ছোট বড়ো ৯২ প্যাকেটে মোট ৮০৬ কেজি শুকনো গাঁজা জব্দ করা হয়। যার কালোবাজারি মূল্য প্রায় দেড় কোটি টাকা বলে জানান ইনচার্জ মিলি।

এদিকে গাড়ির চালক অমিত কুমারকে(পিতা পিয়ারী লাল) আটক করা হয়েছে। তার বাড়ি হিমাচল প্রদেশের মাজরা থানার পদ্দুনী গ্রামে। সে জানায়, তিন লক্ষ টাকার বিনিময়ে সে গাঁজাগুলো বিহার নিয়ে যাচ্ছিল। পুলিশ তার বিরুদ্ধে এনডিপিএস আইনে মামলা রুজু করেছে এবং করিমগঞ্জ সিজেএম আদালতে সোপর্দ করা হবে।

# বিশ্ব অলিম্পিক দিবস পালিত




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন।।** ২৩ শে জুন গোটা দেশ ব্যাপী বিশ্ব অলিম্পিক দিবস পালিত হয়। ১৮৯৪ সালের প্যারিসে প্রথম বিশ্ব অলিম্পিক কমিটি গঠিত হয়েছিল। ১৯৪৮ সালে বিশ্ব অলিম্পিক দিবস হিসেবে ২৩ জুন দিনটিকে স্বীকৃতি দেওয়া হয়।

রাজ্যেও দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। বিশ্ব অলিম্পিক দিবস উপলক্ষে রবিবার ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের উদ্যোগে সকালে রবীন্দ্র ভবনে সামনে থেকে রেলি অনুষ্ঠিত হয়। রেলিতে উপস্থিত ছিলেন ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশন চেয়ারম্যান রতন সাহা, সাধারণ সম্পাদক সুজিত রায়, সভাপতি বিশ্বেশ্বর নন্দী, দীপা কর্মকার, রাজ্য ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত ঘোষ সহ আরো অন্যান্যরা।

মূলত খেলোয়ারদের আরও এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যকে সামনে রেখে এবং আসন্ন অলিম্পিক প্রতিযোগিতায় যাতে রাজ্যের খেলোয়াড়রা অংশগ্রহণ করতে পারে সেই লক্ষ্য নিয়েই আজকের এই বিশ্ব অলিম্পিক দিবসের রেলি অনুষ্ঠিত হয়। রেলিতে অংশগ্রহণ করেছেন রাজ্যের বিভিন্ন খেলোয়াড়রাও।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।